র্যাদর্ভিপ্রযুক্তিষা নিহতা মে তপোধনাঃ!।
হুষ্টা হিংস্থাদিয়ং পাপা যুদ্মান্ প্রত্যগ্রিসম্ভবা ॥১৪১॥
তন্মাদন্ম্যাগতো বিপ্রাঃ! বাসবং মাং নিবোধত।
অলোভাদক্ষয়া লোকাঃ প্রাপ্তা বৈ সার্বকামিকাঃ।
উত্তিষ্ঠধ্বমিতঃ ক্ষিপ্রং তানবাপ্ত বৈ বিজাঃ!॥১৪২॥

ভারতকৌমূদী

মরেতি। অন্তর্হিতানি গোপিতানি। ভগবতাং ভবতাম্ ॥১৩৯॥
বক্ষণেতি। বাতৃধানী রাক্ষণীমূর্ত্তিঃ, কুত্যা অভিচারদেবতা ॥১৪০॥
বুবেতি। মে মরা। প্রত্যারিসম্ভবা যক্তে প্রতিষ্টিতবহ্নিজাতা ॥১৪১॥
তক্ষাধিতি। বাসবমিশ্রম্। তান্ লোকান্। বইপাদোহয়ং গ্লোকঃ ॥১৪২॥

শুনঃসথ বলিলেন—'ঋষিগণ। আপনাবা মৃণাল উন্তোলন কবিয়া, এই তীরে স্থাপন কবিয়াছিলেন; পরে সেই খাত মৃণাল না দেখিয়া যাহা বলিলেন তাহা সত্য; ইহা মিখ্যা নহে। কাবণ, আমিই মৃণাল হরণ করিয়াছি ॥১৩৮॥

নিষ্পাপ মূনিগণ! আমিই এই স্থানে সেই মূণালগুলি গোপন করিয়া রাখিবাছিলাম; এই সেই সকল মূণাল দর্শন করুন। আপনাদের প্রীক্ষার জন্ম আমি ইহা করিয়াছি ॥১৩৯॥

আমি আপনাদেব সকলের রক্ষাব জন্ম আসিবাছি; কারণ, অভিনুশংসা যাতুধানী এই অভিচারদেবতা, আপনাদিগকে বধ করিবাব ইচ্ছা করিয়া-ছিল ॥১৪০॥

তপোধনগণ। রাজা ব্যাদর্ভিব প্রেবিতা যজ্ঞাগ্নিজাতা এই পার্গিষ্ঠা ও ছুষ্টা যাতুধানী আপনাদিগকে বধ কবিবে বলিয়াই আমি ইহাকে বধ করিয়াছি ॥১৪১॥

সেই জন্মই আমি যাসিয়াছি। ব্রাহ্মণগণ। আপনারা আমাকে ইন্স বলিয়া অবগত হউন। ব্রাহ্মণগণ। আপনাবা লোভ পরিত্যাগ করিতে পারায় সর্ব-কামপ্রদ ও অক্ষয় স্বর্গ সকল পাইবাব যোগ্য হইয়াছেন; অভএব সম্বর গাতোখান করুন, সেই স্বর্গ সকল লাভ করুন' ॥১৪২॥

ভীম্ম উবাচ।

ততো মহর্ষয়ঃ প্রীতান্তথেত্যুক্ত্বা পুরন্দরম্।
সহৈব ত্রিদশেন্দ্রেণ সর্বে জগ্মু স্ত্রিবিষ্টপম্॥১৪০॥
এবমেতে মহাত্মানো ভোগৈর্বহুবিধরপি।
ক্ষুধা পরময়া যুক্তাশ্ছন্দ্যমানা মহাত্মভিঃ।
নৈব লোভং তদা চক্রুস্ততঃ স্বর্গমবাপ্পুবন্॥১৪৪॥
তত্মাৎ সর্ববাস্ববস্থাস্থ নরো লোভং বিবর্জয়েছে।
এব ধর্মঃ পরো রাজংস্তত্মাল্লোভং বিবর্জয়েছে।
ইদং নরঃ স্থচরিতং সমবাবেষু কীর্ত্তয়ন্।
ভার্থভাগী চ ভবতি ন চ ছুর্গাণ্যবাপ্পুতে॥১৪৬॥
প্রীয়ন্তে পিতরশ্চান্ত ঋষয়ে। দেবতান্তথা।
যশোধর্মার্থভাগী চ ভবতি প্রেত্য মানবঃ॥১৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামমুশাদন-পর্বাণি দানধর্ম্মে বিদক্তৈভোপাখ্যানে উনাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

ভারতকোমুদী

ভভ ইভি। জিদশেক্রেন দেবরাজেন, জিবিষ্টপং স্বর্গম্॥১৪৩॥

এবমিডি। মহাত্মভির্বাদভিমন্ত্রিভি:, ছন্দ্যমানা অভ্যর্থমানা অণি। বট্পাদোহরং

তত্মাদিতি। পর: উত্তম: "দ্রানাম্মোতমা: পরা" ইত্যমর: ॥>৪৫॥

ইদমিতি। সমবায়েষ্ লোকসমাজেষ্। তুর্গাণি বিপদঃ ॥১৪৬॥

ভীশ্ব বলিলেন—'তাহাব পৰ মহৰ্ষিবা সকলে ইন্দ্ৰকে 'তাহাই হউক' এই কথা বলিয়া ইন্দ্ৰেৰ সহিতই স্বৰ্গে চলিয়া গেলেন ॥১৪৩॥

এইভাবে এই মহাত্মাবা অত্যস্ত ক্ষার্য হইয়াও ব্যাদভি প্রভৃতি কর্তৃক নানাবিধ খাজদাবা প্রলোভিত হইতে থাকিয়াও তখন লোভ করেন নাই; ভাহাতেই তাঁহারা স্বর্গ লাভ কবিয়াছিলেন ॥১৪৪॥

অতএব মানুষ দমস্ত অবস্থাতেই লোভ পরিড্যাগ কবিবে, রাজা। ইহাই পরম ধর্ম; স্মৃতবাং লোভ ত্যাগ কবা উচিত ॥১৪৫॥

মানুষ লোকসমাজে এই স্ক্রিড, কীর্ত্তন করিয়া অর্থভাগী হয় এবং বিপদে পতিত হয় না ॥১৪৬॥

অশীতিতমোহধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ। অত্তৈবোদাহরন্তীমমিতিহাসং পুবাতনম্। যদ্রতং তীর্থবাত্রাবাং শপধং প্রতি তচ্ছ ৃণু॥১॥ পুরুরার্থং কৃতং স্তৈয়ং পুরা ভরতসন্তম।।

রাজর্ষিভিম হারাজ ! তথৈব চ দ্বিজর্ষিভিঃ ॥২॥

ভাবতকৌমুদী

প্রীযম্ভ ইতি। অক্স কীর্ত্তরিত্:। প্রেত্য পরলোকে ॥১৪৭॥ ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রহিরিদাসসিদান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতাহাং মহা-ভারতটিকারাং ভারতকৌমুদীসমাধ্যারামহশাদনপর্বণি দানধর্শে উনাশীতিতমোহধ্যার: ॥०॥

অত্তেতি। বৃত্তং যাতম্, শপথং প্রতি শপথবিষধে ॥১॥

পুৰবেতি। পুরা ইন্দ্রেণ পুৰবার্থং পদ্মার্থং বৈষ্তমং চৌর্ব্য: কৃতম্ , ভবৈধ রাজ্যিতি-ঋষিভিত্র দ্বিভিত্র দ্বিভিশ্চ শপধা: কড়া ইভার্থঃ। এডচ্চ পরস্তাৎ কৃটীভবিশ্বতি ॥২॥

ভাবতভাবদীপঃ

আছা ভক্ষাম, ষত্তক তম মিধ্যেতি সমন্ধ: ॥১৩৮॥ অন্তর্হিতানি অন্তর্ধানং প্রাপিতানি ॥১৩৯—
১৪০॥ অধর্মনিষ্ঠ: কুপ্রতিগ্রহপরাব্যুখো নিষিদ্ধবিজ্ঞিতো মুখ্যং পাত্রমিত্যধ্যাষ্তাংপর্যমু ॥১৪৭॥
ইতি শ্রীমহাভারতে অহশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষ্পীযে ভারতভাবদীপে
উনাশীতিতমোহধ্যায়ঃ ॥৭১॥

আর তাহাব পিতৃগণ, ঋষিগণ ও দেবতাগণ সম্ভষ্ট হন এবং সেই মানুষ পরলোকে যাইয়া যশ, ধর্ম ও অর্থভাগী হয় ॥১৪৭॥

ভীম বলিলেন—'এই বিষয়ে মনস্বীবা আব একটা প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন। যুখিন্ঠিব! ঝিষগণেব তীর্থযাত্রায় শপথ বিষয়ে যাহা ঘটিযা-ছিল, তাহা ভূমি শ্রবণ কর'॥১॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবাজ ! পূর্বকালে দেববাজ ইন্দ্র পদ্ম হবণ কবিয়াছিলেন এবং ব্রহ্মবি ও রাজবিবা তৎকালে শপথ কবেন ॥২॥ খাষয়ঃ সমেতাঃ পশ্চিমে বৈ প্রভাদে সমাগতা মন্ত্রমমন্ত্রয়ন্ত।
চরাম সর্বাং পৃথিবীং পুণ্যতীর্থাং তন্নঃ কামং হন্ত গচ্ছাম সর্বে ॥ ।॥
শুক্রেলাইন্সিরাশ্চৈব কবিশ্চ বিদ্বাংস্তথা হুগস্ত্যো নারদপর্বতো চ।
ভূগুর্বসিষ্ঠঃ কশ্যপো গোতমশ্চ বিশ্বামিত্রো জমদগ্রিশ্চ রাজন্ । ॥ ৪॥
খাষিন্তথা গালবোহথাইকশ্চ ভরদ্বাজোহরুদ্ধতী বালখিল্যাঃ।
শিবির্দিলীপো নহুষোহম্বরীষো রাজা য্যাতির্ধু ক্রুমারোহথ পূরুঃ॥ ৫॥
জগ্মঃ পুরস্কৃত্য মহানুভাবং শতক্রতুং ব্রক্তহণং নরেন্দ্রাঃ।
তীর্থানি সর্বাণি পরিভ্রমন্তে। মাঘ্যাং যুহু কোশিকীং পুণ্যতীর্থাম্॥ ৬॥
(বিশেষকম্)

সর্বেষু তীর্থেষবধৃতপাপা জগাুস্ততো ব্রহ্মসরঃ স্থপুণ্যম্। দেবস্থ তীর্থে জলম্মিকল্লা বিগাহ্ম তে ভুক্তবিসপ্রসূনাঃ॥१॥

ভারতকোমূদী

শ্বর ইতি। সমেতাঃ সমিলিতাঃ, প্রভাবে তীর্থে, মন্ত্রং মন্ত্রণাম্, অমন্ত্রন্ত্রকন্। কামমভিলাবন্ ॥৩॥

শুক্র ইতি। কবি: পর্বতক্ষ ঋষিবিশেষৌ। পুরুরণি রাজভেদ:। পুরস্কৃত্য অগ্রবর্তী-কৃত্য। মান্যাং মান্তপূর্ণিমায়াম্, পুণ্যানি পবিত্রাণি তীর্থানি ঘট্টা মন্তান্ ॥৪—ভা

সর্বেষিতি। অবধৃতং নাশিতং পাপং থৈছে, বন্ধসরো নাম তীর্থম্। ভূকানি বিদ-প্রস্থানি পদাম্ণালানি থৈছে॥१॥

একদা সন্মিলিত ঋষিবা পশ্চিম দেশবর্তী প্রভাসতীর্থে উপস্থিত হইয়া এই মন্ত্রণা করিয়াছিলেন যে, 'আমবা পবিত্র তীর্থযুক্ত সমগ্র পৃথিবী বিচবণ কবিব, আমরা সকলে আমাদের সেই কামনা পূবণ করিব' ॥৩॥

রাজা। শুক্র, অঙ্গিরা, কবি, বিঘান্ অগস্ত্য, নাবদ, পর্বত, ভৃগু, বসিষ্ঠ, কশ্যুপ, গৌতম, বিশ্বামিত্র, জমদগ্নি, গালব, অষ্টক, ভবদাজ ও বালখিল্য ঋষিগণ এবং অক্রন্ধতী, আব শিবি, দিলীপ, নহুব, অম্ববীষ, য্যাতি, ধুরুমার ও পুরুরাজা—ইহারা মহাপ্রভাবশালী বৃত্রহন্তা ইক্রকে অগ্রবর্তী কবিয়া সমস্ত তীর্থে বিচবণ করিতে থাকিয়া মাঘী পূর্ণিমাতে পবিত্র ঘট্টযুক্ত কৌশিকী নদীতে গমন করিলেন ॥৪—৬॥

তাহাব পব অগ্নিব তুল্য তেজস্বী সেই ঋষিগণ, সমস্ত তীর্থে অবগাহন করিয়া, পাপশৃষ্ঠ হইয়া, দেবতীর্থে যাইয়া তাহাব জলে অবগাহনপূর্বেক, তত্রত্য ম্ণাল ভক্ষণ করিয়া অতি পবিত্র ব্রহাসবোববে গমন কবিলেন ॥৭॥ কেচিদ্বিদাশখনংস্তত্ত রাজনতো মৃণালাশখনংস্তত্ত বিপ্রা:।

অথাপশ্যন্ পুক্রং তে ব্রিয়ন্তং হ্রদাদগন্ত্যেন সমৃদ্ধৃতং তৎ ॥৮॥

তানাহ সর্বান্ষিম্খ্যানগন্ত্যঃ কেনাদন্তং পুক্রং মে স্ক্রাতম্।

যুস্মান্ শঙ্কে পুক্রং দীয়তাং মে ন বৈ ভবন্তো হর্তু মইন্তি পদ্মম্ ॥৯॥

শূণোমি কালো হিংসতে ধর্মবীর্যাং সোহয়ং প্রাপ্তো বর্ততে ধর্মপীড়া।
পুরাধর্মো বর্ততে নেহ যাবতাবদগচ্ছামঃ স্করলোকং চিরায় ॥১০॥
পুরা বেদান্ ত্রাহ্মণা গ্রামমধ্যে ঘুইস্বরা ব্যলান্ প্রাব্যন্তি।
পুরা রাজা ব্যবহারেণ ধর্মান্ পশ্যত্যহং পরলোকং ত্রজামি ॥১১॥

ভাবতকোমুদী

टक्टिनिकि। विशानि क्यूनयूगानानि व्यथननः थननः कृषा केन्द्रकायन्। यूगानानि भवानाम्। श्रूकतः भव्रम्, द्विषकः द्वियमागम् ॥৮॥

তানিতি। আদত্তং গৃহীতম্, হ্বজাতম্ৎক্টম্। শব্দে হর্ড্ছেন দলিহে ॥>॥

শ্ণোমীতি। হিংসতে হিনন্তি, ধর্মত বীর্ঘ্যং শক্তিম্, সোহয়ং কালঃ প্রাপ্ত উপস্থিতঃ।

অভএব ধর্মপীতা বর্ত্তত ॥>৽॥

পুরেতি। পুরা আগামিনি কালে "নিকটাগামিকে পুরা" ইতামর:। ঘুইবরা মুক্তকণ্ঠা:।
ব্যবহারেণ বাণিজ্যাচারেণ অর্থগ্রহণেনেত্যর্থ:। প্রাবয়ন্তি পশুতি ইত্যুভযত্তাপি পুরাশন্ববোগান্ভবিশ্বংকালেহপি "প্রয়োগভন্চ" ইতি বর্তমানা ৪১১॥

ভাবতভাবদীপঃ

অজেতি। অত শপথেনৈর নিষিকার্থপ্রকাশনে ॥১॥ পূক্রার্থম্ ইজেণ ভৈন্তং কৃতম্, মুনিভিঃ শপথা: কৃতা ইত্যর্থ: ॥২—- १॥ বিদমুণালযো: ক্ষলকুমুদ্বদ্বান্তরভেদো জ্বেয়:। ছিয়ন্তং ছিয়মাণমূ

রাজা। কেহ কেহ সেই ত্রহ্মসবোববে খনন কবিয়া কুমুদেব মুণাল উর্ত্তোলন করিলেন, অপব ত্রাহ্মণেবা খনন কবিয়া তত্তত্য পদ্মেব মুণাল সংগ্রহ করিলেন। তাহাব পব তাহাবা দেখিলেন—অগস্ত্য হ্রদ হইতে যে পদ্মটী উত্তোলন করিয়াছিলেন, তাহা যেন কে হবণ করিয়া নিয়াছে ॥৮॥

তখন অগস্ত্য সেই ঋষিশ্রেষ্ঠগণকে বলিলেন— 'কে আমার উৎকৃষ্ট পদ্মটী হবণ করিয়াছেন; আমি আপনাদিগকেই পদাহবণকারী বলিয়া মনে করি; আমার পদ্মটী দিন, আমাব পদ্ম আপনাবা হবণ কবিতে পাবেন না ॥॥

আমি শুনিয়া থাকি যে, কাল ধর্মের শক্তি নষ্ট করে; এই সেই কালই উপস্থিত হইয়াছে; তাহাতেই ধর্মপীড়া চলিতেছে; অতএব প্রাচীন ধর্ম, এই পৃথিবীতে যাবং আবাব না চলিতেছে, তাবং আমি দীর্ঘকাল বাস করিবার জন্ম দেবলোকে যাইব॥১০॥

পুরা বরান্ প্রত্যবরান্ গরীয়সো যাবয়রা নাবমংশুন্তি সর্বে।.
তমোত্তরং যাবদিদং ন বর্ততে তাবদ্ব্রজামি পরলোকং চিরায়॥১২॥
পুরা প্রপশ্যামি পরেণ মর্ত্তান্ বলীয়সা তুর্বলান্ ভুজ্যমানান্।
তম্মাদ্যাশ্যামি পরলোকং চিরায় ন হ্যাৎসতে দ্রুষ্ট্র মিহ জীবলোকম্॥১০॥
তমাহুরার্ত্তা শ্বারো মহর্ষিং ন তে বয়ং পুক্ষরং চোরয়ামঃ।
মিথ্যাভিষঙ্গো ভবতা ন কার্য্যঃ শপাম তীক্ষেঃ শপথৈম হর্ষে।॥১৪॥
তে নিশ্চিতান্তব্র মহর্ষযন্ত সংপশ্যন্তো ধর্মমেতং নরেন্দ্রাঃ।
তত্তোহশপত্ত শপথান্ পর্যয়েণ সহৈব তে পার্থিবপুত্রপোর্ট্রেঃ॥১৫॥

ভারতকৌমূদী•

পুরেতি। পুরা আগামিনি কালে গরীয়সো গরীয়াংসো নরাঃ, দর্বে বাবং বরান্ শ্রেষ্ঠান্ অবরান্ প্রতি নিরুষ্টানিব, নাবমংশুন্তি নাবজাশুন্তি, তথা ইনং জগদ্যাবং তমন্তমগুণজনিত-মজ্জানম্ উত্তরমধিকং যত্ত তত্তাদৃশম্। বিদর্গলোপেহিপ সন্ধিরার্যঃ। তাবং চিরায় পরলোকং বজামি ॥১২॥

পুরেতি। মর্ত্যান্ সাম্বান্, ভূজ্যসানান্ অত্যাচারেণ সর্বথা খিল্পমানান্ ॥১০॥
তমিতি। আর্ত্তা মিথ্যানোধারোপেণ পীড়িতাং। অভিবক্ষো দোধারোপং ॥১৪॥
ত ইতি। নিশ্চিতা ন থপু বৃষং পদ্মহারিণ ইতি নিশ্চয়বস্তঃ, ধর্মং ক্সায়ম্। অশপস্ত
অকুর্বন্, পর্যায়েণ ক্রমেণ ॥১৫॥

আগামী কালে গ্রামেব মধ্যে গ্রাহ্মণেবা মুক্ত কণ্ঠে শুত্রগণকে বেদ শুনাইবেন এবং পরবর্ত্তী সময়ে বাজা অর্থ গ্রহণ কবিয়া ধর্ম পর্যালোচনা কবিবেন; অতএব আমি দেবলোকে যাইব ॥১১॥

পরবর্ত্তী কালে সকল প্রধান লোকেবাও যে পর্যান্ত নিকৃষ্ট লোকদিগের স্থায় উৎকৃষ্ট লোকদিগকেও অবজ্ঞা না কবেন এবং এই জগতে যে পর্যান্ত অজ্ঞানই অধিক না হয়, তাহার মধ্যেই আমি দীর্ঘকালেব জন্ম দেবলোকে যাইব॥১২॥

আমি দেখিতেছি, আগামী সময়ে প্রবল লোকেরা হর্বল লোকদিগকে অত্যাচাবে জর্জরিত করিবে; অতএব আমি দীর্ঘকালের জন্ম দেবলোকে যাইব; কিন্তু এই স্থানে থাকিয়া এই মর্ত্ত্যলোক আব দেখিতে ইচ্ছা করি না'॥১৩॥

তখন অস্থান্ত ঋষির। তৃ:খিত হইয়া সেই মহর্ষি অগস্ত্যকে বলিলেন— 'আমবা আপনাব পদ্ম চুবি করি নাই; আপনি আমাদেব উপরে মিথ্যা দোষাবোপ করিবেন না। মহর্ষি। আমরা এবিষয়ে গুরুতর শপ্থ করিতেছি' ॥১৪॥

ভৃগুরুবাচ।

প্রত্যাক্রোশেদিহাকুফস্তাড়িতঃ প্রতিতাড়ষে । খাদেচ পৃষ্ঠমাংসানি যস্তে হরতি পুক্ষরম্ ॥১৬॥ বসিষ্ঠ উবাচ।

অস্বাধ্যাযপরো লোকে শ্বানঞ্চ পরিকর্যন্তু। পুরে চ ভিক্ষুর্ভবতু যন্তে হরতি পুষ্করম্ ॥১৭॥
কশ্যপ উবাচ।

সর্বত্তে সর্ববং পণতু ন্যাসে লোভং করোতু চ। কূটসাক্ষিত্বমভ্যেতু যন্তে হরতি পুঞ্চরম্ ॥১৮॥

ভাবভকৌমূদী

প্রতীতি। পৃষ্ঠমাংসানি পলাষমানানামণি পৃষ্ঠমাংসানি খাদেদশেৎ ॥১৬॥

অবেতি। অস্বাধ্যায়পরঃ অবেদাধ্যয়নপরায়ণঃ, শানং কুর্কুরম্, পরিকর্বতু বিচরণকালে সহচরী করোতু। ভিক্তিকাকারী ॥১৭॥

সর্বব্যেতি। সর্বাম্ অবিক্রেষং মাংসাদিকমণি গণতু বিক্রীণাতু, স্থানে কেনাণি রন্ধিতে ধনাদী কুটসান্ধিতং চ্ছলসাক্ষ্যম্, অভ্যেতু প্রাপ্নোতু ॥১৮॥

ভাবতভাবদীপঃ

ালা আদত্তমাত্তম্ ॥৯॥ অধর্ণ ইতি ছেদ: ॥১০---১১॥ প্রত্যবরামধ্যমান্, তম: অজ্ঞানম্ ॥১২---১৫॥ পৃষ্ঠমাংসানি পৃষ্ঠবাহানাং হষবৃষভোষ্ট্রাদীনাং মাংসানি ॥১৬॥ ভিক্: সন্নাসী ॥১৭॥ পণ্ডু

তখন সেই মহর্ষিবা সেই বিষয়ে মনে মনে নিশ্চয যুক্ত হইযা এবং 'বাজাবাও ইহাই স্থায্য' এইবাপ পর্য্যালোচনা কবিয়া ভাহাব পব সেই রাজপুত্র ও বাজ-পৌত্রগণেব সহিত মিলিত হইযা ক্রমে শপথ কবিতে লাগিলেন ॥১৫॥

ভৃগ বলিলেন—'যে লোক আপনার পদ্ম হবণ কবিয়াছে; সে লোক কেহ গালি দিলে, ফিরাইয়া ভাহাকে গালি দিউক; কেহ ভাডন করিলে, ভাহাকে প্রতিভাড়ন ককক এবং শত্রু পলাইতে লাগিলে পিছনে পিছনে যাইয়া ভাহাব পিঠের মাংস কামড়াইয়া ধকক' ॥১৬॥

বসিষ্ঠ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে ব্যক্তি যেন বেদ পাঠ কবে না, একটা কুকুব সঙ্গে নিয়া চলে এবং নিজেব গ্রামে ভিক্ষা কবে' ॥১৭॥

কশ্যপ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিযাছে, সে লোক সকল স্থানে সকল বস্তু বিক্রয় ককক, গচ্ছিত খনে লোভ ককক এবং ছল সাক্ষী দিউক ॥১৮॥

গোতম উবাচ।

জীবদ্বহঙ্কতো বুদ্ধ্যা বিষমেণাসমেন সঃ। কর্ষকো মৎসরী চাস্ত যস্তে হরতি পুকরম্॥১৯॥ অঙ্গিরা উবাচ।

অশুচিত্র সাকৃটোহস্ত শানঞ্ পরিকর্ষতু। ত্রন্মহানিকৃতিশ্চাস্ত যতে হরতি পুকরম্॥২০॥

ধুকুমার উবাচ।

অকৃতজ্ঞস্ত মিত্রাণাং শুদ্রায়াঞ্চ প্রজায়তু। একঃ সম্পন্নমন্ত্রাতু যতে হরতি পুকরম্॥২১॥

পুরুরুবাচ 1

চিকিৎসায়াং প্রচরতু ভার্য্যা চৈব পুষ্যতু। শশুরাত্বস্থ বৃত্তিঃ স্থাদ্যন্তে হরতি পুকরম্॥২২॥

ভাবতকোমূদী

জীবন্ধিতি। সং অহঙ্কতো গর্কী সন্, বৃদ্ধা বৃদ্ধিপূর্বক্ষেব, বিষমেণ লোকবিরুদ্ধভাবেন অসমেন পক্ষপাতেন চ জীবতু; কর্বকঃ ক্ষবিকারী, মৎসরী লোকবিদ্বেণী চাস্ক ॥১৯॥

অন্তচিরিতি। ব্রহ্ম ব্রাহ্মণেয় কৃট-ছলকারী, খানং কৃকুরঞ্চ, পরিকর্যতু মুগযার্থং সহচরী-করোতু, ব্রাহ্মণো ব্রাহ্মণশু হানিকৃতিঃ ক্তিক্রিয়া যত্মাৎ সঃ ॥২০॥

অকৃতক্ত ইতি। প্রজাষত্ মরণাৎ পরং জাষতাম্। সম্পারং স্বয়ং পকং স্বাত্ বস্তু বা ॥২১॥ চিকিৎসায়ামিতি। ভার্যায়া ভার্যাজিতখনেন, স্বাস্থানং প্রত্ । বৃত্তিজীবনবাতানির্বাহঃ ॥২২॥

গৌতম বলিলেন—'যে লোক আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে লোক অহঙ্কাবী হইয়া বৃদ্ধিপূৰ্ব্বক লোকের বিকদ্ধ ভাবে ও পক্ষপাত সহকারে জীবন ধাবণ করুক এবং কৃষিকাবী ও লোকবিছেষী হউক' ॥১৯॥

অঙ্গিরা বলিলেন—'যে ব্যক্তি আপনার পদ্ম হরণ কবিয়াছে; সে ব্যক্তি অপবিত্র ও ব্রাহ্মণ-বিষয়ে ছলকারী হউক, মৃগয়া করিবাব জন্ম সক্ত্র লইয়া চলুক এবং ব্রাহ্মণের অনিষ্ট ককক'॥২০॥

ধুন্ধুমার বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হরণ করিয়াছে; সে ব্যক্তি মিত্রগণেব নিকটে অকৃতজ্ঞ হউক, শূজাব গর্ভে জন্মগ্রহণ ককক এবং একাকী স্বাত্তব্য ভোজন ককক'॥২১॥

পুक विलालन-'(य वाकि जाभनात भन्न श्वन कविशाह ; तम वाकि

দিলীপ উবাচ।

উদপানপ্লবে গ্রামে ত্রাহ্মণো বুষলীপতিঃ। তস্থ লোকান্ স ব্রজতু যন্তে হরতি পুন্ধরম্ ॥২৩॥

শুক্র উবাচ।

র্থামাংসং সমশ্বাভু দিবা গচ্ছভু মৈথুনম্। প্রেয়ো ভবতু রাজ্ঞ্চ যন্তে হরতি পুক্ষরম ॥২৪॥

জমদগ্রিরুবাচ।

অনধ্যাবেম্বধীবীত মিত্রং প্রান্ধে চ ভোজ্বেং। আদ্ধে শূদ্রতা চাশ্মীযাদ্যস্তে হরতি পুষরষ্ ॥২৫॥ শিবিরুবাচ।

অনাহিতাগ্নিত্রিযতাং যজে বিদ্নং করোতু চ। তপস্বিভির্বিরুধ্যেচ্চ যক্তে হরতি পুষ্করম্ ॥২৬॥

ভাৰতকৌমূদী

উদেতি। উদপানম্ এক: কৃপ এব প্রবো জলদানে নোছারকর্তা বঙ্গিন্ ততা ॥২৩॥

রুখেডি। বুধামাংসমগ্রোক্তিপশুমাংসম্। প্রেক্তো দাস: ॥২৪॥

খনধ্যায়েদিতি। প্রান্ধে সিজভোজনে স্বার্থপ্রযুক্তভয়া ফলাভাব ইডি ভাব: ॥২৫॥

খনাহিভেতি। পরত বজে।২৬।

চিকিৎসাব নিমিত্ত গৃহে গৃহে বিচবণ ককক, ভার্য্যাব অর্জ্জিভ ধনদ্বাবা নিজেব ভবণপোৰণ কৰুক এবং খণ্ডৱ হইতে তাহার জীবনযাত্রা নির্ব্বাহ হউক' ॥২২॥

দিলীপ বলিলেন—'কোন গ্রামে একটী মাত্র কৃপ আছে; সেই গ্রামে এক বান্দণ এক শূজা বিবাহ কবিয়া বহিষাছেন; সেই বান্ধণের যে লোকে গভি হয়, যে আপনাব পদ্ম হবণ কবিয়াছে, ভাহাবও সেই লোকে গডি হউক' ৷৷২৩

শুক্র বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হরণ কবিয়াছে; সে ব্যক্তি বুখা-মাংস ভক্ষণ ককক, দিনের বেলায় মৈথুন ককক এবং বান্ধাব ভৃত্য হউক'॥২৪॥

জমদগ্নি বলিলেন—'যে লোক আপনাব পদ্ম হরণ কবিয়াছে; সে লোক অনধ্যায়ে অধ্যয়ন করুক, প্রাদ্ধে মিত্রকে ভোজন করাউক এবং শুদ্রের প্রাদ্ধে ভোজন করুক'॥২৫॥

मिवि विलियन—'यে लोक जाभनाव भन्न इत्रंग कवियाहि , म लोक অগ্নিহোত্তেব অগ্নি স্থাপন ন। কবিয়াই মৃত্যুমুখে পতিত হউক, পবের যজ্ঞে বিষ্ণু কৰুক এবং সে লোক তপস্থিগণেব সহিত বিরোধ করুক' ৷২৬৷৷

যযাতিরুবাচ।

অনৃতো চ ব্রতী চৈব ভার্য্যায়াং স প্রজায়তু। নিরাকরোতু বেদাংশ্চ যন্তে হরতি পুষ্রমৃ॥২৭॥

নহুষ উবাচ।

অতিথিগৃ হসংস্থোহস্ত কামর্ত্তস্ত দীক্ষিতঃ। বিতাং প্রয়চ্ছতু ভূতো যস্তে হরতি পুক্রম্॥২৮॥

অম্বরীষ উবাচ।

নৃশংসস্ত্যক্তধর্মাস্ত স্ত্রীধু জ্ঞাতিষু গোষু চ। নিহস্ত ব্রাহ্মণঞ্চাপি যন্তে হরতি পুরন্ধ্য ॥২৯॥

নারদ উবাচ।

গৃহজ্ঞানী বহিঃশাস্ত্রং পঠতাং বিস্বরং পদম্। গরীয়দোহবজানাতু যস্তে হরতি পুষরম্॥৩০॥

ভারতকোমুদী

অনুতাবিতি। প্রজাষত্ সঙ্গতো ভবতৃ। নিরাকরোতৃ পরিত্যঞ্জু ॥২৭॥
অতিথিরিতি। গৃহসংস্থোহন্ত অভুক্ত এব গৃহে তিঠতু, দীক্ষিতো যজাদৌ প্রবৃদ্ধোহণি
কামবৃদ্ধঃ স্বেচ্ছাচারী ভবতু, ভূতো বেতনগ্রাহী সন্ ॥২৮॥

নুশংস ইতি। নৃশংসো ঘাতুক:, ভ্যক্তধর্মা দ্যারপধর্মরহিত: ॥২০॥

গৃহেতি। গৃহজানী বহিশ্চ মূর্থো ভবতু, বহিশ্চ শাস্ত্রমন্থসরতু গৃহে চ শাস্ত্রতাগী ভবতু, গরীষলো জনান্ ॥৩০॥

ভাবতভাবদীপঃ

ক্রমবিক্রমং করোতু, সর্বমপণ্যমপি ॥১৮॥ বিগভ: সমভাবো ফ্র্যান্তেনাসমেন কামকোধাদিনা ॥১৯॥ অনিক্রতি: অক্বতপ্রাযশ্চিশু: ॥২০—২৭॥ অতিথির্গতি:, গৃহসংস্থো গৃহবাসী, কামবৃত্তো বর্ণেষ্ট-

যযাতি বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে ব্যক্তি ঋতু ভিন্ন কালে কিংবা ব্রভাচবণ কবিবাব সময়ে ভার্য্যা গমন কবক এবং অধীত বেদ পবিত্যাগ ককক' ॥২৭॥

নহুষ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্ম হবণ কবিয়াছে; ভাহার গৃহে অতিথি—অভুক্ত অবস্থায় থাকুক, যজ্ঞাদি কার্য্যে প্রবৃত্ত হইয়া স্বেচ্ছাচারী হউক এবং বেতন গ্রহণ করিয়া বিভাদান ককক' ॥২৮॥

অম্বীষ বলিলেন—'যে লোক, আপনাব পদ্ম হবণ কবিয়াছে; সে লোক স্ত্রী, জ্ঞাতি ও গোগণেব প্রতি নৃশংস ও দয়াধর্মত্যাগী হউক এবং ব্রহ্মহত্যা করুক' ॥২৯॥ নাভাগ উবাচ। অনৃতং ভাষতু সদা সম্ভিশ্চৈব বিরুধ্যতু। শুল্কেন কন্থাং দদতু যস্তে হরতি পুষ্ণরম্॥৩১॥ কবিরুবাচ।

পদ্ক্যাং দ গাং তাড়যতু দূর্য্যঞ্চ প্রতিমেহতু। শরণাগতং সংত্যজতু যন্তে হরতি পুন্ধরম্ ॥৩২॥

বিশ্বামিত্র উবাচ।

করোতু ভৃতকোহবর্ষাং রাজ্ঞশ্চাস্ত পুরোহিতঃ। ঋত্বিগস্ত হুযাজ্যত্ম যন্তে হরতি পুষরম্॥৩৩॥

পৰ্ব্বত উবাচ।

গ্রামে চাধিকৃতঃ সোহস্ত ধর্যানেন গচ্ছতু। শুনঃ কর্ষতু রুত্ত্যর্থে যন্তে হরতি পুন্ধরম্॥৩৪॥

ভারতকৌমুদী

অনুভমিতি। অত্ত ভাষতৃ দদস্বিত্যুভয়তাপি পরক্ষৈণদমার্থন্। "দদ দানে" ইত্যক্ত প্রয়োগঃ ১৩১৪

পদ্যামিতি। মেহতু মূত্রপুরীবে বিস্তব্জু ।৩২॥

করোম্বিতি। ভূতকো বেতনগ্রাহী ভূত্য:, অবর্ধাং বৈশ্রস্ত ক্লেজে গীনবদনাদিনা বৃষ্টি-নিরোধং করোত্ ।৩৩॥

নারদ বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ হবণ কবিয়াছে; সে ব্যক্তি গৃহে জ্ঞানীব স্থায আচরণ ককক, বাহিবে শান্তামুসারী হউক, বিকৃত স্বন্ধে বেদপাঠ ককক এবং প্রধান শুকজনেব প্রতি অবজ্ঞাকাবী হউক' ॥৩০॥

নাভাগ বলিলেন—'যে আপনাব পদা হরণ কবিয়াছে; সে সর্বাদা মিখ্যা কথা বলুক; সজ্জনেব সহিত বিবোধ ককক এবং শুল্ক গ্রহণ করিয়া কল্পা দান করুক' ॥৩১॥

কবি বলিলেন—'যে লোক আপনার পদ্ম হবণ কবিয়াছে; সে লোক চরণযুগলদ্বারা গো ডাড়ন ককক, স্থা্যেব অভিমুখে মলমূত্র ত্যাগ ককক এবং শরণাগত ব্যক্তিকে পবিভাগ ককক'॥৩২॥

বিশ্বামিত্র বলিলেন—'যে আপনাব পদ্ম হবণ কবিষাছে, সে বৈশ্যের ভূত্য হইয়া, বৈশ্যেবই ক্ষেত্রে বৃষ্টিব বাধা উৎপাদন ককক, বাজাব পুরোহিত হউক এবং অ্যাজ্য যাজন ককক' ॥৩৩॥

⁽७১)...सद्यम जू मन्द कन्नाम्—वन वर्षः।

ভরদাজ উবাচ।

সর্বপাপসমাদানং নৃশংসে চানৃতে চ যৎ। তত্ত্বস্থাস্ত নদা পাপং যস্তে হরতি পুষ্রম্॥৩৫॥ অফক উবাচ।

স রাজাস্তব্যুক্তপ্রজ্ঞঃ কামরত্তশ্চ পাপরুৎ। অধর্ম্মেণাভিশাস্ত্র্বীং যস্তে হরতি পু্ছরম্ ॥৩৬॥ গালব উবাচ।

পাপিষ্ঠেভ্যো হ্বনর্যার্হঃ স নরোহস্ত স্থপাপকৃৎ। দত্তা দানং কীর্ত্তর্যু যস্তে হরতি পুষরম্॥৩৭॥

অরুশ্বজুয়বাচ।

শ্বঞাপবাদং বদতু ভর্ত্তবতু ছর্মনাঃ। একা স্বাছ সমশ্বাতু যা তে হরতি পুক্রম্॥৩৮॥

ভারতকৌমূদী

গ্রাম ইতি। অধিকৃত: পরাধীনা, ধর্ষানেন গর্জভশকটেন। শুনা কুর্কুরান্, বৃত্ত্যর্থে পশুহিংসয়া জীবিকার্থে ॥৩৪॥

নর্বেতি। সর্বেষাং পাপানাং সমানানং গ্রহণম্, অনুতে মিধ্যাবাদিনি ॥৩৫॥

স ইতি। অক্বতপ্রাক্তঃ অশিক্ষিতবৃদ্ধিং, কামবৃত্তঃ বেচ্ছাচারী। উর্ব্বীং পৃথিবীম্ ॥৩৬॥

পাপিঠ ইতি। পাপিঠেভ্যোহপি, অনর্বার্হঃ অপুক্ষাযোগ্যঃ, বেন আত্মনৈব পাপরুৎ ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

চেষ্টাবান্, ভূতো বিত্তেন জীত: ॥২৮—৩২॥ ভূতকো ধান্তবিক্রীত:, বৈখ্যৈ ক্রীত: সন্ অবর্ধা বৃষ্টিনিবন্ধং করোতু ॥৩৩—৩৬॥ পাপিষ্ঠা এব অনর্ঘার্হাঃ অপূজ্যাঃ অয়ম্ভ তভোহপ পুলোহম্ব

পর্বত বলিলেন—'যে ব্যক্তি আপনাব পদ্মহরণ করিয়াছে; সে ব্যক্তি গ্রামে পরাধীন হইয়াথাকুক, গর্দ্ধভ-যানে গমন করুক এবং জীবিকানির্বাহের জন্ম কুকুর লইয়া বিচবণ করুক' ॥৩৪॥

ভরছাজ বলিলেন—'নৃশংস ও মিথ্যাবাদী লোকের যে সকল পাপ হয়; যে আপনার পদ্ম হরণ কবিয়াছে, তাহাব সর্বদা সেই সক্ল পাপ হউক'॥৩৫॥

অষ্ট্রক বলিলেন—'যে রাজা আপনার পদ্ম হরণ কবিয়াছেন; সেই রাজা আশিক্ষিতবৃদ্ধি, স্বেচ্ছাচারী ও পাপকারী হউন এবং অধর্ম অমুসারে বাজ্য শাসন করুন' ॥৩৬॥

গালব বলিলেন—'যে মাত্মৰ আপনাব পদ্ধ হরণ কবিয়াছে; সেই মাত্মৰ পাপিষ্ঠগণ হইতেও অসম্মানের যোগ্য হউক, নিজেই পাপ করুক এবং দান করিয়া ভাহা কীর্ত্তন করিতে থাকুক' ॥৩৭॥ বালখিল্যা উচুঃ। একপাদেন বৃত্ত্যর্থং গ্রামদ্বারে দ তির্চতু। ধর্মজ্ঞস্ত্যক্তধর্মাস্ত যন্তে হরতি পুক্ষরম্॥৩৯॥

ষ্পাহিং ত্রিমনাদৃত্য স স্থং স্থপতু দ্বিজঃ। পরিব্রোট্ কামরভোহস্ত যতে হরতি পুক্রম্॥৪০॥

শুনঃসথ উবাচ।

স্থরভূয়বাচ।

বালজেন নিদানেন কাংস্তং ভবতু দোহনম্। ছুছেত পরবৎসেন যা তে হরতি পুঞ্চরম্॥৪১॥

ভারতকৌমুদী

শব্দিতি। শব্দা ভর্তমাজু: অপবাদং বদজু। বিদর্গলোশেংপি সন্ধিরার্য:। জ্পনা ছইটিস্তা ব্রুচনা

একেতি। প্রামস্ত গ্রামবাসিনো জনস্ত বাবে। শান্তেণ ধর্মজোহপি, ভ্যক্তধর্মা ভ্যক্তধর্ম-কর্মা ।৩৯॥

ষ্মীতি। স্বপতু স্বপিতু। কামবৃত্তঃ স্বেচ্ছাচারী ॥৪০॥

বালজেনেতি। যা গোঁঃ তে পুড়বং পদ্মং হরতি , তত্মা দোহনকালে কাংক্তং কাংক্সময়ন্, দোহনং দোহনপাত্তং ভবতু, সা চ গোঁঃ, বালজেন কেশজাভেন, নিদানেন রক্ষা বদ্ধা সভীক্ষি শেবঃ, পরবংসেন ছুফ্টেড ॥৪১॥

ভাবতভাবদীপঃ

ষতঃ স্বপাপকৃৎ স্বেষ্ জাতিষু পাপকৃদ্গরায়িদানাদিনা বধকৃৎ ।৩৭। স্বর্ধা অপবাদমিডি চ্ছেদঃ ।৩৮—৪০॥ বালজেন নুকেশজেন, ব্যজনেতি পাঠে ব্যজ ব্যক্তি সংজ্ঞকন্তৃণবিশেষ-

অকল্পতী বলিলেন—'যে গ্রী আপনাব পদ হবণ করিয়াছে; সেই স্থী খাশুড়ীর নিন্দা ককক, স্বামীর সম্বন্ধে ছ্ষ্টচিতা হউক এবং একা স্থাছ জ্বা ভোজন করুক'॥৩৮॥

বালখিল্য মুনিবা বলিলেন—'যে লোক আপনার পদ্ম হরণ করিয়াছে; সেই লোক জীবিকানির্বাহের জন্ম নিজের গ্রামেব লোকের ছারে একপাদে দাড়াইয়া থাকুক এবং ধর্মজ্ঞ হইয়াও ধর্মকর্ম ত্যাগ করুক' ॥৩৯॥

শুনঃস্থ বলিলেন—'যে' ব্রাহ্মণ আপনার পদ্ম হরণ করিয়াছেন; ডিনি অগ্নিহোত্রেব অনাদর কবিয়া সুখে নিজা যাউন এবং পরিব্রাজক চটয়াও স্পেচ্ছাচারী হউন' ॥৪০॥

ভীম্ম উবাচ।

ততক্তিঃ শপথেঃ শপ্যমানৈর্নানাবিধৈর্বছভিঃ কৌরবেন্দ্র !।
সহস্রাক্ষাে দেবরাট্ সম্প্রাহ্মন্থ তং কোপনং বিপ্রমুখ্যম্ ॥৪২॥
অথাত্রবীমাঘবা প্রত্যয়ং স্বং সমাভাষ্য তম্বিং জাতরােষম্।
ব্রহ্মবিদেববিন্পর্ষিমধ্যে যং তং নিবােধেহ মমান্ত রাজন্ ! ॥৪৩॥
শক্ত উবাচ।

অধ্বর্ধ্যবে তুহিতরং দদাতু ছলোগে বা চরিতত্রকাচর্ব্যে।
অথর্ববণং বেদমধীতা বিপ্রঃ স্নায়ীত যঃ পুক্রমাদদাতি ॥৪৪॥
সর্বান্ বেদানধীয়ীত পুণ্যশীলোহস্ত ধার্ম্মিকঃ।
ত্রক্ষণঃ সদনং যাতু যত্তে হরতি পুক্ষরম্ ॥৪৫॥

ভাবতকোমূদী

তত ইতি। শণ্যমানৈঃ ক্রিম্নাণৈঃ, তমগন্ত্যম্ ॥৪২॥

অংশতি। মঘবা ইক্স:, প্রত্যন্ত্রসভিপ্রান্ন, বং ক্ষরিম্, তম্ অগন্ত্যম্, মিবোধ মন্তব্য ॥৪৩॥ অধ্বর্যব ইতি। অধ্বর্যাবে মন্ত্র্বেদবিদে, ছন্দোগে সামবেদক্রে। অধ্বর্ধণং তদাখ্যম্। অধ্ববিদে অভিচারবাছলাসত্বাৎ তদধ্যন্ত্রনামন্তরং স্থানং যুক্তমেবেডি ভাবঃ ॥৪৪॥

সর্বানিতি। ধার্মিকো স্তায়বান্ "ধর্মাঃ পুণ্যযক্ষতায়স্বভাবাচারসোমপাঃ" ইত্যমর:। সদনং লোকম্ ॥৪৫॥

স্থ্রতী বলিলেন — 'যে গরু আপনাব পদ্ম হরণ কবিয়াছে, ডাহাব দোহন-কালে কাংস্থনিন্দিত পাত্র দোহনপাত্র হউক এবং কেশজাত রজ্জ্বারা তাহার পাদযুগল বন্ধন করিয়া অশু গক্ব বংসদ্বাবা তাহাকে দোহন ককক' ॥৪১॥

ভীম বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ। তাহাব পর ব্রাহ্মণশ্রেষ্ঠ অগস্ত্যকে কুদ দেখিয়া সেই ঋষিবা, নানাবিধ বছতব শপথ করিতে লাগিলে, দেবরাজ ইন্দ্র তাহাতে সম্ভষ্ট হইলেন ॥৪২॥

রাজা! তদন্ত্তর ইন্দ্র ক্রেদ্ধ অগস্ত্যমূনিকে সম্বোধন করিয়া বলিলেন— 'দেববি, ব্রহ্মবি ও রাজবিগণের মধ্যে, এখন যাঁহাকে তাঁহাকে পদ্মহানী বলিয়া আপনি মনে কঙ্গন, ইহাই আমার নিজের অভিপ্রায় ॥৪৩॥

ইন্দ্র আরও বলিলেন—যিনি আপনার পদ্ধ হবণ করিয়াছেন; সেই ব্রাহ্মণ সমাপ্তবেদ্মচর্য্য, যজুর্বেদজ্ঞ ব্রাহ্মণকে কিংবা সামবেদজ্ঞ ব্রাহ্মণকে কন্সা দান ককন অথবা অথব্বিবেদ অধ্যয়ন কবিয়া স্থান ককন ॥৪৪॥

যিনি আপনার পদ্ম হবণ কবিয়াছেন; তিনি সমস্ত বেদ অধ্যয়ন করুন, ধার্মিক ও স্থায়বান্ হউন এবং ব্রহ্মলোকে গমন ককন' ॥৪৫॥

অগন্ত্য উবাচ।

আশীর্বাদস্ত্রয়া প্রোক্তঃ শপথো বলসূদন !। দীয়তাং পুক্ষরং মহুমেষ ধর্মঃ সনাতনঃ ॥৪৬॥

ইন্দ্ৰ উবাচ।

ন মধা ভগবন্! লোভাদ্দৃতং পুক্ষরমন্ত বৈ।
ধর্মাংস্ত শ্লোতুকামেন হৃতং ন ক্রোদুমর্হসি ॥৪৭॥
ধর্মশ্রেভিসমুৎকর্ষো ধর্মসেতুরনাময়ঃ।
ভার্ষো বৈ শাশ্বতো নিত্যমব্যবোহয়ং ময়া শ্রুভঃ ॥৪৮॥
তদিদং গৃহতাং বিদ্বন্! পুক্ষরং দ্বিজসত্তম!।
ভাতিক্রমং মে ভগবন্! ক্রুমর্হস্তনিন্দিত!॥৪৯॥

ভাবতকৌষুদী

আনীরিতি। আনীর্কাদন্দরা প্রোক্তঃ সর্বেবামের কাম্যন্তাৎ ॥৪৬॥ নেতি। পুরুবং ছদীরং পদ্মস্ ॥৪৭॥

ধর্মেতি। ধর্মশ্রতা সম্ৎকর্ষ: প্রাধান্তং ভবতি, অনাময়ো নিরুপত্রবং, ধর্ম এব সেতৃং সংসারসাগবপারগমনোপয:। আর্ব: ঋবিপ্রোক্তো ধর্ম: শার্মতঃ স্থায়ী, অব্যয: অক্ষয়: ॥৪৮॥ তদিতি। অভিক্রমং ভবদিচ্ছালজ্বনম্ ॥৪২॥

ভাবভভাবদীপঃ

স্তক্ষেন, নিদানং দোহনকালে গ্বাং পাদবন্ধনী বক্ষেন ॥৪১—৪২॥ প্রত্যথমভিপ্রায়ম্ ॥৪৩— ৪৭॥ ধর্মজীনাং সম্যশুংকর্ম; ধর্ম এব সেতৃত্তরণোপায়ঃ ॥৪৮—৫৪॥

ইতি শ্রীমহাভারতে অন্ধশাসনপর্কণি দানধর্ম্মে নৈলক্ষ্পীবে ভারতভাবদীপে অনীতিভমোহধ্যায়: ।।৮০॥

অগন্ত্য বলিলেন—'বলদৈত্যহন্তা ইন্দ্র । আপনি আশীর্কাদম্বরপই শপধ বলিয়াছেন। সে যাহা হউক, আপনি আমাকে পদ্মটী দিন, ইহাই সনাতন ধর্ম্ম'॥৪৬॥

ইন্দ্র বলিলেন—'ভগবন্! আমি লোভবশতঃ আজ আপনাব পদ্ম হরণ করি নাই; ধর্ম শুনিবার জন্মই পদ্ম হবণ কবিয়াছিলাম; অভএব আপনি ক্রোধ করিতে পাবেন না ॥৪৭॥

ধর্ম প্রবণ করায় লোকের উৎকর্ষ হয় এবং ধর্মই সংসারসাগবের পারগমনে নির্রুপজ্ঞর সেতৃ। আজু আমি অক্ষয় স্থায়ী ঋষিপ্রোক্ত এই সকল ধর্ম প্রবণ করিলাম ॥৪৮॥

জ্ঞানী ব্রাহ্মণশ্রেষ্ঠ। আপনি এই সেই পদ্ম গ্রহণ ককন। অনিন্দিত ভগবন্। আপনি আমার এই অপরাধ ক্ষমা ককন' ॥৪৯॥ ইত্যক্তঃ স মহেন্দ্রেণ তপস্বী কোপনো ভূশস্।
জগ্রাহ পুজরং ধীমান্ প্রসমশ্চাভবন্মনিঃ ॥৫০॥
প্রথমুন্তে ততো ভূয়ন্তীর্থানি বনগোচরাঃ।
প্রণ্যেমু তীর্থেমু তথা গাত্রাণ্যাপ্লাবয়ন্ত তে ॥৫১॥
আখ্যানং য ইদং যুক্তঃ পঠেৎ পর্বণি পর্বণি।
ন মূর্থং জনয়েৎ পুত্রং ন ভবেচ্চ নিরাক্তিঃ ॥৫২॥
ন তমাপৎ স্পুশেৎ কাচিদ্বিজ্বরো ন জরাবহঃ।
বিরজাঃ শ্রেমসা যুক্তঃ প্রেত্য স্বর্গমবাপ্লুয়াৎ ॥৫০॥
যশ্চ শাস্ত্রমধীয়ীত ঋষিভিঃ পরিপালিতম্।
স গচ্ছেদ্রেলাণো লোকমব্যয়ঞ্চ নরোন্তম। ॥৫৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতারাং বৈয়াসিক্যামকুশাসন-পর্বণি দানধর্শ্যে শপথবিধিকথনে জ্লীতিত্যোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকোমুদী

ইতীতি। ধীমানগন্ত্যা, প্রসন্মে নিজোপচিত্তা ॥ ০ ।
প্রবৃদ্ধিতি। বনগোচরা বনবাসিনা। অগ্নাবয়ন্তা অমজ্জয়ন্ ॥ ০ ১॥
আখ্যানমিতি। যুক্ত একাগ্রচিতা। নিবাক্ষতিঃ কাম্যলাভাদ্বিচ্যুতিঃ ॥ ০ ২॥
নেতি। কাচিদাপৎ তং ন স্প্শেৎ, বিজবঃ সন্তাপশ্লো ভবেৎ, জরাবহো জরাগ্রন্থো ন
ভবেৎ, বিরজা রজোগুণজনিতত্বশশ্লঃ, ভোয়সা মঙ্গলেন যুক্তশ্চ ভবেৎ, প্রেডা পরলোকে
অর্গমবাপ্নয়াচ্চ ॥ ০ ০॥

ইন্দ্র এই কথা বলিলে তপস্বী ও জ্ঞানী অগস্ত্যমূনি সেই পদ্ম গ্রহণ কবিলেন এবং অত্যস্ত ক্রেদ্ধ হইয়াও তখন প্রসন্ন হইলেন ॥৫০॥

ভাহার পর সেই বনবাসীবা পুনরায় ভীর্থে গমন করিলেন এবং পুণ্যভীর্থে দেহ নিময় করিতে থাকিলেন ॥৫১॥

যে লোক একাগ্রচিত্ত হইয়া প্রত্যেক পর্বের এই উপাখ্যান পাঠ করে, সে
মূর্য পুত্র উৎপাদন করে না এবং কখনও ভাহার অভীষ্ট লাভেব ব্যাঘাত হয়
না ॥৫২॥

আর কোন বিপদ ভাহাকে স্পর্শ কবে না, কোন সন্তাপ হয় না কিংবা জরা ভাহাকে আক্রমণ কবে না এবং তৃঃখশৃহ্য ও মঙ্গলযুক্ত থাকিয়া পবলোকে স্বর্গ লাভ করে ॥৫৩॥

 [&]quot;-- क्टूर्नविकिटियाश्यात्रः'—वक् वर्षः, " अक्टकादिः अपिक् अक्टियाश्यात्रः'—नि ।

একাশীতিতমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

যদিদং শ্রাদ্ধকৃত্যের দীয়তে ভরতর্বভ!।
ছব্রং চোপানহো চৈব কেনৈতৎ সম্প্রবর্ত্তিতম্॥১॥
কথং চৈতৎ সমূৎপন্নং কিমর্থ ঞ্চৈব দীয়তে।
ন কেবলং শ্রাদ্ধকৃত্যে পুণ্যকেম্বপি দীয়তে॥২॥
বছম্বপি নিমিত্তের পুণ্যমাশ্রিত্য দীয়তে।
এতবিস্তরতো রাজন্! শ্রোত্মিচ্ছামি তত্ত্বতঃ॥৩॥

ভীম্ম উবাচ।

শৃণু রাজনবহিতশ্চত্তোপানহবিস্তরম্। ষথৈতৎ প্রথিতং লোকে যথা চৈতৎ প্রবর্ত্তিতম্ ॥৪॥

ভাৰতকৌমুদী

ष ইতি। শাস্ত্রং ধর্ষবিষষকম্। অব্যয়সক্ষম্ ॥ ৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাসীশভট্টাচার্ব্যবিরচিতায়াং মহা-ভারতটাকারাং ভারতকৌম্দীসমাধ্যায়ামস্শাসনপর্কণি দানধর্মে অশীতিতমোহধ্যার: ৪০৪

ৰদিতি। উপানহো চর্মপাছকার্গলম্, এতজানম্ ॥১॥ কথমিতি। সম্ৎপন্নং প্রবৃত্তম্। প্ণ্যকেষ্ ব্রতাদিকার্ব্যেদণি ॥২॥ বছমিতি। নিমিত্তেষ্ পর্কাদিয়ু, আশ্রিত্য উদিশ্র ॥৩॥

নরশ্রেষ্ঠ ! যে লোক ঋষিগণের অমুস্ত ধর্মনাস্ত্র অধ্যয়ন করে, সে লোক অক্ষয় ব্রহ্মলোক লাভ করিয়া থাকে' ॥৫৪॥

---:#:---

যুধিষ্ঠির বলিলেন—'ভরতাশ্রষ্ঠ। শ্রাদ্ধকার্য্যে এই যে ছত্র ও চর্মপাছ্কা দান করে; কোন্ ব্যক্তি ইহা প্রবর্ত্তিত কবিযাছিলেন ? ॥১॥

কি জন্ম ইহা উৎপন্ন হইয়াছিল ? কি জন্মই বা দান কৰে ? কেবল আদ্ধ-কাৰ্য্যে নহে, পুণ্যকাৰ্য্য মাত্ৰেই ইহা দিয়া থাকে ॥২॥

অক্সান্ত বন্ধতর নিমিত্তে ও পুণ্য উদ্দেশ্য কবিষা দিয়া থাকে। ক্ষত্তিয়শ্রেষ্ঠ। ইহা আমি বিস্তবক্রমে ও যথায়থভাবে শুনিতে ইচ্ছা করি'॥आ যথা চাক্ষয্তাং প্রাপ্তং পুণ্যতাঞ্চ যথা গতম্।
সর্বমেতদশেষেণ প্রবক্ষ্যামি নরাধিপ ! ॥৫॥ (যুগ্মকম্)
ইতিহাসং পুরারত্তমিমং শৃণু জনাধিপ ! ।
জমদগ্রেশ্চ সংবাদং সূর্যান্ত চ মহাত্মনঃ ॥৬॥
পুরা স ভগবান্ সাক্ষাদ্ধসুষাক্রীড়ত প্রভো ! ।
সন্ধায় সন্ধায় শরাংশ্চিক্ষেপ কিল ভার্গবঃ ॥৭॥
তান্ ক্ষিপ্তান্ রেণুকা সর্বাংস্তম্ভেম্ন্ দীপ্ততেজসঃ ।
আনীয় সা তদা তিশ্ম প্রাদাদসক্ষ্চ্যত ! ॥৮॥
অথ তেন স শব্দেন জ্যায়াশ্চিব শর্ম্ম চ ।
প্রহায়ঃ সম্প্রচিক্ষেপ সা চ প্রত্যাজহার তান্ ॥৯॥
ততো মধ্যাহ্নমারুটে জ্যেষ্ঠামূলে দিবাকরে ।
স সায়কান্ দ্বিজো মৃত্যু রেণুকামিদমত্রবীৎ ॥১॥॥

ভারতকৌমূদী

শৃথিতি। যথা যেনোদেশেন। অক্ষয়তাসক্ষয়ক্তর্কন্ত্য্ ॥৪—৫॥
ইতীতি। অত্তেতিহাসপদং বৃত্তাস্তমাত্রপরমিতি প্রাগপাসকৃত্তন্ ॥৬॥
পুরেতি। অক্রীভত খেলাসকরোৎ। ভার্গবো জনদন্ধি: ॥१॥
তানিতি। রেণুকা তদাখ্যা জনদন্ধে: পদ্মী, ইযূন্ বাণান্ ॥৮॥
অথেতি। জ্যাযা ধন্তর্প্ত পশ্য, সা রেণুকা ॥১॥

ভীম বলিলেন—'নবনাথ বাজা! তুমি অবহিত হইয়া এই ছত্ত ও চর্মপাত্কা দানের বিষয় বিস্তরক্রমে শ্রবণ কর; জগতে ইহা যে কারণে প্রথিত
হইয়াছিল, যে জন্ম ইহা প্রবর্তিত হয়, যে ভাবে ইহা অক্ষয়ত্ব লাভ করে, যে
কাবণে ইহা পুণ্যজনকতা প্রাপ্ত হইয়াছিল; এই সমস্ত আমি অশেষ ভাবেই
বলিতেছি ॥৪—৫॥

নবনাথ। মহর্ষি জমদগ্নি মহাত্মা ও স্র্য্যের সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্ত তুমি প্রবণ কর ॥৬॥

রাজা। পূর্বেকালে একদা ভৃগুবংশসম্ভূত ভগবান্ জনদণ্ণি ধনুদারা খেলা করিতেছিলেন, সন্ধান করিয়া কবিয়া বাণ নিকেপ করিতেছিলেন ॥৭॥

धर्मवाङ । তৎকালে দীপ্ততেজা জমদগ্নিব পত্নী বেণুকাদেবী, তাঁহার নিক্ষিপ্ত সেই সকল বাণ বার বার আনয়ন কবিয়া জমদগ্নিকে দিতেছিলেন ॥৮॥

তাহার পর জমদগ্নি, ধনুব গুণ ও বাণের সেই শব্দে আনন্দিত হইয়া বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, বেণুকাও তাহা আনয়ন করিতে থাকিলেন ॥৯॥ গচ্ছানয় বিশালাকি! শরানেতান্ ধনুশ্চ্যুতান্।
যাবদেতান্ পুনঃ হুক্র! ক্লিপামীতি জনাধিপ!॥১১॥
সা গচ্ছস্তান্তরা ছাযাং বৃক্ষমান্ত্রিত্য ভামিনী।
তক্ষো তস্থা হি সন্তপ্তং শিরঃ পাদো তথৈব চ॥১২॥
ছিতা সা তু মুহুর্ত্তং বৈ ভর্ত্তঃ শাপভয়াচ্ছভা।
যযাবানয়িত্বং ভূয়ঃ সায়কানসিতেক্ষণা।
প্রত্যাজগাম চ শরাংস্তানাদায বৃষশস্বিনী॥১৩॥
সা বৈ থিয়া স্থচার্বক্সী পদ্যাং ত্রংখং নিয়চ্ছতী।
উপাজগাম ভর্তারং ভয়াত্রকুঃ প্রবেপতী॥১৪॥

ভারতকৌমুদী

ভত ইতি। জ্যেষ্ঠা চ মৃলংকতি জ্যেষ্ঠামূলং তশ্মিন্ স্থিতে সতি। সমাহারছদৈশ্বৰভাব:।
এতেন সৌরাখিনপ্রথমভাগে ব্যাশ্যারোহ্যমাসীদিভি স্ফিড্ম্। তথা চ তদানীং কাছাবামৃদরাৎ মধ্যাক্ষলা এব বৃশ্চিকরাশিষ্টকং জ্যেষ্ঠানক্ষত্রং ধছরাশিষ্টকং মূলানক্ষত্রক সভব্তি।
তৎকাল এব চ দার্ক্ষা এবাতপতাপ: ॥>•॥

গছেতি। বিশালে অক্ষিণী চকুষী ৰক্ষান্তৎসংবাধনম্ ॥১১॥
সৈতি। অন্তর্গা পথিসধ্যে ছায়াং কুর্বস্থিনিতি শেষঃ ॥১২॥
ক্বিতেতি। অসিতেক্ষণা ক্বফনয়না। ষট্পালোহষং শ্লোকঃ ॥১৩॥
সেতি। নিয়ছতী উক্ষয়ন্তিকাতাশাং প্রাপ্নুবতী, প্রবেশতী কম্পমানা ॥১৪॥

ভাহার পর স্থ্য, মধ্যাহ্নকালে যাইযা চক্রভোগ্য জ্যেষ্ঠা বা মূলা নক্ষত্রে অবস্থান করিতে লাগিলে, জমদগ্নি কয়েকটা বাণ ক্ষেপ কবিয়া রেণুকাকে এই কথা বলিলেন—॥১০॥

'বিশালনয়নে। যাও, আমার ধমু হইতে নির্গত এই বাণগুলিকে আনয়ন কর। স্থা আমি পুনরায় এই বাণগুলি নিক্ষেপ কবিব।' নবনাথ। জমদ্মি এইরূপ বলিয়াছিলেন ॥১১॥

রেণুকা গমন করিতে থাকিয়া পথিমধ্যে ছায়াকাবী কোন বৃক্ষ অবলম্বন করিয়া কিছুকাল অবস্থান করিলেন। কাবণ, পূর্ব্যেব কিবণে ভাহার মন্তক ও চরণবৃগল সম্ভপ্ত হইয়াছিল ॥১২॥

গুভাননা রেণুক। মৃহুর্ত্ত কাল সেখানে থাকিয়া ভর্তার শাপেব ভয়ে পুনরায বাণ আনয়ন করিবার জন্ম গমন কবিলেন এবং কৃষ্ণবর্ণনয়না ও যশস্বিনী রেণুকা সেই বাণগুলি লইয়া ফিরিযা আসিলেন ॥১৩॥

স্থচারুদেহা রেণুকা ক্লান্তা হইয়াও এবং পদদ্বযে তৃংখ অমুভব করিতে ধাকিয়াও ভর্তার ভয়ে কাঁপিতে কাঁপিতে ভর্তার নিকট উপস্থিত হইলেন ॥১৪॥

স তাম্বিস্তদা ক্রুদো বাক্যমাহ শুভাননাম। রেণুকে! কিং চিরেণ স্থমাগতেতি পুনঃ পুনঃ ॥১৫॥ রেণুকোবাচ।

শিরস্তাবৎ প্রদীপ্তং মে পাদো চৈব তপোধন!।
সূর্য্যতেজোনিরুদ্ধাহং বৃক্ষছায়াং সমাঞ্রিতা ॥১৬॥
এতক্ষাৎ কারণাদ্রেক্ষং শিচরাধ্যৈতৎ কৃতং ময়া।
এতচ্প্রাক্ষা মম বিভো! মা ক্রুধস্থং তপোধন!॥১৭॥

জমদগ্রিক্লবাচ।

অত্যৈনং দীগুকিরণং রেণুকে । তব ছংখদম্। শরৈনিপাতয়িয়ামি সূর্য্যমন্ত্রাগ্নিতেজসা॥১৮॥ ভীষ্ম উবাচ।

স বিক্ষার্য্য ধনুর্দিব্যং গৃহীত্বা চ শরান্ বহুন্। অতিষ্ঠৎ সূর্য্যমভিতো যতো ঘাতি ততোমুখঃ ॥১৯॥

ভারতকোমুদী

স ইতি। শুভং শুভলকণযুক্তমাননং বস্তান্তাম্ ॥১৫॥
শির ইতি। প্রদীপ্তং সম্বপ্তং পাদৌ চ প্রদীপ্তো স্ব্যক্তিরণতপ্তমৃত্তিকাভাপাৎ ॥১৬॥
প্রভাগাদিতি। চিরায় বিলম্ব ইত্যবং। মা ক্র্য ক্রোধং মা কুরু ॥১৭॥
অন্তেতি। দীপ্তকিরণমূজ্জলরক্মিন্ ॥১৮॥
স ইতি। দিব্যমুক্তমন্। অভিতঃ সমূবে স্থাপয়িদ্বা ॥১৯॥

তখন জমদগ্নি জুদ্ধ হইয়া শুভাননা রেণুকাকে বার বার এই কথা বলিলেন—'রেণুকে। তুমি বিলম্ব করিয়া আগমন করিলে কেন ?'॥১৫॥

রেণুকা বলিলেন—'তপোধন। আমার মস্তক ও চরণযুগল সম্ভপ্ত হইয়া-ছিল; স্তরাং আমি স্র্য্যের তেজে নিকন্ধ হইথা বৃক্ষের ছায়া আশ্রয় করিয়া-ছিলাম ॥১৬॥

ব্রাহ্মণ ৷ এই কারণে আমি এই বিলম্ব করিয়াছি ; অতএব প্রভু ডপোধন ! আপনি ইহা শুনিয়া আমার উপরে ক্রোধ করিবেন না' ॥১৭॥

জমদগ্নি বলিলেন—'রেণুকা! আজ আমি বাণদাবা অর্থাৎ এই বাণের তেন্দে তোমার ত্রংখদাতা এই উজ্জলরশ্বি সূর্য্যকে আকাশ হইতে নিপাতিত ক্ষরিব' ॥১৮॥ অথ তং প্রেক্ষ্য সমন্ধং সূর্য্যোহভোত্য তথাত্রবীং।
দ্বিজরূপেণ কোন্তেয়। কিং তে সূর্য্যোহপরাধ্যতে ॥২০॥
আদত্তে রশ্মিভিঃ সূর্য্যো দিবি তিষ্ঠংস্ততন্ততঃ।
রসং হৃতে বৈ বর্ষাস্থ প্রবর্ষতি দিবাকরঃ ॥২১॥
ততোহমং জায়তে বিপ্র । মকুষ্যাণাং স্থথাবহম্।
অমং প্রাণা ইতি যথা বেদেয়ু পরিপঠ্যতে ॥২২॥
অথাত্রেয়ু নিগুঢ়ক্চ রশ্মিভিঃ পরিবারিতঃ।
সপ্তদ্বীপানিমান্ ব্রক্ষন্ । বর্ষেণাভিপ্রবর্ষতি ॥২০॥
ততন্তদোষধীনাঞ্চ বীরুধাং পুষ্পপত্রজম্।
সর্বং বর্ষাভিনির্ভমন্মং সম্ভবতি প্রভো! ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। সমূদ্ধ বদ্ধকোপম্। বিজ্ञপোণাভ্যেতেতি সমৃদ্ধ: ॥২০॥
আদন্ত ইতি। বাদা প্রাণরক্ষকর্ ॥২২॥
অথেতি। অপ্রেমু নেদেমু, নিগৃত আবৃতঃ ॥২৩॥

ভত ইতি। ওবধীনাং ফলাদিজনিকানাম্, বীরুধাং লভানাম্। বর্ষেণ বৃষ্ট্যা অভিনিবৃত্তিং লক্ষভোভাবেন নিম্পন্নম্, অনং থান্তম্ ॥২৪॥

ভীশ্ব বলিলেন—'তখন জমদগ্নি উৎকৃষ্ট ধন্ধ বিক্ষাবণপূর্বক বহুতর বাণ প্রহণ করিয়া সুর্ব্যের অভিমূথে অবস্থান করিলেন অর্থাৎ সূর্য্য যে দিকে যাইতে-ছিলেন, সেই দিকে যাইয়া তাঁহাব অভিমূখে দাঁড়াইলেন ॥১৯॥

কুন্তিনন্দন! তাহার পব জমদগ্নিকে ক্রুদ্ধ দেখিয়া সূর্য্য প্রাক্ষণকাপে আসিয়া বলিলেন—'সূর্য্য আপনার নিকট কি অপবাধ কবিয়াছেন ॥২০॥

পূর্য্য আকাশে থাকিয়া কিবণদাবা সেই সেই স্বব্য হইতে বস গ্রহণ করেন; সেই রস গ্রহণ হইলে, তিনি আবাব বর্ষাকালে তাহাই বর্ষণ করিয়া থাকেন ॥২১॥

ব্ৰাহ্মণ। সেই বৰ্ষণ হইতে মানুষেব সুখজনক অন্ন উৎপন্ন হয়; সেই অন্ন যে বেদে প্ৰাণরক্ষক বলিয়া কথিত হইতেছে ॥২২॥

ব্রাহ্মণ ৷ ভাহার পব বশ্মিপবিবেষ্টিভ সূর্য্য মেঘেব ভিভরে গুপ্ত থাকিয়া বৃষ্টিদ্বারা এই সপ্তদ্বীপকে প্লাবিভ কবিয়া থাকেন ॥২৩॥

প্রভাবশালী ব্রাহ্মণ। সেই বর্ষণ হইডেই ওষধি-লতার পুষ্প ও পত্রসঞ্চাত সর্বপ্রকার খাজ নিষ্পন্ন হইয়া থাকে ॥২৪॥ জাতকর্মাণি সর্বাণি ব্রতোপনয়নানি চ।
গোদানানি বিবাহাশ্চ তথা যজ্ঞসমুদ্ধয়ঃ ॥২৫॥
শাস্ত্রাণি দানানি তথা সংযোগা বিত্তসঞ্চয়াঃ।
অন্নতঃ সম্প্রবর্তন্তে যথা ছং বেখ ভার্গব!॥২৬॥ (য়ৄয়য়য়য়)
রমণীয়ানি যাবন্তি যাবদারক্তকানি চ।
সর্ববয়য়াৎ প্রভবতি বিদিতং কীর্ত্তয়ায়ি তে॥২৭॥
সর্ববং হি বেখ বিপ্র! ছং যদেতৎ কীর্ত্তিতং য়য়া।
প্রসাদয়ে ছাং বিপ্রর্মে! কিং তে সূর্য্যং নিপাত্য বৈ॥২৮॥
মুধিষ্ঠির উবাচ।

এবং প্রযাচতি তদা ভাস্করে মূনিসত্তমঃ। জমদগ্রিম হাতেজাঃ কিং কার্য্যং প্রত্যপত্তত ॥২৯॥ ভীম্ম উবাচ।

স তথা যাচমানস্থ মুনিরগ্নিসমপ্রভঃ। জমদগ্নিঃ শমং নৈব জগাম কুরুনন্দন ! ॥৩০॥

ভারতকৌমুদী

জাতেতি। জাতকর্মাণ জাতকর্মাদয়ঃ সংস্থারাঃ। শান্তাণি শান্তাধ্যযনাদীনি, সংযোগাঃ দ্বীপুরুষসম্পর্কাঃ ॥২৫—২৬॥

त्रस्यि । वार्यक्ष वस्त्र्नि, व्यात्रक्षकाणि शाजामीनाम् शामकानि वीक्षत्रां शणामीनि ॥२१॥ मर्सिमिष्ठि । दिश्य कानानि । किः कनः क्षत्र ॥२५॥

এবমিতি। প্রযাচতি প্রসাদং প্রার্থয়মানে। প্রত্যপত্তত অকরোৎ ॥২১॥

ভৃগুন্দন। জাতকর্মাদি সংস্কার, সমস্ক ব্রত, উপন্য়ন, গোদান, বিবাহ, যজ্ঞ, শান্ত্রালোচনা, অস্থান্থ দান, স্ত্রী-পুক্ষ সংযোগ ও ধন সঞ্চয় অন্ন হইতেই যে সম্ভবপর হয়, তাহ। আপনি জানেন ॥২৫—২৬॥

জগতে যে কিছু স্থন্দব বস্তু আছে কিংবা যে কিছু উৎপাদক পদার্থ রহিয়াছে, সে সমস্তই অন্ন হইতে সম্ভবপব হয়। এই আপনার বিদিত বিষয়ই বলিলাম ॥২৭॥

ব্রাহ্মণ। আমি এই যাহা বলিলাম, সে সমস্তই আপনি জানেন। সে যাহা হউক, ব্রহ্মবি। আমি আপনাকে প্রসন্ন করিভেছি; সূর্য্যকে নিপাভিড করিয়া আপনার কি ফল হইবে ?'॥২৮॥

যুধিন্তির বলিলেন—'তখন সূর্য্য একপ অনুগ্রহ প্রার্থনা করিলে, মহাতেজা মুনিশ্রেষ্ঠ জমদগ্নি কি কার্য্য করিলেন ?' ॥২৯॥

⁽২৮) ইতঃ পরং'…পঞ্চনবতিভমোহধ্যায়ঃ'বন্ধ বর্দ্ধ, 'ধিচত্বারিংশদধিকশতভমোহধ্যায়ঃ' নি।

ততঃ সূর্য্যো মধুরয়া বাচা তমিদমত্রবীৎ।
কৃতাঞ্জলির্বিপ্ররূপী প্রণমোনং বিশাংপতে। ॥৩১॥
চলং নিমিন্তং বিপ্রর্যে। দদা সূর্যাস্ত গচ্ছতঃ।
কথং চলং ভেৎস্থাদি স্থং দদা যান্তং দিবাকরম্॥৩২॥

জমদগ্রিরুবাচ।

স্থিরং চাপি চলং চাপি জানে ছাং জ্ঞানচক্ষ্মা।
ভাবপ্তাং বিনয়াধানং কার্য্যমন্ত ময়া তব ॥৩৩॥
মধ্যাহ্দে বৈ নিমেষার্জং তিন্ঠিসি স্থং দিবাকর!।
ভাত্র ভেৎস্থামি সূর্য্য! স্থাং ন মেহত্রোন্তি বিচারণা ॥৩৪॥
সূর্য্য উবাচ।

অসংশয়ং মাং বিপ্রার্থে ! ভেৎস্তাসে ধন্মিনাং বর !। অপকারিণং মাং বিদ্ধি ভগবন্ ! শরণাগতম্ ॥৩৫॥

ভারতকোমূদী

গ ইতি। বাচমানত ত্র্যত সহছে, শমং কোণনির্ভিষ্ ॥৩০॥ তত ইতি। তমেনং অসদগ্রিষ্ ॥৩১॥

চলমিতি। সদা গচ্ছত: তুর্যান্ত নিমিতং লক্ষ্যং শরীরম্, চলং গমনশীলম্। অভএব সদা
যাত্তং চলং দিবাকরং কথং ছং ভেংক্তমি বাণৈবিদারয়িয়াসি । ৩২।

ছিন্নমিতি। বিনয়াধানং শিকাধানম্ ।৩৩। মধাক্ ইভি। বিচারণা নান্তি বিনযাধানতাবতকত্বাৎ ।৩৪।

ভীম্ম বলিলেন—'সূর্য্য সেইবাপ অমুগ্রহ প্রার্থনা কবিলেও অগ্নির তুল্য তেম্বর্ণী সেই জমদগ্নি মূনি শাস্ত হইলেন না 🍽 🕬

নরনাথ। তাহার পব আন্দানপী স্ব্য কৃতাঞ্চলি হইয়া প্রণাম করিয়া
মধ্র বাক্যে সেই জমদন্ধি মূনিকে এই কথা বলিলেন—॥৩১॥

'ব্রন্ধার্য। সূর্য্য সর্ব্বদা গমন কবেন; স্মৃতবাং আপনাব লক্ষ্য সূর্য্যের শরীর অত্যন্ত গমনশীল; অতএব আপনি সর্ব্বদা গমনশীল সূর্য্যকে কি প্রকারে বিদারণ করিবেন ?' ॥৩২॥

स्मानि विवादन—'निवाकत । आमि काननयनदाता छोमादक स्थित । स्थानि, स्थानि, स्थानि अपनी क्षिति। त्य यादा इंडेक, स्थास स्थानि स्थानि स्थानि स्थानि । त्य यादा इंडेक, स्थास स्थानि स्थानि स्थानि स्थानि । त्य यादा इंडेक, स्थास स्थानि स्थानिक स्थानि

দিবাকর পূর্যা। তুমি মধ্যাক্ষকালে নিমেবার্দ্ধ সময় স্থির থাক; স্থতরাং আমি সেই সময়ে ভোমাকে বিদীর্ণ কবিব; এবিষয়ে আমার কোন বিচার নাই' ॥৩৪॥

ভীম্ম উবাচ।

ততঃ প্রহস্ত ভগবান্ জমদগ্রিরুবাচ তম্।
ন ভীঃ সূর্যা। স্বয়া কার্যা প্রণিপাতগতো হৃসি ॥৩৬॥
ব্রাহ্মণেষার্জবং যক্ত স্থৈয়ঞ্চ ধরণীতলে।
সৌম্যতাং চৈব সোমস্ত গান্তীর্যাং বরুণস্ত চ ॥৩৭॥
দীপ্তিমগ্নেঃ প্রভাং মেরোঃ প্রভাপং তপনস্ত চ।
এতান্তত্তিকেমেদ্যো বৈ স হল্যাচ্ছরণাগতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
ভবেৎ স গুরুতল্পী চ ব্রহ্মহা চ স বৈ ভবেৎ।
হ্ররাপানং স কুর্যাচ্চ যো হল্যাচ্ছরণাগতম্ ॥৩৯॥
এতস্ত স্থপনীতস্ত সমাধিং তাত। চিন্তায়।
যথা হুখগমঃ পদ্বা ভবেত্বদ্রশিভাবিতঃ ॥৪০॥

ভাবতকৌমূদী

অসংশয়মিতি। অপকারিণমণি মাং শরণাগতং বিদ্ধি ॥৩৫॥ তত ইতি। প্রণিপাতমন্ত্রমুম, গতঃ প্রাপ্তঃ ৪৩৬॥

বান্ধণভেতি। আর্জবং সর্লতাষ্। সৌস্যতাং শীতল্বস্, বৰুণক বৰুণালয়ত সমূত্রত। তপনত স্থাত । অতঃ শর্ণাগতং বাং ন হয়ীতি ভাবং ৪০৭—৩৮॥

ভবেদিভি। গুরুতল্পী গুরুতার্য্যাগামী। শরণাগতহত্যা মহাণাডকত্ব্যেতি ভাবঃ । এতজেতি। অপনীতক্ত ত্র্বাবহারক, সমাধিং পরিহারম, তব বশিভিঃ বির্থাণ ভাবিতঃ সংস্পৃষ্টঃ পদ্বাঃ অধেন গমাত ইতি অধগমো ভবেং ।৪০॥

সুর্য্য বলিলেন—'ধনুর্দ্ধরশ্রেষ্ঠ বন্ধবি! আপনি আমাকে বিদীর্ণ করিবেন, এ বিষয়ে সন্দেহ নাই; তবে ভগবন্! আপনি ইহা অবগত হউন যে, আমি আপনার অপকারী হইলেও এখন শরণাগত হইয়াছি'॥৩৫॥

ভীম বলিলেন—'ভাহার পর ভগবান্ জমদ্রি হাস্ত করিয়া প্র্যুকে বলিলেন—'পুর্যা! তুমি ভয় করিও না। কারণ, তুমি শরণাগভ হইয়াছ ॥৩৬॥

স্বান্ধণের যে সরলতা, পৃথিবীর যে স্থিবতা, চন্দ্রের যে শীতলতা, সমুদ্রের যে গভীরতা, অগ্নিব যে দীপ্তি, সুমেরুর যে প্রভা এবং স্থর্যের যে প্রভাপ এই-গুলিকে যে অভিক্রম কবিতে পাবে, সেই লোকই শরণাগভকে হভ্যা করিতে পারে ॥৩৭—৩৮॥

যে ব্যক্তি শবণাগতকে হত্যা কবে, সেই ব্যক্তি গুকভার্য্যাগামী, ব্রহ্মহত্যা, কারী ও সুরাপায়ী হয় ॥৩৯॥

সে যাহা হউক, বংস। ভোমার এই ত্র্বহারের সমাধানের চিস্তা কর; যাহাতে ভোমার কিরণসংস্পৃষ্ট পথে সুখে গমন করা যায়'॥৪০॥

ভীম উবাচ।

এতাবছজ্বা স তদা ভৃষ্ণীমাসীদৃভৃগুত্তমঃ। অথ সূর্য্যোহদদত্তসৈ ছত্তোপানহমাশু বৈ ॥৪১॥ সূর্য্য উবাচ।

মহর্ষে। শিরসম্ভাণং ছত্রং মদ্রশ্যিবারণম্। প্রতিগৃহ্লীম্ব পদ্যাঞ্চ ত্রাণার্থং চর্ম্মপাত্রকে ॥৪২॥ অন্ত প্রভৃতি চৈবেহ লোকে সংপ্রচরিয়তি। পুণ্যকেষু চ সর্কেষু পরমক্ষয়মেব চ॥৪০॥

ভীশ্ব উবাচ।

ছত্রোপানহমেতত্ত্ব সূর্য্যেণৈতৎ প্রকীর্ত্তিতম্ । পুণ্যমেতদভিখ্যাতং ত্রিষু লোকেষু ভারত ! ॥৪৪॥ তত্মাৎ প্রযাহ বিপ্রেষু ছত্রোপানহমুভ্যম্ । ধর্মন্তেষু মহান্ ভাবী ন মেহত্রান্তি বিচারণা ॥৪৫॥

ভারতকৌমুদী

थणानमिणि। प्योः नीववः, ছलांगानश्मिणि वाकानिकामः ॥४२॥ यहर्व हेलि। जांगः वक्षकम्। शहाः शानत्वाः ॥४२॥

শক্তে । সংপ্রচরিয়তি ছত্ত্রপাত্কাদানম্। পুণ্যকেষ্ ব্রতাদিকর্মস্ক, অক্ষ্যমক্ষ্যকল-জনকং ছত্ত্রপাত্কাদানমিতি শেষঃ ॥৪৩॥

ছত্ত্ৰেডি। ছত্ত্ৰোপানহং ত্ৰোদানম্, এতৎ ত্য়োৰ্য্বহ্ৰণম্, প্ৰকীৰ্ত্তিতং স্ব্যতাপ্ৰাৰণায়। এতৎ ছত্ত্ৰোপানহদানম্ ॥৪৪॥

ভকাদিতি। তেব্ ছজোপানহদানেব্ ॥৪৫॥

ভীন্ম বলিলেন—'তখন ভৃগুবংশশ্রেষ্ঠ জমদন্নি এই পর্যান্ত বলিযা নীরব হইলেন। তাহার পর স্থ্য তৎক্ষণাৎ জমদন্নিকে একটা ছত্র এবং ছইখানি চর্ম-পাছকা দান করিলেন' ॥৪১॥

প্র্য্য বলিলেন—'মহর্ষি। আমার বশ্মিনিবাবক ও মস্তকরক্ষক এই ছত্তটী এবং চরণ রক্ষার জন্ত এই চর্ম্মপাতৃকা তুইখানি গ্রহণ করুন' ॥৪২॥

আজ হইতে এই জগতে এই ছত্র ও চর্ম্মপাত্কা ব্যবহার প্রচলিত হইবে এবং সমস্ত ধর্মকার্য্যে এই ছত্র-পাত্কা দান অত্যস্ত অক্ষয় ফলজনক হইবে ॥৪৩॥

ভীম বলিলেন—'ভরতনন্দন। স্বয়ং স্ব্যদেবই এই ছত্র ও চর্ম্মপাছ্ক। ব্যবহাবের কথা বলিয়াছেন; স্বতরাং ত্রিভ্বনেই এই ছত্র ও পাছ্কা দান পুণ্যজনক বলিয়া কথিত হইযা থাকে ॥৪৪॥ ছত্রং হি ভরতপ্রেষ্ঠ ! যঃ প্রদেষ্টাদ্রিক্সান্তরে।
ত্রং শতশলাকং বৈ স প্রেন্ডা স্থানেধতে ॥৪৬॥
ন শক্রলোকে বনতি পূজ্যনানা বিজ্ঞাতিভিঃ।
অক্সরোভিশ্চ সততং দেকৈচ ভরতর্বভ ! ॥৪৭॥
দ্রুমানায় বিপ্রায় যঃ প্রয়ন্ত্র্যুপানহোঁ।
স্লাতকায় মহাবাহো ! সংশিতার হিজাতয়ে ॥৪৮॥
সোহপি লোকানবাগ্নোতি দৈবতৈরপি পৃক্তিতান্।
গোলোকে স মুন্য মুক্তো বনতি প্রেত্য ভারত ! ॥৪৯॥ (য়ুয়্মক্ম্)
প্রত্তে ভরতপ্রেষ্ঠ ! মরা কার্থ স্ন্যেন কীর্ত্তিত্য্।
ছত্রোপানহদানস্থ ফলং ভরতস্ত্রম । ॥৫০॥
ইতি জ্রীমহাভারতে শতসাহজ্যাং সংহিতারাং বৈয়াসিক্যামনুশাসন-পর্বেণি দানধর্ম্মে ছত্রোপানহোৎপত্রে একাক্ষিতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকোমুদী

ছত্তমিতি। শতং শলাকা বস্ত তং। প্রেত্য পরনোকে, এখতে বর্ছতে । ৪৬। স ইতি। শত্রুলাকে ইন্সলোকে । ৪৭।

বছেতি। ছাত্ৰাল গৃহস্থাল, সংশিতাল দ্লুত্ৰতাল। মুবা আন্দেন ।৪৮—৪**ন** ভারতভাবদীপঃ

ষনিবিদিতি ॥১॥ পুণাতের স্থীপাং ব্রতাংসবের ॥২—১॥ জ্যেতামূলে দক্ষিণাবর্তে অসমাণে ভচক্রে জ্যেতামাণ সম্প্রে পতিতং রোহিন্দিকতং তবের জ্যেতামাণ মূলন্, বধাশতার্থগ্রহণং ত্ব লাভাম্পত্তেংক হেমকে শিবঃপাবনাহকান্বসরাব ॥১০—৫০॥

ইতি জীনহাভারতে অনুশাসনপর্কণি দান্ধর্মে নৈলকটিয়ে ভারতভাবদীপে

একাশীভিতনোইধারা ৮১।

অতএব ষুধিছির। তুনি ব্রাহ্মণগণকে উত্তম ছত্ত ও পাছকা দান কর, তাহাতে গুরুতর পুণ্য হইবে; এবিবয়ে আমার তোন বিচার নাই ।৪৫॥

ভরতশ্রেষ্ঠ ! বে লোক বাহ্মণকে শুস্তবর্গ ও শতশলাকাযুক্ত ছত্র দান করে, সে লোক পরলোকে যাইয়া স্থাধ মবস্থান করে ৪ে৬া

ভরতপ্রেষ্ঠ ! এবং দে ইন্সলোকে যাইয়া বাস করে; তৎকালে ব্রাহ্মণগণ অধ্যুরগণ ও দেবগণ সর্ব্বদা তাহার সম্মান করিয়া থাকেন ৪েগা

মহাবাহ ! ভবতনন্দন ! যে লোক ক্ষ্যের তাপে দহুমান দৃঢ়বত ও গৃহস্থ বাহ্মণকে চর্মপাজ্বাযুগল দান কবে, সে লোকও পরলোকে যাইয়া দেবগণ-পৃঞ্জিত লোক লাভ করে এবং গোলোকে যাইয়া আনন্দিত হইয়া বাস করিতে থাকে ৪৪৮—৪৯৭

वानी ि जिंदा रेशां यः। +

ষুধিষ্ঠির উবাচ।

শুদ্রাণামিহ শুশ্রাষা নিত্যমেবানুবর্ণিতা।
কৈঃ কারণৈঃ কতিবিধা শুশ্রাষা সমূদাহাতা ॥১॥
কে চ শুশ্রাম্যা লোকা বিহিতা ভরতর্বভ!।
শুদ্রাণাং ভরতশ্রেষ্ঠ! ক্রহি মে ধর্মালক্ষণম্ ॥২॥
ভীষ্ম উবাচ।
শুদ্রাণামনুকম্পার্থং যত্নজং ব্রহ্মবাদিনা॥৩॥

ভারতকৌমূদী

এতদিতি। ভরতের্ ভরতবংশীরের্ সত্তম। প্রকৃষ্টদাধো। ॥৫০॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটিকায়াং ভারতকৌমুদীসমাধ্যাধামমূশাসনপর্কণি দানধর্শে একাশীভিতমোহধ্যায়ঃ ॥০॥

-:*:--

শুলাণামিতি। শুশ্রবা বিদ্বাতীনাং পরিচর্যা। সম্দাহতা উক্তা ॥১॥
ক ইতি। লোকাং মর্গাঃ, ধর্মজ লক্ষণং স্বরূপম্ ॥২॥
মত্রেতি। ব্রহ্মবাদিনা বেদবজুণ পরাশরেণ শূরোণামন্ত্রুপার্থং দ্যার্থং ষত্ত্তম্, তাদৃশমিতিহাসং বৃদ্ধান্তং বৃদ্ধা উদাহরন্তি ॥৩॥

ভরতশ্রেষ্ঠ। সাধ্প্রধান! এই আমি ভোমাব নিকটে ছত্র ও চর্ম্নপাত্কা-যুগল দানের সমস্ত ফল বলিলাম'॥৫০॥

---:#:---

যুখিন্তির বলিলেন—'পিতামহ। এই জগতে দিজাতিগণেব সর্বাদা পরিচর্য্যা করাই শৃজদের ধর্ম বলিয়া কথিত হইযাছে। কোন্ কোন্ কারণে কতপ্রকার পরিচর্য্যা উক্ত আছে ?' ॥১॥

ভরতশ্রেষ্ঠ ! বিধাতা পরিচর্য্যাদ্বাবা শৃত্তগণের কোন্ কোন্ লোক বিধান করিয়াছেন ? ভবতবংশপ্রধান ! আপনি আমাব নিকট শৃত্তগণের স্বরূপ বলুন'॥২॥

ইত্যাদিকমধ্যায়য়য়ং বদ বর্ছ পি নান্তি, দক্ষিণাত্যপুস্তক এব দৃখতে।

র্ক্কঃ পরাশরঃ প্রাহ্ ধর্মং শুল্রমনাময়য়ৄ।
অনুগ্রহার্থং বর্ণানাং শৌচাচারসমন্বিতম্ ॥৪॥
ধর্মোপদেশমথিলং যথাবদকুপূর্বকাঃ।
শিস্তানধ্যাপয়ামাস শাস্ত্রমর্থবদর্থবিৎ ॥৫॥
কান্তেন্দ্রিরেণ মানেন শুচিনাইচাপলেন বৈ।
অনুর্বলেন ধীরেণ শান্তেনোত্তরবাদিনা ॥৬॥
অনুর্বেনানৃশংসেন ঋজুনা ব্রক্ষাবাদিনা।
চারিব্রতৎপরেশেব সর্বাস্কৃতহিতাজ্বনা ॥৭॥
অরয়ঃ য়ড়্বিজেতব্যা নিত্যং স্বদেহমাজিতাঃ।
কামকোথোঁ চ লোভশ্চ মানমোহোঁ মদন্তথা ॥৮॥ (বিশেষকয়্)

ভারতকোমূদী

वृष हैि । अवः निर्मनम्, भनामग्रः निक्शवस्य ।॥।

ধর্মেতি। ধন্মশু উপদেশো বন্দিন্ তৎ, অর্থবৎ প্রয়োজনযুক্তম্, অর্থবিৎ শাল্লার্থকঃ পরাশর: ॥৫॥

কান্তেতি। সানেন চিত্তসমূনত্যা, "মানশ্চিউসমূন্নতি" বিত্যমন্ত্র, কান্তাণি সম্ববিধনেজ্যো নির্ভানি ইন্দ্রিয়াণি যক্ত তেন, শুচিনা পবিজেণ, অচাপলেন চাঞ্চল্যবহিতেন। শান্তেন সংঘতন্যনা, উত্তরবাদিনা উত্তমবাক্যবক্ত্রা। ঋজুনা সরলেন, ক্রমবাদিনা সত্যবাদিনা, চান্নিজতংপরেণ সক্তরিজ্ঞতাপরায়ণেন, সর্বভৃতহিতাত্মনা চ জনেন, সং দেহমাম্রিভাঃ, বট্ অর্ন্নো নিডাং বিজেভবাঃ। কে তে বড়িত্যাহ কামেতি ১৬—৮॥

ভীম বলিলেন—'বেদবাদী পবাশব শৃত্তগণের প্রতি দয়া প্রকাশ করিবার জস্তু বাহা বলিয়াছেন, সেই প্রাচীন বৃত্তান্ত এই স্থানেও বৃদ্ধেবা উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

বৃদ্ধ মহর্ষি পরাশব ত্রাহ্মণাদি চারিবর্ণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিবার হুদ্ধ শৌচ ও আচারযুক্ত নির্মাল এবং নিরুপজব ধর্ম বলিয়াছেন ॥৪॥

ভত্ত পরাশর আনুপুর্বীক ধর্মোপদেশযুক্ত ও প্রয়োজনসমন্বিত সকল শাস্ত্র যথাযথভাবে শিষ্যগণকে অধ্যয়ন করাইয়াছেন ॥৫॥

সামুষ মনের উন্নতির গাণে জিতেন্দ্রিয়, পবিত্র, চাঞ্চল্যবিহীন, হুর্বলতাশৃত্র, বৈধ্যশীল, শাস্তবভাব, মধুরভাবী, লোভশৃত্য, দয়।ল্, সরল, সত্যবাদী, সচ্চরিত্র এবং সর্বভৃতের হিতৈষী হইয়া নিজদেহস্থিত ছয়টা শত্রুকে জয় করিবে। সেই ছয় শক্র এই—কাম, কোধ, লোভ, অহয়ার, মোহ ও মন্ততা ॥৬—৮॥

বিধিনা প্রতিমান্থায় শুশ্রের্বনহন্ধতঃ।
বর্ণত্রম্বস্থাতা বথাশক্তি বথাবলম্ ॥৯॥
কর্মণা মনসা বাচা চকুষা চ চতুর্বিধম্।
আন্থায় নিয়মং ধীমান্! শান্ডো দান্ডো জিতেন্দ্রিয়ঃ ॥১০॥
রক্ষোযক্ষজনদ্বেমী শেষামন্থতভোজনঃ।
বর্ণত্রেয়ামাধ্ যথা ভ্রমরো ধর্মমাচরেৎ ॥১১॥ (বিশেষকম্)
যদি শুক্তপ্রপঃ ক্র্যাদ্রেদদৃষ্টেন কর্মণা।
ইহ চাস্থ পরিক্রেশঃ প্রেত্য চাস্থাশুভাগতিঃ ॥১২॥
অধর্ম্মম্যশস্থক তপঃ শুক্তে প্রতিষ্ঠিতম্।
অমার্মেণ তপস্তপ্ত্যা মেচ্ছের্ ফলমার্গুতে ॥১৩॥

ভারতকৌমূদী

বিধিনেতি। প্রতিং বৈর্যান, শুক্রবৃত্ত কমনান্। বর্ণঅয়ত আদ্ধণ-ক্ষজিয়-বৈত্থানান, অন্নতঃ নাধুত্যা। চত্রিবং নিয়নমান্থায়। কর্মনিয়নক্ষেণিগাদিনিবৃত্তিঃ, মনোনিয়নঃ পরদারাদিচিন্তারাহিত্যান, বাঙ্নিয়নঃ পরভং স্নবর্জনন, চক্র্নিয়নত কামেন পরদারাদিদর্শনত্যাগঃ,
শাভঃ সৌন্যচিন্তঃ, দাতঃ ক্ষাবান্। রক্ষোধকা ইব বে জনাতের্ বেষী, শেষেণ আভিগ্যাদিভূক্তাবশিষ্টেন ক্রতং ভোজনং বেন নঃ, ভ্রমরো বথা প্রশার্য্, তথা বর্ণজ্যাৎ গ্রুক্তবেং আহরেং ॥২—১১॥

ষদীতি। তপো হোমাদিসাধাং বৈধক্লেশম্। প্রেত্য পরলোকে ॥১২॥ অধর্শ্যমিতি। অমার্গেণ অশান্তনির্দিষ্টপথেন। সেচ্ছের্ স্থিতং নরকভোগাদিফলম্॥১৩॥

আব বুদ্ধিমান্ মান্ত্ৰ যথাবিধানে ধৈৰ্য্য অবলম্বন কবিষা গুৰুজনেব শুঞাষা-কারী ও অহঙ্কাবশৃশু হইষা, দ্বিজ্ঞাতিগণেব প্রীতিব পাত্র থাকিয়া, শক্তি ও যোগ্যতানুসাবে কর্ম, মন, বাক্য ও চক্ষ্—এই চাবিটীব চতুর্বিধ সংযম অবলম্বন কবিয়া, শাস্তম্বভাব, ক্ষমাশীল, জিতেন্দ্রিয় ও হুর্জনদ্বেষী হইয়া, অতিথিপ্রভৃতি ভোজন করিলে ভদবশিষ্ট অন্ন ভোজন করিতে থাকিয়া, ভ্রমর যেমন পুষ্প হইতে মধু আহরণ কবে, সেইরূপ দ্বিজ্ঞাতি গুরুজন হইতে শিক্ষাদ্বাবা ধর্ম আহরণ কবিবে ॥৯—১১॥

শুদ্র যদি বেদবিধান অনুসারে তপস্থা কবে, ভাহা হইলে ইহলোকে ভাহাব গুরুতর কষ্টমাত্রই হয় এবং পরলোকেও অসদ্গতি হইবা থাকে ॥১২॥

শৃদ্রের তপস্থা অধর্ম ও অযশ উৎপাদন করে এবং শৃদ্র অশাস্ত্রবিহিত পথে তপস্থা করিয়া শ্লেচ্ছযোগ্য ফল ভোগ কবিয়া থাকে ॥১৩॥ অন্যথা বর্ত্তমানো হি ন শূদ্রে। ধর্ম্মইতি।
আমার্গেণ প্রযাতানাং প্রত্যক্ষাত্রপলভ্যতে।
চার্ত্বর্ণ্যপ্রপোতানাং জাতিমূর্ত্তিপরিগ্রহঃ ॥১৪॥
তথা তে হি শকাশ্চীনা কাম্বোজাঃ পারদান্তথা।
শবরাঃ পপ্রবাশ্চেব তুষার্যবনান্তথা ॥১৫॥
দার্বাশ্চ দরদাশ্চিব উচ্জিহানান্তথেতরাঃ।
বেণাশ্চ কঙ্কণাশ্চেব সিংহলা মদ্রকান্তথা ॥১৬॥
কিন্ধিন্ধকাঃ প্রলিক্ষাশ্চ কহ্বাশ্চান্তাঃ সনীরগাঃ।
গিন্ধিকা দ্রবিড়াশ্চিব বর্বরাশ্চ চুকান্তথা ॥১৭॥
কিরাতাঃ পার্বতেয়াশ্চ কোলাশ্চোলাঃ স্থাযকাঃ।
আরকাশ্চেব দোহাশ্চ যাশ্চান্তা মেচ্ছজাতয়ঃ ॥১৮॥
বিক্বতা বিক্তাচারা দৃশ্যন্তে ক্রুর্ন্ধয়ঃ।
অমার্গেণাঞ্জিত সৈতত্তপ্রপার বিদিতং ফলম্।
আমার্গেপাজিত সৈতত্তপ্রেণা বিদিতং ফলম্।
ন নশ্যতি কৃতং কর্মা শুভং বা যদি বাশ্ভন্ম্॥২০॥

ভাবতকৌমদী

অন্তথেতি। তৎফলমেবাহ চাত্রিতি। চাত্র্বর্ণ্যব্যপেতানাং ক্লেচ্ছানাং জাতিস্তি-পরিগ্রহ: শৃদ্রত্ম প্রত্যক্ষাহুপলভ্যতে। বটুপাদোহয়ং শ্লোক: ॥১৪॥

মেছানাই তথেতি। এই কেবাঞিৎ জাতিগতানি, কেবাঞ্চিচ্চ দেশগতানি চ নামানি। তুবারাশ্চ ঘবনাশ্চেতি তে। ইতরো জাতয়ঃ, সনীয়গাঃ সাগরতীরস্থাঃ। থাবৈঃ সহেতি স্থাবকঃ। মেচ্ছলক্ষণমাই দেবলঃ—"গোমাংস্থাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। স্ব্বাচার-বিহীনশ্চ মেচ্ছ ইত্যভিধীয়তে॥" বিকৃতা বিকৃতবেশাঃ॥১৫—১৯॥

শুর অন্য প্রকারে চলিতে থাকিয়া ধর্ম লাভ করিতে পারে না; প্রত্যুত অপথগামী চাতুর্বর্ণ্যাচারবিহীন ফ্লেচ্ছগণের জাতি ও মূর্ত্তি গ্রহণ কবাই শুরের হয়, ইহা প্রত্যক্ষতই জানা যায় ॥১৪॥

শক, চীন, কাম্বোজ, পাবদ, শবর, পপ্লব, ত্যার, যবন, দার্বব, দরদ, উজ্জিহান, বেণ, কন্ধণ, সিংহল, মজক, কিছিদ্ধক, পুলিন্দ, কহন, অন্ধু, সমুদ্রতীর-বাসিগণ, গন্ধিক, জবিড়, বর্ববর, চুচুক, কিরাত, পার্ববিত্তয়, কোল, চোল, খাষ, আরুক, দোহ এবং অক্স যে সকল মেচ্ছ জাতি আছে, তাহারা বিকৃত বেশ, বিকৃতাচার ও ক্রুর বৃদ্ধি ইহা দেখা যায়। ইহারা অশাস্ত্রনির্দিষ্ট পথে ধর্ম অবলম্বন কবিয়াছিল বলিয়া জাত্যস্তর প্রাপ্ত হইয়াছে ॥১৫—১৯॥

অত্রাপ্যেতে বহু প্রাপ্য বিকর্ম তপসার্ভিজতম্।
পাষণ্ডানর্চয়যুস্তি ধর্মকামা রুধাশ্রমাঃ ॥২১॥
এবং চতুর্গাং বর্ণানামাশ্রমাণাঞ্চ পার্থিব!।
বিপরীতং বর্ত্তমানা ফ্লেছা জায়স্ত্যবৃদ্ধয়ঃ ॥২২॥
অধ্যাযধনিনো বিপ্রাঃ ক্ষত্রিযাণাং বলং ধনম্।
বণিকৃত্বমিশ্চ বৈশ্যানাং শুদ্রাণাং পরিচারিকা ॥২০॥
ব্যুচ্ছেদাত্তস্থ ধর্মস্থ নিরয়াযোপপদ্মতে।
ততো ফ্লেছা ভবস্ত্যেতে নির্মণা ধর্মবর্জ্জিতাঃ।
পুনশ্চ নিরয়ং তেষাং তির্মগ্রোনিশ্চ শাশ্বতী ॥২৪॥
যে তু সৎপথমাস্থায বর্ণাশ্রমকৃতং পুরা।
সর্বান্ বিমার্গানুৎস্ক্র স্বধর্মবিধিমাঞ্রিতাঃ ॥২৫॥

ভাবতকোমুদী

অমার্গেতি। অমার্গেণ অশান্তনির্দিষ্টপথেন অজিডন্ত কৃতন্ত ॥২০। অত্তেতি। এতে ক্লেছোঃ, বহু ধনম্, তপসার্জিভম্, বিকর্ম বিক্লম্বর্শমকাং পাপঞ্চ প্রাণ্য ॥২১॥ এবমিতি। এবসনেন প্রকারেণ। জায়ন্তি জায়ন্তে ভবন্তি ॥২২॥

অধ্যাবেতি। অধ্যায়: শাস্ত্রাধ্যযনমেব ধনমেবাসন্তীতি তে। পরিচারিকা বিজ্ঞাতি-পরিচর্ব্যা ॥২৩॥

ব্ৰুচ্ছেদাদিতি। তত্ত বেদোকত । নির্ধাধ নরকায় উপপশুতে তদাচরণম্। নির্দ্ধা নির্দ্ধাং, নির্ধং নরকরপা, শাখতী অবশুভাবিনী। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৪॥

ইহাবা অপথে তপস্থা কবিয়াছিল, তাহাবই এই ফল জানা গিযাছে। সং কর্ম্মই হউক বা অসং কর্মই হউক, তাহা কবিলে, তাহা ফল না জন্মাইয়া নষ্ট হয় না ॥২০॥

এই সকল দেশে এই সকল ক্লেচ্ছেবা খন ও ভপস্থায় অজ্জিভ পাপ সঞ্চয় কবিয়া ধন্ম কামী ও নিক্ষল শ্রম হইযা পাষ্ঠ গুকুব সেবা করিয়া থাকে ॥২১॥

বাজা। অল্ল বৃদ্ধি সেই সকল লোক এইনপে চাবিটী বর্ণ ও চাবিটী আশ্রমেব বিপরীভভাবে চলিতে থাকিয়া শ্লেচ্ছ হইয়া যায় ॥২২॥

শাস্ত্রাধ্যয়ন ত্রাক্সণের ধন, বল ক্ষত্রিযের ধন, বাণিজ্য ও কৃষি বৈশ্যেব ধন এবং দ্বিজ্ঞাতির পবিচর্য্যা শৃজের ধন ॥২৩॥

সেই বর্ণাশ্রমধন্মের অনুষ্ঠান না কবায় তাহাদেব আচবণ নবকের জন্তই হইষা থাকে; তাহাতেই নির্দায় ও ধন্ম বিহীন এই লোকগুলি শ্লেচ্ছ হইয়া যায়; তাহাদের জন্মান্তবে অবশ্রম্ভাবিনী ডির্ঘ্যগ্রোনি ডিতীয় নরকম্বর্ণ হইয়া থাকে ॥২৪॥

সর্বভূতদয়াবন্তো দৈবত দিজপূজকাঃ।
শাস্ত্রদূষ্টেন বিধিনা শ্রেদ্ধা জিতমন্তবং ॥২৬॥
তেষাং বিধিং প্রবক্ষ্যামি ষথাবদকুপূর্বশঃ।
উপাদানবিধিং কুৎস্নং শুশ্রুষাধিগমং তথা ॥২৭॥ (বিশেষকম্)
শিষ্টোপনয়নকৈব মন্ত্রাণি বিবিধানি চ।
তথা শিষ্যপরীক্ষাঞ্চ শাস্ত্রপ্রামাণ্যদর্শনাৎ ॥২৮॥
প্রবক্ষ্যামি ষথাতত্ত্বং যথাবদকুপূর্বশঃ।
শোচকৃত্যন্ত শোচার্থান্ সর্বানেব বিশেষতঃ ॥২৯॥ (যুগ্মকম্)
মহাশোচপ্রভূতয়ো দৃষ্টান্তত্ত্বার্থদর্শিভিঃ।
তত্ত্রাপি শৃত্রো ভিক্ষণামিদং শেষঞ্চ কল্পয়েৎ ॥৩০॥
ভিক্ষ্ভিঃ স্বক্তপ্রতিঃ কেবলং ধর্মমান্ত্রিতঃ।
সম্যগ্দর্শনসম্পর্ম্বর্তাধ্বনি হিতার্থিভিঃ।
অবকাশমিমং মেধ্যং নিশ্মিতং কামবীরুধম্ ॥৩১॥

ভারজকৌমুদী

ষ ইতি। বিমার্গান্ কুপথান্, ব্দিতমক্তবং ক্রোধন্দয়িনঃ। উপাদানবিধিং ধর্মার্জনপ্রকারম্, ভশ্রযাধিগমং পরিচর্য্যাশিক্ষাম্ ॥২৫—২৭॥

শিষ্টেতি। শিষ্টং শান্ত্রোপদিষ্টঞ্চ তৎ, উপনয়নশ্চেতি তৎ। মন্ত্রাণীতি ক্লীবছমার্যম্। শৌচং ক্বতাং কর্ত্ববাং যক্ত তক্ত ॥২৮—২২॥

गट्छि। देनमूहायानः त्यस्याज्ञात्नाथिकदेशाह्यप्य ॥००॥

ভিক্তিরিতি। ভিক্তি: সন্নাসিভি:, স্কৃতপ্রজৈ: প্ণ্যাভিজে:। গতাধনি আচরিত-মার্গে, ইমং মেধ্যং পবিত্তম্, কামবীকধং কামলভারপম্ অবকাশং মলভ্যাগন্থানম্, নির্মিতং

যাঁহারা প্রথমে শান্ত্রদৃষ্টবিধান ও শ্রদারুসারে বর্ণাশ্রমবিহীন সংপথ অবলম্বনপূর্বক সমস্ত কুপথ পবিত্যাগ করিয়া, স্বধন্মের নিয়মে থাকিয়া, সর্বভ্তে দয়ালু, দেববান্ধণপূজক ও ক্রোধবিজয়ী হন, তাহাদের পক্ষে যথাযথভাবে আনুপূর্ববিক সমস্ত ধর্ম গ্রহণের বিধি ও পবিচর্য্যা শিক্ষা আমি বলিতেছি ॥২৫—২৭॥

আর শান্তপ্রামাণ্য অনুসারে যথাযথভাবে আনুপ্রবীক সভ্যরূপে শান্তোপদৃষ্ট উপনয়ন, নানাবিধ মন্ত্র, শিশ্বপরীক্ষা এবং বিশেষভাবে শৌচ-কারীব সমস্ত শৌচার্থ আমি বলিতেছি ॥২৮—২৯॥

তত্তার্থদর্শীরা শাস্ত্রে মহাশোচপ্রভৃতি দেখিয়াছেন, তাহার মধ্যেও শৃত্র ভিক্লগণের এই আচরণ ও অস্থোক্ত আচরণ করিবে ॥৩০॥ নির্জনং সংরতং বৃদ্ধা নিয়তাল্লা জিতেন্দ্রিয়ঃ।
সজলং ভাঙ্গনং স্থাপ্য মৃত্তিকাঞ্চ পরীক্ষিতাম্ ॥৩২॥
পরীক্ষ্য ভূমিং মৃত্রার্থী তত আসীত বাগ্যতঃ।
উদল্পথা দিবা কুর্যাদ্ রাত্রো চেদক্ষিণামুখঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
অন্তহিতায়াং ভূমো ভূ অন্তহিতশিরান্তথা।
অসমাপ্তে তথা শোচে ন বাচং কিঞ্চিদীরয়েই ॥৩৪॥
কৃতক্রত্যন্তথাচম্য গচ্ছমোদীরয়েইটঃ।
শোচার্থম্পবিইত্ত মৃদ্ভাজনপুরস্কৃতঃ ॥৩৫॥
স্থাপ্যং ক্মণ্ডলুং গৃহ্থ পার্শোক্ষত্যামথান্তরে।
শোচং কুর্যাৎ শনৈর্থীরো বৃদ্ধিপূর্ববিষ্য ।
পাণিনা শুদ্ধমৃদকং সংগৃহ্থ বিধিপূর্ববিষ্য ।
বিপ্রহাদ্দ যথা ন স্মার্থণ চোরা ন সংস্পুশেৎ ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

নিরপিতম্। নির্ম্মিতমিতি ভাবে জঃ। তেন চ "গ্রামং গতমনেন" ইত্যাদিবৎ কর্মণি দিতীয়ৈব। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৩১॥

নির্ক্ষনমিতি। সংবৃতমাবৃতং স্থানম্, স্থাণ্য স্থাণযিতা। সক্ষণভাষনস্থাপনং প্রকালনার্থং মৃত্তিভাষাপনক কোপনার্থমিতি বোধ্যম্। আসীত উপবিশেৎ, কুর্ব্যাৎ মৃত্তিভাগাম্ এ২—৩৬॥ অস্তবিতি। আহিতায়ামাবৃতায়াম্, অন্তহিতশিরা আবৃতমন্তবং, শৌচে মৃত্তিভাগের, কর্ষেৎ উচ্চার্রেরং ১০৪॥

হতেতি। কৃতকৃত্যঃ কৃতমূত্তত্যাগঃ। উপবিষ্টো ভবেৎ ।৩৫।

ধর্মাভিজ্ঞ, কেবল ধর্মপথাবলম্বী, সমাক্ জ্ঞানসম্পন্ন ও লোকহিতার্থী সন্ম্যাসীরা সজ্জনাচবিত পথে এই পবিত্র ও কামলতাত্বরূপ মলতাগের স্থান নিরূপণ করিয়াছেন ॥৩১॥

মূত্রত্যাগার্থী মাহ্য ভূমি পরীক্ষা করিয়া, নির্জন ও আর্ড স্থান জানিয়া, জলপাত্র ও পরীক্ষিত মৃত্তিকা লইয়া সংযতিতি, জিতেন্দ্রিয় ও নীবব হইয়া, তাহার পর মৃত্ত্যাগের জন্ম উপবেশন করিবে; দিন হইলে উত্তব মুখ এবং রাত্রি হইলে দুক্ষিণ মুখ হইয়া মৃত্র ত্যাগ কবিবে ॥৩২—৩৩॥

আবৃত স্থানে বসিয়া আবৃত মন্তক হইয়া মৃত্র ত্যাগ কবিবে; কিন্তু মৃত্রত্যাগ সমাপ্ত না হইলে কোন কথা বলিবে না ॥৩৪॥

মূত্রত্যাগ হইয়া গেলে আচমন করিয়া চলিতে থাকিয়া কথা বলিবে না; আর মৃত্তিকা ও জলপাত্র সম্মুখে রাখিয়া মূত্রত্যাগেব জন্ম উপবেশন করিবে ॥৩৫॥

অপানে মৃত্তিকান্তিন্তঃ প্রদেয়ান্ত্রপূর্বশঃ।
হস্তাভ্যাঞ্চ তথা বিপ্রো হস্তং হস্তেন সংস্পৃদেৎ ॥৩৮॥
অপানে নব দেয়া স্থারিতি বৃদ্ধানুশাসনম্।
মৃত্তিকা দীয়মানা হি শোধয়েদ্দেশমপ্রসা ॥৩৯॥
তক্ষাৎ পাণিতলে দেয়া মৃত্তিকান্ত পুনঃ পুনঃ।
বৃদ্ধিপূর্বং প্রযক্ষেন যথা নৈব ক্ষাৃদেৎ ক্ষিজো ॥৪০॥
যথা যাতো হি ন ভবেৎ ক্লেজঃ পরিধানকে।
তথা শুদং প্রমার্জেত শোচার্থং তু পুনঃ পুনঃ ॥৪১॥

ভারতকোমূদী

স্থাপামিতি। ধীরো জনঃ, পার্ষোকভাাং দক্ষিণতা পার্যতা উরোশ্চ অন্তরে মধ্যে স্থাপঃ স্থাপনবোগ্যম্, কমগুলুং গৃহ গৃহীতা সংস্থাপা, বৃদ্ধিপূর্বম্ অন্যচিত্তং যথা তাত্তথা, অসম্বয়ম্ অগাত্রসক্ষং যথা তাত্তথা চ, শৌচং মলমূত্রভাাগং কুর্যাৎ। বিপ্রযো মৃত্রবিন্দবঃ, ন সংস্পৃশেৎ মৃত্রবিন্দুঃ ॥৬৬—৬৭॥

অপান ইতি। অপানে গুলে। হন্তাভ্যাং হন্তয়ো: এতা মতান্তরমাহ অপান ইতি। নব মুক্তিকাং, শোধয়েৎ জ্বলেন, অগ্নসা শীঘ্রম্ এত্যা ভন্মাদিতি। পূনঃ পুনঃ গন্ধনিবৃদ্ধিপর্যান্তমিতি ভাবং। ফিকৌ নিভয়দেশৌ, নৈব স্পৃশেদভামুক্তিকেতি শেষঃ 18০॥

यत्पि । द्रमञ्जः क्रियम् जिमाना कार्यः, পরিধানকে বসনপরিধানস্থানে ॥৪১॥

বৃদ্ধিমান্ মানুষ দক্ষিণ পার্শ্ব ও উরুর মধ্যদেশে স্থাপনযোগ্য কমগুলু রাখিয়া অনক্তচিত হইয়া গাত্রে মৃত্রবিন্দু না লাগে এমন ভাবে ধীরে ধীরে মৃত্র ভ্যাগ করিবে; তাহার পর হস্তদ্ধারা যথাবিধানে নির্দ্দোষ জল গ্রহণ করিয়া মৃত্র নির্গম স্থান প্রকালন করিবে; যাহাতে মৃত্রবিন্দু না হয় এবং যাহাতে সেই বিন্দু উক্দর স্পর্শ না কবে, ভেমন ভাবে মৃত্র ভ্যাগ করিবে ॥৩৬—৩৭॥

মল ত্যাগ হইলে আমুপ্বর্ণীকভাবে মলদ্বাবে তিনবার মৃত্তিকা দিবে এবং হস্তযুগলে মৃত্তিকা দান করিবে; তাহার পর একহস্তদ্বারা অপর হস্ত ঘর্ষণ করিবে ॥৩৮॥

বৃদ্ধগণের উপদেশ এই যে, মলদারে নয়বাব মৃত্তিকা দান কবিবে। সে যাহা ইউক, মৃত্তিকা দেওয়া হইলে জলদারা সহর সেই স্থান প্রকালন কবিবে॥৩১॥

সামুষ অন্যচিত্তে যত্নপূর্বক হস্ত শোধনের জন্ম হস্ততলে বাব বার মৃত্তিকা দান করিবে। মলদারে এমন ভাবে মৃত্তিকা দিবে, যাহাতে সেই মৃত্তিকা নিতম্বদেশ স্পর্শ না করে ॥৪০॥ প্রতিপাদং ততন্তাক্তা শৌচমুখায় কারয়েং।
সব্যে দাদশ দেয়া স্থাঃ তিপ্রস্তিপ্রঃ পুনঃ পুনঃ।
দেয়াঃ কূর্পরকে হন্তে পৃষ্ঠে বন্ধে পুনঃ পুনঃ ॥৪২॥
তথৈবাদশকে দভাচ্চতপ্রস্তুভয়োরপি।
উভয়োহন্তয়োরেবং সপ্ত সপ্ত প্রদাপয়েং ॥৪৩॥
ততৈহিন্তাং মৃতিকাং গৃহু কার্যাং শৌচং পুনন্তয়োঃ।
হস্তয়োরেবনেতদ্ধি মহাশৌচং বিধীয়তে।
ততেহিন্তথা ন কুর্বীত বিধিরেষ সমাতনঃ ॥৪৪॥
উপস্থে মৃত্রশৌচং স্থাদত উদ্ধং বিধীয়তে।
অতেহিন্তথা তু যঃ কুর্যাৎ প্রায়শ্চিন্তীয়তে ভু সঃ ॥৪৫॥

ভারতকৌমূদী

প্রতীতি। উপায় প্রতিপাদম্ভবো: পাদয়োত্তলে, ত্যজা মৃত্তিকা: প্রদায় পৌচং হন্তাদি-ভবিং কাররেৎ কুর্যাৎ। সব্যে বামে হন্তে, বাদশমৃত্তিকা:। পৃঠে হন্তয়োরেব পৃঠবন্ধে, বন্ধে মণিবদ্বরে চ। ষট্পাদোহযং শ্লোক: ॥৪২॥

তথেতি। অনুশক্তি অনুশ্বস্থানে অনুনিমধ্যস্থানে, উভয়োরণি ণাদয়ো: ॥৪৩॥ ডভ ইডি। কার্যাং ভর্মুন্তিকালেপনেন কর্ত্তব্যস্। বটুপাদোহযং গ্লোক: ॥৪৪॥ উপস্থ ইডি। অভো সত্তাৎ প্রকারাৎ, কুর্যাস্থিকাশোচন্ ॥৪৫॥

সেই তবল মৃত্তিকা দিবার সময়ে যাহাতে বস্ত্র পরিধান স্থানে আঘাত না লাগে, তেমন ভাবে গুদ্ধির নিমিত মলহার মার্চ্জন করিবে ॥৪১॥

তাহাব পর উঠিয়া প্রত্যেক পাদতলে মৃত্তিকা দিয়া প্রকালন করিবে, বাম হস্তে দাদশ বাব মৃত্তিকা দিবে এবং দক্ষিণ হস্তে ভিন তিনবার দিবে, আব কুর্পরে (ক্সুইডে), হস্তের ভলে ও পৃষ্ঠে এবং মণিবদ্ধস্থানে বার বার মৃত্তিকা দান করিবে ॥৪২॥

উভয় হস্তেরই অদৃশ্য স্থানে চাবিবার কবিরা মৃত্তিকা দিবে, আর উভয় হস্ততলে সাভ সাভবাব করিয়া মৃত্তিকা দান করিবে ॥৪৩॥

তদনস্তর পুনরায় অশু মৃত্তিকা লইয়া হস্তব্গলের শৌচ করিবে। হস্ত-যুগলের এইরূপ এই শৌচকে মহাশৌচ বলা হয়; স্থতরাং ইহার অশু প্রকার করিবে না; ইহাই চিরস্তন বিধি ॥৪৪॥

উপস্থদেশে মৃত্র শৌচ করিতে হয়, মলদার শৌচের পরে উহা বিহিত ইইয়াছে। যে ব্যক্তি ইহাব অন্থ প্রকাব করিবে, সেই ব্যক্তি প্রায়শ্চিত করিবার যোগ্য হইবে ॥৪৫॥ মলোপহতচেলক্স দ্বিগুল্প বিধীয়তে।
সহপাদমথোরুভ্যাং হস্তশোচমদংশয়ম্ ॥৪৬॥
অবধীরয়মাণক্স সন্দেহ উপজায়তে।
যথা যথা বিশুধ্যেত তত্তথা তত্তপক্রমে ॥৪৭॥
সকর্দমস্ত বর্ষাস্থ গৃহমাবিশ্য সঙ্কটম্।
হস্তয়োর্ম তিকান্ডিব্রঃ পাদয়োঃ ষট্ প্রদাপয়েৎ ॥৪৮॥
কামং দল্ধা গুদে দল্লান্তিব্রঃ পদ্যাং তথৈব চ।
হস্তশোচং প্রকর্তব্যং মূত্রশোচবিধেন্তথা ॥৪৯॥
মূত্রশোচে তথা হস্তো পাদাভ্যাং চামুপূর্ববশঃ।
নৈষ্ঠিকে স্থানশোচে তু মহাশোচং বিধীয়তে ॥৫০॥

ভারতকৌমুদী

মলেতি। মলেন মূত্রেণ বিষ্ঠয়া বা উপহতং দূবিতং চেলং বসনং বস্ত তক্ত, বিশুণং শোচম। পাদাভ্যাং সহেতি সহপাদম্ উক্ত্যাঞ্ সহ ॥৪৬॥

অবৈতি। অবধীরয়মাণস্ত অবজ্ঞয়া শৌচমকুর্বতো জনস্ত আত্মন্তর্কো সন্দেহ উপজায়তে। অতএব বথা যথা বিশুধ্যেত, তথা তস্ত শৌচস্তোপক্রমে আরম্ভে তৎশৌচং কুর্যাৎ ॥৪৭॥

সেতি। সক্ষমং ধথা আন্তথা, সৃষ্টং পরিজনপূর্ণম্ ॥৪৮॥

কাষ্মিতি। কামং যথেষ্টম্, দৰা মলং ত্যক্ত্বা, তিলো মৃত্তিকা:, পদ্ক্যাং পাদ্যো:। মৃত্তশৌচবিধেরহুসারাদিতি শেব: ॥৪১॥

মৃত্রেতি। মৃত্রশোচে কর্ত্তব্যে হতো পাদাত্যাং পাদো চ মৃত্তিকয়া বোজয়েদিভি শেষঃ। নৈটিকে অবশ্যকর্তব্যে, স্থানশোচে উপস্থতকো, মহাশোচং প্রাঞ্জস্ য়৽৽য়

মলসংসর্গবশতঃ যাহাব বস্ত্র দৃষিত হয়, তাহাব দ্বিগুণ শৌচ বিহিত হইয়াছে; নিশ্চয়ই তাহার চবণদ্ম, উক্দয় ও হস্তদ্যের শুদ্ধি করিতে হইবে ॥৪৬॥

শৌচ না কবিলে আত্মশুদ্ধি বিষয়ে সন্দেহ জন্মে; অতএব যেমন যেমন করিলে আত্মণ্ডদ্ধি হয়, তেমন তেমন ভাবেই সেই শুদ্ধি করিবে ॥৪৭॥

বর্ধাকালে কর্দমাক্ত চরণে পরিজনপূর্ণ গৃহে প্রবেশ করিয়া মান্ন্য তিনবার হস্তদ্বয়ে এবং ছয়বার পাদদ্বয়ে মৃত্তিকা দান করিবে ॥৪৮॥

ইচ্ছানুসাবে মলত্যাগ করিয়া গুদেও চরণদ্বয়ে তিন তিনবার করিয়া মৃত্তিকা দিবে এবং মৃত্রশৌচ বিধান অমুসারে হস্তশৌচ করিবে ॥৪৯॥

মৃত্রশৌচ কবিতে হইলে আহুপুর্বীক মৃত্তিকাদ্বাবা হস্তদ্য ও পদদয় লিগু করিবে এবং অবশ্য কর্ত্তব্য উপস্থশৌচ কবিবার সময়ে পুর্ব্বোক্ত মহাশৌচ করিবে ॥৫০॥

ক্ষারোধরাভ্যাং বস্ত্রস্থ কুর্যাচ্ছোচং মুদা সহ।
লেপগন্ধাপনয়নমমেধ্যস্থ বিধীযতে ॥৫১॥
স্নানশাট্যাং মুদন্তিন্তো হস্তাভ্যাসমূপূর্বশঃ।
শোচং প্রযন্তঃ কৃষা কম্পমানঃ সমুদ্ধরেৎ ॥৫২॥
দেয়াশ্চতস্রন্তিন্তো বা দ্বে বাপ্যেকাং তথাপদি।
কালমাদান্ত দেশঞ্চ শোচস্থ গুরুলাঘবম্ ॥৫৩॥
বিধিনানেন শোচস্ত নিত্যং কুর্যাদতন্তিতঃ।
অবিপ্রেক্ষমন্ত্রান্তঃ পাদো প্রকাল্য তৎপরঃ ॥৫৪॥
অপ্রক্ষালিতপাদস্ত পাণিমামণিবদ্ধনাৎ।
অধস্তাত্বপরিষ্টাচ্চ ততঃ পাণিমুপস্পুশেৎ ॥৫৫॥

ভাৰভকোমুদী

কারেতি। কারোধরাত্যাং তদাখ্যাত্যাং মৃত্তিকাবিশেষাত্যাম, বল্পত মলদ্বিতক্ত, শৌচং ত্তিম্। লেপো মললগ্রতা মলক গদশ্চ তলোরপনয়নং দ্বীকরণম্, অমেধ্যক্ত অপবিজ্ঞ বন্ধানেঃ ॥৫১॥

ষানেতি। মূলো দেয়া: । কম্পানা: ম্পানমানা, সম্করেজ্বাভাম্ভোলয়েৎ ৫২॥
দেয়া ইন্ডি। মৃত্তিকা ইন্ডি শেব: । গুরুলাঘবং কুর্যাৎ ৫০॥
বিধিনেতি। জবিপ্রোক্ষম্ উৎস্টং মলং মৃত্তক অপশুন্, তৎপরা শোচপ্রায়ভঃ ৫৫॥
অপ্রেতি। পানিং প্রকাল্যেতি শেব: । উপস্পাশেৎ প্রকালবেৎ ৫৫॥

মাত্র্য মৃত্তিকা-ক্ষাব ও ঔবধদাবা সলদ্বিত বক্সেব শোধন কবিবে। কারণ, অপবিত্র বন্ধপ্রভৃতির সললেপ ও মলের গদ্ধ দূব কবা বিহিত হইয়াছে ॥৫১॥

ছুই হস্তদারা আয়ুপূর্বীক স্নানবন্ত্রে তিনবাব মৃত্তিকা দিবে। এইভাবে যত্নপূর্বক শোধন কবিয়া সঞ্চালিত দেহে প্রক্ষালনপূর্বক জল হইতে সেই বস্ত্র উত্তোলন করিবে ॥৫২॥

আপংকালে চারিবার, তিনবার, ছইবার বা একবাব মৃত্তিকা দিবে। কারণ, দেশ ও কাল অনুসারে শোধনেব গুকলাঘব কবা উচিত মংগ্র

মানুষ সতর্ক হইয়া এই বিধানে সর্বাদাশোঁচ করিবে এবং শোঁচকারী লোক চরণদ্ব প্রকালন কবিয়া পবিত্যক্ত মল বা মূত্র দর্শন না করিয়া স্থিরভাবে চলিয়া যাইবে ॥৫৪॥

পাদপ্রক্ষালন করিবাব পূর্বের মণিবদ্ধদেশ হইতে হস্ত প্রক্ষালন করিবে এবং হস্কের তলে ও উপবে জল লাগাইবে ॥৫৫॥ মনোগতাস্ত নিঃশব্দা নিঃশব্দং ত্রিরপঃ পিবেৎ।
দ্বির্মুখং পরিষ্কজাচ্চ খানি চোপস্পা শেদ্বুধঃ ॥৫৬॥
ঋথেদং তেন প্রীণাতি প্রথমং যঃ পিবেদপঃ।
দ্বিতীয়স্ত যজুর্বেদং তৃতীয়ং সাম এব চ ॥৫৭॥
মুজ্যতে প্রথমং তেন অথব্বা প্রীতিমাপ্নু য়াৎ।
দ্বিতীয়েনেতিহাদক পুরাণস্থৃতিদৈবতাঃ ॥৫৮॥
যচক্ষুষি সমাধতে তেনাদিত্যস্ত প্রীণয়েৎ।
প্রীণাতি বায়ুং স্ত্রাণক দিশন্চাপ্যথ প্রোত্রয়োঃ ॥৫৯॥
দ্রহ্মাণং তেন প্রীণাতি বম্মুর্দ্ধনি সমাপ্রেৎ।
সমুৎক্ষিপতি চাপোদ্ধ মাকাশং তেন প্রীণয়েৎ।
প্রীণাতি বিষ্ণুঃ পদ্যাস্ত সলিলং বৈ সমাদধৎ ॥৬০॥

ভারতকৌমুদী

আচমনমাহ মন ইতি। মনোগতা হৃদয়পর্যন্তগামিনী: নি:শবাদ্য, অণে। জলম্, নি:শবং জি: পিবেং, বিমুখং পরিযুজ্যাৎ, পরং খানি নাসিকাদিরস্কুানি উপস্পূশেৎ ।৫৬॥

ত্তিরপাং পানে ফলান্তাহ করেদমিতি। তেন পানেন ॥৫ १॥

মৃদ্ধ্যত ইতি। বেন প্রথমং মৃদ্ধাতে তস্ত তেন প্রথমমার্জনেন। দিতীবেন মার্জনেন প্রীণয়তীতি শেষঃ ॥৫৮॥

ৰদিতি। চক্ৰি ৰং সমাধতে অঙ্গুলিং স্থাণয়তি। দ্ৰাণং নাসিকাং স্পৃশন্ বাযুং-প্ৰীণাতি প্ৰীণয়তি, শ্ৰোত্ৰযোঃ স্পৰ্শকাৰী চ দিশঃ প্ৰীণয়তি ॥৫১॥

বৃদ্ধিমান্ লোক হৃদয়পর্যান্তগামী ও শব্দশৃত্য জল নিঃশব্দে তিনবার পান কবিবে। তাহাব পর তৃইবাব স্থস্পর্শ এবং এক একবাব নাসিকা প্রভৃতিব রন্ধ্যু স্পর্শ করিবে ॥৫৬॥

যে লোক প্রথমবার জল পান কবে, তাহাব তাহাতে ঋথেদ সন্তুষ্ট হয়, আব দ্বিতীয়বাব পানে যজুর্বেবদ এবং তৃতীয়বাব পানে সামবেদ সন্তুষ্ট হইযা থাকে ॥৫৭॥

আচমনকারী প্রথমবাব যে মুখ মার্জ্জন কবে, তাহাতে অথর্ববেদ প্রীতি লাভ করিয়া থাকে; আর দিতীয়বার মুখমার্জনে ইভিহাস, পুবাণ ও স্মৃতি-শাস্ত্রের দেবভারা সম্ভষ্ট হন ॥৫৮॥

আচমনকারী চক্ষুতে যে অঙ্গুলি স্থাপন করে, তাহাতে সূর্য্য সম্ভষ্ট হন, আব নাসিকা স্পর্শে বায়ু এবং কর্ণযুগল স্পর্শে দিক্ সকল সম্ভষ্ট হইয়া থাকে ॥৫৯॥ প্রাদ্ম্থোদল্পে বাপি অন্তর্জানুরুপস্পৃশেৎ।
সর্বত্র বিধিরিত্যের ভোজনাদির নিত্যশঃ ॥৬১॥
অন্মের্ দন্তলগ্রের্ উচ্ছিফঃ পুনরাচমেৎ।
বিধিরের সমৃদ্দিফঃ শোচে চাভ্যক্ষণং স্মৃতম্ ॥৬২॥
শুদ্রবৈশ্যর বিধিদ্ ফো গৃহানিজ্রনতন্ততঃ।
নিত্যং স্ব্রপ্রশোচন বর্ত্তিব্যং কৃতাশ্বনা।
যশস্কামেন ভিক্ষভাঃ শুদ্রেণাশ্বহিতার্থিনা ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈধাসিক্যামনুশাসন-পর্বিণি দানধর্মে দ্যুশীতিত্যোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমূদী

ব্ৰহ্মাণমিতি। সমাপয়েৎ হন্তং স্থাপ্ৰেং। অপো জলম্, যদ্দ্ধং সমূৎক্ষিপতি ভেনাকাশং প্ৰীণবেং। পদ্ধাং পাদযোঃ। যটুপাদোহয়ং শ্লোকঃ॥৬০॥

প্রাঙ্ইতি। প্রাঝ্থোদমুখ ইতি বিসর্গলোপেহণি সদ্ধিরার্য:। অন্তর্জান্তর্জান্ত্র্গল-মধ্যে স্থাপিতহত্তঃ, উপস্পুশেৎ আচামেৎ ॥৬১॥

আরেষিতি। অরেষিতি ভূক্তবন্ধনাত্ত্রোগলকণন্। তদরাদিকমৃদ্ত্য মৃথং প্রকাল্য পুনরাচামে
দিত্যর্থ:। অত্র প্রাথশ্চিন্ততন্ত্ব্বতা স্বৃতির্থণা—"দন্তলগ্ধনশংহার্ব্যং লেণং মন্তেত দন্তবং। ন তত্ত্ব বহুশঃ কুর্ব্যাদ্বন্ধমৃদ্ধরণে পুনঃ। ভবেদশোচমত্যর্থং তৃণবেধাদ্বণে ক্বতে॥"॥৬২॥

শূরুত্মেতি। অনুপ্তশোচেন শৌচযুক্তেন, কৃতাত্মনা শিক্ষিতর্দ্ধিনা, ভিক্ষ্ত্য: দকাশাদ্-যশকামেন। বট্পাদোহয়ং শ্লোকঃ ১৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসনিদাস্তবাসীশভট্টাচার্য্যবিরচিতাষাং মহা-ভারতটীকাষাং ভারতকৌমুদীসমাধ্যাযামজুশাসনপর্বণি দানধর্মে ঘাশীভিতমোইধ্যায়: ॥•॥

আচমনকারী মস্তকে যে হস্ত স্থাপন করে, তাহাতে ব্রহ্মা প্রীতি লাভ কবেন, উপবেব দিকে যে জলক্ষেপ কবে, তাহাতে আকাশ সম্ভষ্ট হয়, আব চবণযুগলে জলক্ষেপ কবিলে বিষ্ণু প্রীতি লাভ করেন ॥৬০॥

মানুষ পূর্ব্বমুখ বা উত্তবমুখ হইষা জানুদ্বযেব মধ্যে হস্ত রাখিয়া আচমন কবিবে। ভোজনপ্রভৃতি সমস্ত কার্য্যে সর্বেদা এই বিধি জানিবে ॥৬১॥

অর প্রভৃতি দন্তে সংলগ্ন থাকিলে মানুষ উচ্ছিষ্ট থাকে বলিযা পুনরায় আচমন কবিবে, এই বিধি উক্ত হইল। ইহাব শুন্ধি বিষয়ে অভ্যুক্ষণও কর্ত্ব্যা ॥৬২॥

গৃহ হইতে নির্গত হইবাব সমযেও শৃজেব এই বিধি দেখা যায়। শিক্ষিত বৃদ্ধি, নিজহিতার্থী এবং সন্মাসিগণেব নিকট যশ অভিলাষী শৃজ সর্বদা শৌচ-যুক্ত হইয়া চলিবে' ॥৬৩॥

ত্রাশীভিতমোহধ্যায়ঃ।

---%*:---

পরাশর উবাচ।

ক্ষত্রা আরম্ভয়ন্তান্ত বীর্যয়ন্ত। বিশঃ স্মৃতাঃ।
শূদ্রাঃ পরিচরায়ন্ত। জপয়ন্তান্ত ত্রাহ্মণাঃ ॥১॥
শুদ্রান্তাবিনঃ শূদ্রা বৈশ্যা বিপণিজীবিনঃ।
আনিই্টনিগ্রহাঃ ক্ষত্রা বিপ্রাঃ স্বাধ্যায়জীবিনঃ॥২॥
তপসা শোভতে বিপ্রো রাজন্তঃ পালনাদিভিঃ।
আতিথ্যেন তথা বৈশ্যঃ শৃদ্রো দাস্থেন শোভতে ॥০॥
যতাত্মনা তু শৃদ্রেণ শুশ্রেষা নিত্যমের চ।
কর্ত্ব্যা ত্রিষু বর্ণেষু প্রায়েণাশ্রমবাসিষু॥৪॥

ভারতকৌমূদী

ক্ষত্রা ইতি। স্বারভাতে স্থনেনতি স্বারম্ভ উৎসাহো বজ্ঞা বজ্ঞবৎ প্রাণান্যেন।প্রায়ণীয়ো বেষাং তে। এবমক্সত্র। বীর্ষ্যং ধনবলং বজ্ঞো বেষাং তে, পরিচর। পরিচর্ব্যা বজ্ঞো বেষাং তে ॥১॥

শুশ্রবৈতি। বিপণিভিন্তদ্গতবাণিজ্যৈজীবন্তীতি তে। অনিষ্টানাং নিগ্রহো নির্ন্তির্বেভ্য-ন্তে। স্বাধ্যাযেন বেদেন জীবন্তীতি তে॥২॥

তপসেতি। রাজন্ত: ক্ষত্রিয়া, দান্তেন বিদ্বাতিভূত্যকেন ।৩। যতেতি। যতাত্মনা সংযতচিত্তেন। আশ্রমবাসিষ্ গৃহস্থেষ্ ॥৪॥

প্রাশ্ব বলিলেন—'ক্ষত্রিয়েব উৎসাহই যজ্ঞ, বৈশ্যের ধনবলই যক্ত, শুজের দ্বিজাতি প্রবিচ্য্যাই যজ্ঞ এবং ক্রাক্ষণেব জ্বপই যজ্ঞ ॥১॥

শৃত্যণ শুজাষাজীবী, বৈশ্যগণ বাণিজ্যদ্বাবা জীবিকানির্বাহকারী, ক্ষত্রিয়-গণ রাজ্যেব অনিষ্ট নিবৃত্তি কবিয়া জীবন ধারণ করেন এবং ব্রাহ্মণেরা বেদাধ্যয়ন্দ্রাবা জীবিকানির্বাহ কবিয়া থাকেন ॥২॥

ব্ৰাহ্মণ তপস্থাদ্বাবা শোভা পান, ক্ষত্ৰিয়গণ রাজ্যপালন প্রভৃতিদ্বারা শোভিত হন, বৈশ্য অতিথিসংকাবদ্বাবা শোভা লাভ করেন এবং শৃ্স্ত দ্বিজ্ঞাতিব দাস্থদ্বাবা শোভা পায় ॥৩॥

শৃজ সংযত্তিত হইয়া গৃহস্থ, বান্ধাণ, ক্ষত্ৰিয় ও বৈশ্যেব প্ৰায় সৰ্বদাই শুশ্ৰাৰা ক্ৰিবে ॥৪॥ অশক্তেন ত্রিবর্গস্থ সেব্যা হাল্রমবাসিনঃ।

যথাশক্যং যথাপ্রজং যথাধর্মং যথাপ্রতম্ ॥৫॥

বিশেষেণের কর্ত্তব্যা শুল্রারা ভিক্ষুকাশ্রমে।
আশ্রমাণাস্ত্র সর্বেষাং চতুর্নাং ভিক্ষুকাশ্রমম্।
প্রধানমিতি বর্ণ্যন্তে শিক্তাঃ শাস্ত্রবিনিশ্চযে ॥৬॥

যচ্চোপদিশ্যতে শিক্তিঃ শ্রুভিন্মতিবিধানতঃ।
তথাস্থেমশক্তেন স ধর্ম ইতি নিশ্চিতঃ ॥৭॥

অতোহগ্রথা তু কুর্বোণঃ লোগো নাপ্নোতি মানবঃ।
তত্মান্তিক্ষুর্ শৃদ্রেণ কার্য্যমাত্মহিতং সদা ॥৮॥

ইহ যৎ কুরুতে লোয়ন্তৎ প্রেত্য সমুপাশ্রুতে।
তচ্চানসূবতা কার্য্যং কর্ত্তব্যং যদ্ধি মন্ততে ॥৯॥

ভাবতকোমুদী

অশক্তেনেতি। ত্তিবর্গক্ত ধর্মার্থকাসানাং স্বয়ং সম্পাদন ইতি শেবঃ ॥ ।
বিশেষেণেতি। ভিক্কাশ্রমং প্রধানং ক্রমন্ত শিষ্টাং, তে শিষ্টান্ক প্রধানং বর্ণান্তে ম্নিভিন্
বিতি ষ্থাক্থকিত্পপত্তিঃ। বটুপাদোহ্যং শ্লোকঃ ৮৬॥

ষদিতি। আন্থেমং বিশাস্তম্, অশক্তেন স্বমং নিশ্চেত্মিতি শেষঃ ॥ ।। অভ ইতি। কাৰ্য্যং সেৱনং কৰ্ত্তব্যম্ ॥ ৮॥

ইহেতি। ইহ লোকে শ্রেষো মধলজনকং পুণাম্, প্রেড্য পরলোকে। যৎ কার্য্যং শ্রেষো মন্ততে অনস্থতা তৎ কার্য্যং কর্তব্যম্ ॥>॥

শূব্দ নিজে নিজে ধর্ম, অর্থ ও কাম সম্পাদনে অসমর্থ হইলে শক্তি, বুদ্ধি, ধর্ম ও শিক্ষা অমুসাবে গৃহস্থ দ্বিজাতিগণেব সেবা কবিবে ॥৫॥

শূর সন্মাসাশ্রমে থাকিয়া বিশেষভাবে সন্মাসীদেব শুঞায়া কবিবে। কাবণ, মুনিবা সমস্ত চাবিটী আশ্রমের মধ্যেই সন্মাসাশ্রমকে প্রধান বলেন এবং শাস্ত্রীয় নির্ণয় অনুসাবে সন্মাসীদিগকেও প্রধান বলিয়া থাকেন ॥৬॥

মুনিবা শ্রুতি ও স্মৃতিব বিধান অনুসারে যে উপদেশ দেন, স্বযং নির্ণয়ে অশক্ত লোক তাহাব উপবেই,বিশাস করিবে এবং তাহাকেই ধর্ম বলিয়া স্থিব কবিবে॥৭॥

মামুষ ইহার অন্থ বকম কবিলে মঙ্গল লাভ কবে না; অভএব শৃত্ত নিজেব হিতজনিকা সন্ন্যাসিগণেব পবিচর্য্যা কবিবে ॥৮॥

মান্তব ইহলোকে যে পুণ্যকার্য্য কবে, পরলোকে ভাহার ফলভোগ করিয়া

অসূরতা তু তন্তেহ ফলং তু:খাদবাপ্যতে।
প্রিরবাদী জিতক্রোধাে বীততন্ত্রীরমৎসরঃ ॥১০॥
ক্ষমাবান্ শীলসম্পন্ধঃ সত্যধর্মপরায়ণঃ।
আপদ্ভাবেন কুর্যাদ্ধি শুশ্রেষাং ভিক্ষুকাঞ্রমে ॥১১॥ (যুগ্মকম্)
অরং মে পরমাে ধর্মস্থনেনেদং স্তত্ত্বরম্।
সংসারসাগরং ঘারং তরিয়ামি ন সংশয়ঃ ॥১২॥
বিভয়াে দেহমুৎস্ক্র্য যাস্থামি পরমাং গতিম্।
নাতঃ পরং মসাপ্যন্থ এষ ধর্মঃ সনাতনঃ ॥১০॥
এবং সঞ্চিন্তা মনসা শুদ্রো বৃদ্ধিসমাধিনা।
কুর্যাদবিমনা নিত্যং শুশ্রমা ধর্মমুক্তমম্ ॥১৪॥
শুশ্রমা নিয়মেনেই ভাব্যং শিক্ষাশিনা সদা।
শমান্বিতেন দান্তেন কার্যাকার্যবিদা সদা ॥১৫॥

ভারতকৌমুদী

অস্যতেতি। অস্যতা কৃতস্ম তস্ত কার্যাস্থ্য ফলং হুংখাদ্দুংখরপমেব। বীততন্ত্রীভাজালস্থা, অসংসরো দ্বেশ্সুঃ। আগস্তাবেন অযমাপন্ন ইত্যাশ্যেন ॥১০—১১॥
অথ কন্তস্ত শ্ব্রস্থ ভাব ইত্যাহ অযমিতি। ইদং ধর্মম্। অনেন ধর্মেণ ॥১২॥
বিভব ইতি। বিভয়ো নির্ভয়ঃ। এব বিজাতিশুক্রমান্নপঃ।১৩॥
এবমিতি। বৃদ্ধেঃ সমাধিনা একাগ্রতনা॥১৪॥

थारक ; माञ्च य कार्या ভान मत्न करत, अनुयान् इहेशा मिट कार्या कतिरव ॥॥

আব অস্থাযুক্ত হইয়া কাষ্য কবিলে, ভাষাব ফলস্বৰূপ তৃঃখই ভোগ কৰে। সে যাহা হউক, প্রিয়বাদী, ক্রোধশৃত্য, আলস্থবিহীন, দ্বেবহিত, ক্ষমাযুক্ত, সংস্থভাবসম্পন্ন ও সত্যধর্মপবায়ণ হইয়া এবং নিজে বিপন্ন ইহা ভাবিয়া শৃত্ত সন্মাসাশ্রমে সন্মাসিগণেব পবিচর্ঘা কবিবে ॥১০—১১॥

ইহাই আমাব প্রমধর্ম ; এই ধর্ম অন্তের পক্ষে অভিচ্ছর ; স্ত্বাং এই ধর্মের গুণেই আমি ভয়ঙ্কর সংসাবসাগর পার হইব ; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১২॥

আমি নির্ভয়ে দেইত্যাগ করিয়া প্রমণ্ডি লাভ কবিব, ইহার অধিক আমাবও অহা ধর্ম নাই; স্কুডবাং ইহাই আমাব সনাতন ধর্ম ॥১৩॥

এইবাপ মনে মনে চিস্তা করিয়া অবিষয়চিত্ত হইয়া শূজ একাগ্রচিত্তে সর্বদা উত্তম শুঞাষাধর্ম কবিতে থাকিবে ॥১৪॥ সর্বকার্য্যের কুত্যানি কুতান্যেব ভু দর্শবেৎ।
যথা প্রিয়ো ভবেন্দ্রিস্কুন্তথা কার্য্যং প্রসাধ্যেৎ ॥১৬॥
যদকল্প্যং ভবেন্ধিকোর্ন তৎ কার্য্যং সমাচরেৎ।
যথাশ্রমস্থাবিরুদ্ধং ধর্মমাত্রাভিসংহিত্য ॥১৭॥
তৎকার্য্যমভিচারেণ নিত্যমেব শুভার্থিনা।
মনসা কর্মণা বাচা নিত্যমেব প্রসাদ্যেৎ ॥১৮॥ (যুগ্মক্ম্)
ভাতব্যং ভিষ্ঠমানের গচ্ছমানানস্করেন্ধেৎ।
আসীনেম্বাসিতব্যঞ্চ নিত্যমেবাসুবর্ত্ততা ॥১৯॥
ধর্মলন্ধেন স্নেহেন পাদো সম্পীড়বেৎ সদা।
উদ্বর্তনাদীংশ্চ তথা কুর্য্যাদপ্রভিচোদিতঃ ॥২০॥

ভাবতকৌমুদী

ভশ্রেছে। ভাবাং ভবিতব্যম্, শিষ্টাশিনা পরিষনভূজাবশিষ্টভোজিনী, শম্বিভেন শন্তরিশ্রিয়দমনযুক্তেন, দান্তেন বহিরিশ্রিয়দমনাবিতেন ॥১৫॥

সর্ব্বেডি। কুড্যানি অবশ্রকর্ত্তব্যানি কর্মাণি। প্রিবং সম্ভই: ॥১৬॥

যদিতি। অকল্যমকরণীয়ম্। ধর্মাত্রায় অভিসংহিতং ভিক্ষোরভীষ্ট্রম্। শুভাধিনা শুত্রেণ, প্রসাদয়েত্তিক্মিতি শেবং ॥১१—১৮॥

স্থাতব্যমিতি। সম্বর্ত্তা সম্সরতা শৃত্রেণ ॥১৯॥

ধর্মেতি। ধর্মণকেন স্বাস্থ্যভাবাৎ প্রাপ্তেন, সম্পীভয়েৎ সংবাহয়েৎ। উত্তর্জনাদীন্ মুদ্ভস্মাদীন্, স্প্রচোদিতো ভিক্না স্প্রেরিড এব ॥২•॥

শুল এইরূপ শুলাষাব নিয়মে থাকিষা প্রত্যন্থ পবিজনভূকাবশিষ্টভোজী এবং সর্বাদাশম ও দমযুক্ত হইবে, আর কর্ত্তব্য ও অকর্ত্তব্য বিবেচনা কবিবে ॥১৫॥ সমস্ত কার্য্যের মধ্যে যাহা অবশ্য কর্ত্তব্য, তাহা কবা হইয়াছে বলিয়া সন্মাসীকে 'দেখাইবে এবং যাহাতে সন্মাসী সম্ভষ্ট হন, তেমন ভাবে কার্য্য সম্পাদন করিবে ॥১৬॥

যে কার্য্য সন্ন্যাসীব পক্ষে অকর্ত্তব্য হইবে, সে কার্য্য কবিবে না। আগ্রমেব পক্ষে যাহা অবিক্রজ এবং যে কার্য্য কেবল ধর্মেব জন্ম অভীষ্ট, শুভার্থী শৃত্ত নির্বিবচারে সর্বদা সেই কার্য্য কবিবে এবং মন, কর্ম ও বাক্যদ্বাবা সর্ব্বদাই সন্মাসীকে প্রসন্ন রাখিবে ॥১৭—১৮॥

সন্ন্যাসীরা দাঁড়াইরা থাকিলে দাঁড়াইযা থাকিবে, গমন কবিতে লাগিলে অমুগমন কবিবে এবং উপবিষ্ট হইলে উপবিষ্ট হইবে; সুল কথা, শৃত্ত সর্বদাই সন্মাসীদের অমুবর্তী হইবে ॥১৯॥

নৈজকার্য্যাণি কৃষা তু নিত্যং চৈবাসুচোদিতঃ।

যথাবিধিরুপম্প শ্য সংশ্যস্ত জলভাজনম্॥২১॥
ভিক্ষুণাং নিলয়ং গত্বা প্রণম্য বিধিপূর্বকম্।
ব্রহ্মপূর্ব্বান্ গুরুংস্তত্ত প্রণম্য নিয়তেন্দ্রিয়ঃ॥২২॥
তথাচার্য্যপুরোগাণামপুর্ক্যালমক্রিয়াম্।
স্বধর্মচারিণাঞ্চাপি হুখং স্পৃষ্ট্বাভিবাত্ত চ॥২০॥
যো ভবেৎ পূর্বসংসিদ্ধস্তল্যকর্মা ভবেৎ সদা।
তথ্যৈ প্রণামঃ কর্ত্তব্যো নেতরেয় কদাচন ॥২৪॥ (কলাপকম্)
অ্মুক্ত্বা তেয়ু চোখায় নিত্যমেব যতব্রতঃ।
সংমার্জনমথো গত্বা কৃষা চাপ্যুপলেপনম্॥২৫॥
ততঃ পুষ্পবলিং দত্তাৎ পুষ্পাণ্যাদায় ধর্মতঃ।
নিক্রম্যাবস্থাত্ত্র্ণমন্তৎ কর্ম্ম স্মাচরেৎ ॥২৬॥ (যুগ্যকম্)

ভাবতকোমূদী

নৈছেতি। ুনৈজানি নিজসঘন্ধীনি কার্য্যাণি পৌচাদীনি, অহচোদিতো ভিক্তিঃ প্রেরিতঃ, যথাবিধিতথা উপস্পৃগ্রা আচম্য, বন্ধপৃর্বান্ ব্রাহ্মণপূর্বকান্ গুরুন্ ভিক্ন্। অত পশ্চাৎ, পূর্বং সংশিদ্ধঃ আশ্রমকর্মান্থ শিদ্ধত্ততত্ত তুল্যকর্মা ভবেং ॥২১—২৪॥

অহজেতি। সংমার্জনং স্নানং কর্ডুম্, পুপাবলিম্ ইইদেবতায়ৈ পুপোগহাবম্, আবসতা-দেবগৃহাৎ ॥২৫—২৬॥

স্বভাবলন্ধ স্বেহেব গুণে সর্বাদা সন্ন্যাসীব চবণযুগল সংবাহন কবিবে এবং সন্ন্যাসী না বলিলেও শুদ্র মৃত্তিকা ও ভস্মপ্রভৃতি প্রস্তুত বা্খিবে ॥২০॥

পূর্বে আদিষ্ট শূজ প্রত্যহ শৌচপ্রভৃতি নিজ কার্য্য কবিয়া জলপাত্র বাথিয়া, যথাবিধানে আচমন কবিয়া, সন্ন্যাসিগণেব গৃহে যাইয়া, যথাবিধানে তাঁহা-দিগকে প্রণাম কবিয়া, সংযত চিত্তে ব্রাহ্মণপ্রভৃতি শুকজনকে নমস্কার কবিযা, তাহাব পবে আচার্য্যপ্রভৃতিকে নমস্কার করিবে; তৎপবে স্বধর্মচারীদিগেব স্থজিজ্ঞাসা ও অভিবাদন কবিয়া, পূর্বে যে শূজ আশ্রমেব কার্য্যে সিদ্ধহস্ত ছিল, তাহাব স্থায় কার্য্য কবিতে আবস্তু করিবে এবং তাহাকে প্রণাম কবিবে; কিন্তু অস্তকে করিবে না ॥২১—২৪॥

প্রত্যাহই সংযত হইয়া আশ্রমস্থিত লোকদিগকে কিছু না বলিয়া উঠিয়া সানেব জন্ম যাইয়া অনুলেপন ধাবণ কবিষা ধর্মানুসাবে পুষ্পগ্রহণপূর্বক অভীষ্ট দেবতাকে পুষ্পাঞ্চলি দিয়া, সেই দেবগৃহ হইতে সহব নির্গত হইয়া অন্যান্ত কর্ম করিতে থাকিবে ॥২৫—২৬॥

যথোপঘাতো ন ভবেৎ স্বাধ্যাযেহশ্রমিণাং তথা।
উপঘাতস্ত কুর্বাণ এনসা সংপ্রযুজ্যতে।
তথাত্বা প্রণিধাতব্যে। যথা তে প্রীতিমাপ্ন য়ুঃ ॥২৭॥
পরিচারকোহহং বর্ণানাং ত্রয়াণাং ধর্মতঃ স্মৃতঃ।
কিমুতাশ্রমর্দ্ধানাং যথালকোপজীবিমাম্ ॥২৮॥
ভিক্রুণাং গতবাগাণাং কেবলং জ্ঞানদর্শিনাম্।
বিশেষেণ মথা কার্য্য। শুশ্রেষা নিয়তাত্মনা ॥২৯॥
তেষাং প্রসাদাত্তপসা প্রাক্ষ্যামীন্টাং শুভাং গতিম্।
এবমেতদ্ধি নিশ্চিত্য যদি সেবেত ভিক্রুকান্।
বিধিনা সোপদিন্টেন প্রাপ্রোতি পরমাং গতিম্।
ন তথা সম্প্রদানেন নোপবাসাদিভিন্তথা।
ইক্টাং গতিমবাপ্রোতি যথা শুশ্রমকর্ম্মণা ॥৩১॥

ভাবতকোমুদী

যথেতি। উপদাতো বিদ্নং, স্বাধ্যাবে বেদপাঠে, আশ্রমিণাম্ আশ্রমবাসিনাম্। ঈদৃশঃ সন্ধিরার্য:। এনদা পাপেন। প্রণিধাতব্য: প্রণিধানেন চাল্যিতব্য:। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥২৭॥ পরীতি। বথালব্বেন খাছাদিনা উপজীবস্তীতি তেষাম্ ॥২৮॥ ভিক্ষণামিতি। গতরাগাণাং নির্ভবিষয়ভিলাবাণাম্ ॥২০॥ তেষামিতি। সেবেত শৃশ্রং, স্বন্ধিয়াত্মনি উপদিষ্টেন। বটুপাদোহ্যং শ্লোকঃ ॥৩০॥

আশ্রমবাসীদিগেব বেদপাঠে যাহাতে বিম্ন না হয় এবং যাহাতে তাঁহাবা সম্ভোব লাভ কবেন, শুল্র সেইভাবে বিবেচনাপূর্বক আপনাকে চালাইবে। তাঁহাদের বেদপাঠে বিম্ন করিলে পাপী হইবে ॥২৭॥

'আমি ত ধর্মামুসাবে ব্রাহ্মণাদি তিনবর্ণের পরিচর্য্যাকারী বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছি; তাহাতে যথালাভজীবী আশ্রমবৃদ্ধগণের পরিচর্য্যার বিষয়ে আর কি বলিব ॥২৮॥

অতএব বিষয়বিরাগী এবং কেবল তত্ত্বজ্ঞানপবায়ণ সন্ন্যাসিগণের শুঞাষা আমার সংযতচিত্তে বিশেষভাবে কবা উচিত ॥২৯॥

আমি তাঁহাদের অনুগ্রহে ও তপোবলে অভীষ্ট শুভগতি লাভ কবিব। এইভাবে এই সকল নিশ্চম কবিয়া উপদিষ্ট নিযমে শৃত্ত যদি সন্থাসিগণের সেবা করে, তাহা হইলে সে প্রমুগতি লাভ কবিয়া থাকে ॥৩০॥

⁽৩০) ইতঃ পরং '…সপ্তচন্বাবিংশদ্বিকশততমোহধ্যায়ঃ। পরাশর উবাচ।'—নি।

যাদৃশেন তু তোয়েন শুদ্ধিং প্রকুরুতে নরঃ।
তাদৃগ্ভবতি তদ্ধোতমুদকক্ষ প্রভাবতঃ॥৩২॥
শৃদ্দেহিপ্যেতেন মার্গেণ যাদৃশং সেবতে জনম্।
তাদৃগ্ভবতি সংসর্গাদচিরেণ ন সংশয়ঃ॥৩৩॥
তক্ষাৎ প্রযত্নতঃ সেব্যা ভিক্ষবো নিয়তাত্মনা।
উদকগ্রহণাত্মেন স্নপনোদ্রতিনন্তথা॥৩৪॥
অধ্বনা কশিতানাঞ্চ ব্যাধিতানাং তথৈব চ।
শুদ্ধেষাং নিয়তং কুর্যাভেষামাপদি যত্নতঃ॥৩৫॥
দর্ভাজিনান্যবেক্ষেত ভৈক্ষভাজনমেব চ।
যথাকামঞ্চ কার্যাণি সর্বাণ্যেবোপসাধ্যেৎ।
প্রায়শ্চিতং যথা ন স্থাভথা সর্বাং সমাচরেৎ॥৩৬॥

ভারতকৌমুদী

নেতি। শুশ্রবকর্মণা পরিচর্য্যাকার্য্যেণ। শুশ্রবেতি "বাকারো স্ত্রীকৃতে হ্রের্যাক্চিৎ" ইত্যনেন হ্রম্বন্মত্যা

যাদৃশেনেতি। বাদৃশেন নির্দ্ধদেন সমলেন বা। তবস্তাদিকম্ ॥৩২॥
শুক্ত ইতি। মার্গেণ প্রকারেণ। সংসর্গাৎ সেব্যজনসম্বদ্ধাৎ ॥৩৩॥

তত্মাদিতি। উদকগ্রহণাজেন জলান্যনাদিনা। উদ্বৰ্তনং ভত্মাছাহলেপন্ম্ ॥৩৪॥

অধ্বনেতি। অধ্বনা পথা, কশিতানাং গমনেন প্রান্তানার্ ॥৩৫॥

দর্ভেতি। যথাকামং সম্যাসিনামিচ্ছাহ্বরপম্। প্রাযশ্চিত্তমপরাধ:। ষ্টুপালোহ্যং শ্লোক: ॥৩৬॥

শূদ্র সন্মাসিগণেব পবিচর্য্যাদ্বাবা যেকাপ অভীষ্ট গতি লাভ কবে, দান ও উপবাসপ্রভৃতি দ্বাবা সেকাপ গতি লাভ কবে না ॥৩১॥

মানুষ নির্মাল বা সমল যে প্রকার জলদ্বাবা বস্ত্রাদি শোধন কবে; জলের শুণে তাহা সেইকপ ধৌত হইয়া থাকে ॥৩২॥

শূত্তে এই প্রকাবে মান্নবেৰ যেকপ সেবা কবে, তাহাব সংসর্গে অচিবকাল মধ্যে সেইরূপ হইয়া থাকে; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৩॥

অতএব শৃত্ত সংযতচিত্ত হইয়া জলানয়ন, স্নান কবান ও ভস্মাদি মাখান-প্রভৃতিদ্বাবা যত্নপূর্বকে সন্মাসিগণেব সেবা করিবে ॥৩৪॥

সন্ন্যাসীবা পথভ্রমণে পবিশ্রাস্ত বা রোগার্ড কিংবা অক্স প্রকারে বিপন্ন হইলে শৃ্জ নিয়মিভভাবে যত্নপূর্বক তাঁহাদেব শুশ্রুষা করিবে ॥৩৫॥

ভিক্ষুর কুশ, মৃগচর্মা, ভিক্ষালব্ধ জব্য ও পাত্র পর্য্যবেক্ষণ করিবে এবং

ব্যাধিতানাস্ত ভিক্ষণং চেলপ্রকালনাদিভিঃ।
প্রতিকর্মাক্রিয়া কার্য্যা ভেষজানয়নৈস্তথা ॥৩৭॥
পিংষণালেপনং চুর্ণং কষায়মথ সাধনম্।
নাস্তস্ত প্রতিচারের স্থার্থমুপপাদ্বেৎ ॥৩৮॥
ভিক্ষাটনোহভিগচ্ছেত ভিষজ্রন্চ বিপশ্চিতঃ।
ততো বিনিজ্রিযার্থানি দ্রব্যাণি সমুপার্জ্জয়েৎ ॥৩৯॥
যশ্চ প্রতিমনা দ্যাদাদ্যাদ্থেষজং নরঃ।
অশ্রের্যা হি দ্তানি তান্তভক্যাণি ভিক্ষ্ভিঃ ॥৪০॥
শ্রের্যা যত্নপাদতং শ্রেষ্যা চোপপাদিতম্।
তত্যোপভোগাদ্বর্মঃ স্থাদ্যাধিভিশ্চ নিবর্ত্যতে ॥৪১॥

ভারতকৌমূদী

ব্যাধিভানামিভি। প্রভিকর্বক্রিয়া প্রসাধনসম্পাদনম্ ॥৩৭॥

পিংবণেতি। পিংবণং চন্দনাদিঘর্বণম্, আলেপনং গোসয়েন গৃহলেপনম্, চুর্ণং মৃত্তিকাদি-চুর্ণম্, ক্বারং গৈরিকাদিকম্, দাধনং কুশাভারোজনম্ এতচ।

ভিকাটন ইতি। ভিকৌ রোগার্থে তক্ত ভিকাবৈ অটভীতি দ শুত্র:, বিপশ্চিতঃ পণ্ডিতান্ ভিষক্ষণিকিৎদকান্ অভিগদ্ধেত, বিনিজিযার্থানি ভেষক্ষদেবনবোগ্যানি ত্রব্যানি সমুণার্জ্জরেং ॥৩৯॥

ৰ ইতি। যোভিষক্। তানি ভেষজানি ॥৪०॥

धंदत्रिण । উপাদত্তং গৃহীতম্। উপশাদিতং দত্তম্। নিবর্ত্তাতে পরিত্যক্সতে ॥৪১॥

ভিক্ষ্ব ইচ্ছারুসাবে সমস্ত কার্য্য সম্পাদন কবিবে, আর যাহাতে কোন অপবাধ না হয়, তেমন ভাবে সমস্ত কার্য্য কবিবে ॥৩৬॥

সন্ন্যাসীবা বোগগ্ৰস্ত হইলে বন্ধ প্ৰকালন ও ঔৰধ আনয়ন প্ৰভৃতিদারা তাঁহাদের প্ৰযোজনীয় কাৰ্য্য কবিবে ॥৩৭॥

অন্তেব পবিচর্য্যা বিষয়ে ভাহাব স্থাবে নিমিত্ত চন্দনঘর্ষণ, গৃহলেপন, মৃত্তিকাচূর্ণন, ক্যায় নির্মাণ ও অস্তান্ত প্রসাধন করিবে না ॥৩৮॥

ভিক্রাগার্ড হইলে তাঁহার ভিকাব জন্ম যাইবে, অভিজ্ঞ চিকিৎসকের নিকট উপস্থিত হইবে এবং ভাহাব পব ঔষধ সেবনের উপযোগী জব্য সকল সংগ্রহ কবিবে ॥৩৯॥

যে চিকিৎসক সম্ভষ্টচিন্তে ঔষধ দান করেন, তাঁহার নিকট হইতেই মানুষ ঔষধ গ্রহণ কবিবে; কিন্তু অঞ্জাপূর্বক দান কবিলে ভিক্ষুরা সেই ঔষধ ভক্ষণ করিবেন না ॥৪০॥ আদেহপতনাদেবং শুশ্রুষেদিধিপূর্বকম্।
ন স্বেবং ধর্মমুৎস্ক্জ্য কুর্য্যাত্তেষাং প্রতিক্রিয়াম্ ॥৪২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাদনপর্বাণি দানধর্মে শুদ্রকৃত্যকথনে ব্রাশীতিতমোহধ্যায়ঃ॥।॥ #

____<u>0</u>#0___

চতুরশীতিতমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

গার্হস্যং ধর্ম্মাথিলং প্রক্রাই ভরতর্বভ !। ঋদ্ধিমাপ্নোতি কিং কৃষা মনুষ্য ইহ পার্থিব ! ॥১॥ ভীষ্ম উবাচ।

অত্ত তে বর্ত্তরিয়ামি পুরার্ত্তং জনাধিপ।। বাস্থদেবস্থ সংবাদং পৃথিব্যাশ্চৈব ভারত।॥২॥

ভাবতকোমূদী

আদেহেতি। প্রতিক্রিয়াং বিক্ষাচরণম্, প্রকরণাৎ শূস্ত ইত্যর্থ: ॥৪২॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাবাং মহা-ভারতটীকায়াং ভারতকৌমূদীসমাখ্যাযামহশাসনপর্কণি দানধর্মে ক্রাণীতিতমোহধ্যায়: ॥•॥

--:*:---

গার্হস্তামিতি। গার্হস্তং গৃহস্থসম্বিনম্। ঋদিং সম্পদ্ম্॥১॥

মানুষ শ্রদ্ধাপূর্বক যাহা দান কবে এবং শ্রদ্ধাপূর্বক যাহা গ্রহণ করিয়া থাকে, তাহা ভোগ কবিলেই ধর্ম হয় এবং বোগও নিবৃত্তি পায় ॥৪১॥

শৃত্ত দেহ পতন পর্যান্ত এইভাবে যথাবিধানে সন্ন্যাসিগণেব শুক্রাষা করিবে; কিন্তু নিজের ধর্ম পবিত্যাগ কবিয়া সন্ন্যাসীদেব বিকদ্ধাচবণ করিবে না' ॥৪২॥

---:#::---

যুধিন্তির বলিলেন—'ভবতশ্রেষ্ঠ। ক্ষত্রিয়প্রধান। আপনি সমস্ত গৃহস্থর্শ্ম বলুন। মানুষ ইহলোকে কি কবিয়া সমৃদ্ধি লাভ কবে ?'॥১॥

ইত:পরং লোকছ্যমণিকং ভত্তাধ্যাধ্যমাপ্তি:—নি।

সংস্তৃত্য পৃথিবীং দেবীং বাস্থদেবঃ প্রতাপবান্। পপ্রচ্ছ ভরতশ্রেষ্ঠ । মাং স্থং যৎ পৃচ্ছদেহত্য বৈ ॥ ॥ বাস্থদেব উবাচ ।

গার্হস্থ্যং ধর্মমাশ্রিত্য ময়া বা মদ্বিধেন বা। কিমবশ্যং ধরে। কার্য্যং কিংবা কৃত্বা কৃতং ভবেৎ ॥৪॥ পৃথিব্যুবাচ।

ঋষয়ঃ পিতরো দেবা মনুষ্যাশৈচব মাধব!।
ইজ্যাশৈচবার্চনীযাশ্চ যথা চৈব নিবোধ মে ॥৫॥
সদা যজেন দেবাঃ স্থাঃ সদাতিখ্যেন মানুষাঃ।
ছন্দতশ্চ যথা নিত্যম হান্ যুঞ্জিত নিত্যশঃ॥৬॥

ভাবতকোমূদী

অত্রেতি। বর্ত্তরিয়ামি উপস্থাপযিয়ামি বক্যামীতার্থ: ॥২॥
সংস্কৃত্যেতি। সংস্কৃত্য শুবেন সন্ধোয়। তং বৃধিষ্টির: ॥৩॥
গার্হস্থামিতি। হে ধরে। পৃথিবি! কৃতং স্কৃত্য্ ॥৪॥
খবয় ইতি। ইজ্যা যজেন সন্ধোয়া: ৷ নিবোধ শৃগু ॥৫॥
সন্ধেতি। স্থা: সম্ভাই। ইতি শেষ: ৷ ছন্দতঃ অভিপ্রায়ায়্সারেণ, অর্হান্ প্রানীষান্ জনান্,
বৃদ্ধিত মনোবোগেন সেবেত ॥৬॥

ভীম বলিলেন—'ভবতনন্দন নরনাথ। বাস্থদেব ও পৃথিবীব সংবাদৰূপ প্রাচীন বৃত্তাস্ত আমি এখন তোমাব নিকট বলিব ॥২॥

ভরতশ্রেষ্ঠ ! একদা প্রতাপশালী বাসুদেব পৃথিবীদেবীকে স্তবে সম্ভষ্ট করিষা—ভূমি এখন আমাকে যাহা জিজ্ঞাসা কবিলে, তাহাই জিজ্ঞাসা কবিয়া-ছিলেন ॥৩॥

বাস্থদেব বলিলেন—'পৃথিনি! আমি বা আমাৰ তুল্য লোক গৃহস্থৰ্ম অবলম্বন কৰিয়া কোন্ কাৰ্য্য অবশ্য কৰিব বা কৰিবে এবং কি কৰিলেই বা পুণ্য হইবে' ॥৪॥

পৃথিবী বলিলেন—'মাধব! মানুষ যে ভাবে দেবগণ, পিতৃগণ, ঋষিগণ ও মনুষ্যগণকে যজ্জদারা সন্তুষ্ট করিবে এবং পূজা কবিবে, ভাহা আপনি আমাব নিকট শ্রবণ করুন এবে

সর্বদা বজ্ঞদ্বাবা দেবগণ সম্ভন্ত হন এবং সর্ব্বদা অভিথিসংকারদ্বারা

⁽b) সদা যজেন দেবাশ্চ অহান ভুঞ্জিত নিতাশ:—বঙ্গ বৰ্ষ।

তেন হ্যাবিগণাঃ প্রীতা ভবন্তি মধুস্দন!।
নিত্যমগ্নিং পরিচরেদভুক্তা বলিকর্ম চ॥१॥
কুর্যান্তবৈধ দেবা বৈ প্রীয়ন্তে মধুস্দন!।
কুর্যাদহরহঃ প্রাদ্ধমনাচ্যেনোদকেন চ॥৮॥
পয়োম্লফলৈবাপি পিতৃণাং প্রীতিমাহরন্।
সিদ্ধান্তবিশ্বদেবং বৈ কুর্যাদগ্রো যথাবিধি॥৯॥ (বিশেষকম্)
আগ্নীযোমং বৈশ্বদেবং ধাশ্বন্তর্যমনন্তরম্।
প্রজানাং পত্যে চৈব পৃথগ্বোনো বিধীয়তে॥১০॥
তথৈব চামুপূর্ব্যেণ বলিকর্ম প্রযোজয়েৎ।
দক্ষিণায়াং যমায়েতি প্রতীচ্যাং বরুণায় চ॥১১॥

ভাৰতকোমুদী

তেনেতি। পরিচরেৎ হোমেন শুক্ষাবেত বলিকর্ম চ কুর্যাণিতি সম্বন্ধ:। অন্নাত্যেন অন্ন-প্রভৃতিক্রব্যেণ। প্রো হুন্ধম, আহরন্ কুর্বন্, সিন্ধান্নাৎ প্রকান্মাণায় ॥৭—১॥

আগ্নীতি। ধাৰন্তৰ্য্যং ধৰন্তরিসম্বন্ধিনং হোমং কুর্যাদিত্যসুবৃত্তি: ॥১০॥

তথেতি। বলিকর্ম পুজোপহারদানকার্য্যম্॥১১।

ভাবতভাবদীপঃ

গার্হস্থামিতি। গার্হস্থাং গৃহস্থবোগ্যম্॥১—৬॥ বলিকর্ম বৈখদেবঃ, তত্ত প্রাগ্রমেব

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে
চতুরশীভিতমোহধ্যায়ঃ ॥৮৪॥

মানুষেবা সম্ভষ্ট হইয়া থাকে। আর গৃহস্থ ইচ্ছানুসাবে নিত্য নিত্য মাননীয় ব্যক্তিদিগের সেবা কবিবে ॥৬॥

মধুস্দন! তাহাতে ঋষিগণ সন্তুষ্ট হইয়া থাকেন। গৃহস্থ ভোজন না কবিয়া প্রভাহ অগ্নিব পবিচর্য্যা ও বলিকশ্ম কবিবে। তাহাতে দেবগণ সন্তুষ্ট হন। গৃহস্থ পিতৃলোকের সন্তোষ জন্মাইবাব জন্ম প্রত্যহ অন্নপ্রভৃতি জব্য, জল, হৃষ, ফল ও মূলদ্বাবা প্রাদ্ধ কবিবে এবং পকান্ধবারা যথাবিধানে অগ্নিতে বৈশ্বদেব কশ্ম কবিবে॥৭—৯॥

তাহাব পর গৃহস্থ অগ্নি, চন্দ্র, বিশ্বদেব, ধরস্তবিব উদ্দেশে হোম করিবে; তৎপবে তাহার প্রজাপতিব উদ্দেশে পৃথক্ হোম বিহিত হইয়াছে ॥১০॥

⁽৯) প্রীতিমাবহন্-পি।

সোমায চাপ্যদীচ্যাং বৈ বাস্তমধ্যে প্রকাপতেঃ।
ধন্বস্তরেঃ প্রাপ্তদীচ্যাং প্রাচ্যাং শক্রায় মাধব।॥১২॥
মনুয়েভা ইতি প্রাপ্তবিলং দ্বারি গৃহস্ত বৈ।
মনুয়েভা ইতি প্রাপ্তবিলং দ্বারি গৃহস্ত বৈ।
মনুয়েভা দৈবতেভাশ্চ বলিমন্তগৃহে হরেৎ॥১০॥
তথৈব বিশ্বদেবেভাে। বলিমাকাশতাে হরেৎ।
নিশাচরেভাে। ভূতেভাাে বলিং নক্তং যথা হরেৎ॥১৪॥
এবং কৃত্রা বলিং সম্যগ্দতান্তিক্ষাং দ্বিজায় বৈ।
অলাভে ব্রাক্ষাণস্তাায়াবগ্রমুদ্বতা নিক্ষিপেৎ॥১৫॥
যদা প্রাদ্ধং পিতৃভােইপি দাতুমিচ্ছেত মানবঃ।
তদা পশ্চাৎ প্রক্রীত নিরত্তে প্রাদ্ধকর্মণি॥১৬॥
পিতৃন্ সন্তর্পয়িত্বা তু বলিং ক্র্যাদ্বিধানতঃ।
বৈশ্বদেবং ততঃ ক্র্যাৎ পশ্চাদ্বাক্ষাণবাচনম্॥১৭॥

ভাবভকৌমূদী

সোমায়েতি। প্রাপ্তদীচ্যামৈশান্যাং বলিকর্ম প্রযোজ্যদেদিতাত্ত্ত্তিঃ ॥১২॥
মহয়েত্ত্য ইতি। সক্ষ্ট্যো বাষ্ত্যং, অন্তর্গু হৈ চম্বরে ॥১৬॥
ডথেতি। সাকাশত আকাশে, তরুশাধানো লম্বিতপাত্তে। নক্তং রাজৌ ॥১৪॥
এবমিতি। অগ্রম্ অরাগ্রতাগম্ ॥১৫॥
যদেতি। পশ্চাৎ প্রাদ্ধকরণাৎ পরম্, নির্ত্তে সমাপ্তে ॥১৬॥

সেইবপই আমুপূর্বীকক্রমে বলিকর্ম (পুজোপহাব দানকার্য্য) কবিবে,
দক্ষিণদিকে যমকে এবং পশ্চিমদিকে বক্ষণকে উপহাব দিবে ॥১১॥

মাধব। উত্তরদিকে চক্রকে, ভজাসনেব মধ্যে প্রজ্ঞাপতিকে, ঈশান কোণে ধন্বস্তরিকে এবং পূর্ব্বদিকে ইক্রকে উপহাব দান কবিবে ॥১২॥

মুনিবা বলেন, গৃহেব দ্বাবে সন্থয়গণকে উপহার দিবে এবং গৃহের মধ্যস্থানে অর্থাৎ উঠানে বাযুকে উপহাব দান কবিবে ॥১৩॥

সেইৰপই বিশ্বদেবগণকে আকাশে উপহাব দিবে এবং বাত্তিতে নিশাচর প্রাণিগণকে উপহাব দান কবিবে ॥১৪॥

গৃহস্থ এইভাবে সমীচীনকপে বলিকশ্ম কবিযা ব্রাহ্মণকে ভিক্ষাদান করিবে; কিন্তু ব্রাহ্মণ না পাইলে অন্নেব অগ্রভাগ ভূলিয়া ভাহা অগ্নিভে নিক্ষেপ কবিবে ॥১৫॥

যখন গৃহস্থ পিতৃশ্রাদ্ধ কবিবাব ইচ্ছা কবিবে, তখন প্রাদ্ধকার্য্য সমাপ্ত হইলে পবে বলিবৈশ্বদেব কবিবে ॥১৬॥ ততোহমেন বিশেষেণ ভোজয়েদতিধীনপি।
অর্চাপূর্বং মহারাজ। ততঃ প্রীণাতি মানবান্॥১৮॥
অনিত্যং হি স্থিতো ষস্মান্তস্মাদতিধিরুচ্যতে।
আচার্যাস্ত পিতুশ্চিব সখ্যরাপ্তস্ম চাতিখেঃ॥১৯॥
ইদমন্তি গৃহে মহামিতি নিত্যং নিবেদয়েং।
তে যদ্বদেয়ুস্তং কুর্যাদিতি ধর্মো বিধীয়তে॥২০॥
গৃহস্বঃ পুরুষঃ কৃষ্ণ। শিক্টাশী চ সদা ভবেং।
রাজস্থিজং স্নাতকঞ্চ গুরুং শৃশুরমেব চ॥২১॥
অর্চয়েমাধুপর্কেণ পরিসংবংসরোষিতান্।
শ্বভাশ্চ শ্বপচেভাশ্চ বয়োভ্যশ্চাবপেতুবি॥২২॥ (যুগাকম্)

ভারতকৌমুদী

পিড়্নিতি। বান্ধণক্ষ বাচনং ভোজনায় নিয়ন্ত্ৰণম্ ॥১ ৭॥ তত ইতি। মানবানপরান্ জনান্ ভোজনেন প্রীণাতি গৃহস্থ: ॥১৮॥

অতিথিশবর্ৎপত্তিমাহ পূর্কার্কেন অনিত্যমিতি। ন বিশ্বতে হিতির্বস্ত সোহতিথি:। পূবোদরাদিতয়া রূপনিকি:। আগুস্ত বিশ্বত্তপ্ত অতিথেশ্চ সমীপে ইতি নিবেদয়েদিতি পরেণ সম্বন্ধ:। মহুং মুম গুহু ইদং খাশ্বমতি ভবতঃ কিং ভক্ষিত্মিক্ততীতি ভাবঃ ॥১৯—২০॥

গৃহস্থ ইতি। শিষ্টাশী অবশিষ্টভোজী। রাজজিজং ক্ষাত্রিং প্রোহিতঞ্চ, স্নাতকং গৃহস্বন্, পরিসংবংসরোবিতান্ মাসাধিকং কালং স্বপৃতে স্থিতানেতান্ রাজাধীন্। স্বভাঃ কুর্কুরেভাঃ, স্বপচেভাশ্চাগুলাদিভাঃ, ববোভাঃ পক্ষিভাশ্চ, ভূবি আবপেদরং দ্ভাৎ ॥২১—২২॥

প্রথমে পিতৃপ্রাদ্ধ কবিয়া পবে যথাবিধানে বলিকম্ম করিবে; ভাহাব পরে বৈশ্বদেব করিবে এবং তৎপবে ব্রাহ্মণ নিমন্ত্রণ কবিবে ॥১৭॥

মহাবাজ ! তাহার পব যথাযোগ্য সম্মান করিয়া বিশেষ অন্নদ্ধাবা অতিথি ভোজন কবাইবে ; তদনস্তর অক্সান্ত মানুষকে ভোজন করাইয়া তৃপ্ত কবিবে ॥১৮॥

যেহেতু আগন্তকের স্থিতি অনিত্য, সেই হেতু তাহাকে অতিথি বলা হয়। সে যাহা হউক, আচার্য্য, পিতা, বন্ধুজন ও বিশ্বস্ত অতিথির নিকট প্রত্যহ এইকপ জানাইবে যে, আমাব গৃহে এই এই জব্য আছে, আপনারা কি ভোজন করিতে ইচ্ছা কবেন; তথন তাঁহাবা যাহা বলিবেন, তাহাই করিবে। মুনিরা গৃহস্থের পক্ষে এই ধর্ম ই বিধান কবেন ॥১৯—২০॥

কৃষণ। গৃহস্থ সামুষ, প্রতাহই ইহাদেব অবশিষ্ট ভোজী হইবে। ক্ষত্তিয়, পুরোহিত, গৃহস্থ ব্রাহ্মণ, গুক ও শশুব—ইহাবা নিজগৃহে দীর্ঘকাল বাস কবিলে, বৈশ্বদেবং হি নামৈতং সায়ংপ্রাতরিধীযতে। এতাংস্ত ধর্মান্ গার্হস্থান্ যঃ কুর্যাদনসূয়কঃ। স ইহর্ষিবরান্ প্রাপ্য প্রেত্য লোকে মহীযতে ॥২৩॥ ভীষ্ম উবাচ।

ইতি ভূমের্বচঃ শ্রুছা বাস্থদেবঃ প্রতাপবান্।
তথা চকার সততং শ্বমপ্যেবং সদাচর ॥২৪॥
এতদ্গৃহস্থর্দ্মং শ্বং চেফীমানো জনাধিপ।।
ইহলোকে যশঃ প্রাপ্য প্রেত্য স্বর্গমবাক্ষ্যিস ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামকুশাদন পর্ববি দানধর্ম্মে বলিদানবিধিনাম চতুরশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

ভারতকৌমুদী

বৈশেতি। শ্বীণাং বরান্ আশিবং প্রাপ্য, প্রেক্তা প্রাণাংস্তাক্ত্যা, লোকে স্বর্গে। বটুপানোংসং প্লোকঃ ॥২৩॥

ইতীতি। ভূমে: পৃথিব্যা:। স্বং মৃধিষ্টির: ।২৪। এতদিতি। চেইমান: কর্ড্য: মতমান: ॥২৫।

ইতি মহামহোপাধ্যাৰ-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদান্তবাসীশভট্টাচার্যবিরচিতাবাং
মহাভারতটীকারাং ভারতকৌমুদীসমাধ্যারামহশাসনপর্বাণি
দানধর্মে চতুরশীতিভয়োহংগ্যারঃ #০#

মধুপর্কদারা ইহাদেব সেবা কবিবে এবং কুর্কুর, চণ্ডালাদি ও পক্ষিগণকে ভূতলে অন্ন দান কবিবে ॥২১—২২॥

এই বৈশ্বদেবকশ্ব সায়ংকালে ও প্রাতঃকালে বিহিত হইষাছে। যে লোক অস্য়াশৃশ্ব হইয়া এই গৃহস্থধ্য পালন করে, সেই লোক ইহলোকে ঋষিগণেব বব লাভ করিয়া মৃত্যুব পরে অর্গে গমন কবে' ॥২৩॥

ভীন্ম বলিলেন—'যুধিষ্ঠিব! পৃথিবীর এই বাক্য শুনিয়া প্রভাপশালী বাস্থদেব প্রভাহই সেইরূপ আচবণ করিয়া আসিভেছেন; অভএব ভূমিও প্রভাহ এইরূপ আচরণ করিতে থাক ॥২৪॥

নরনাথ! তুমি এই গৃহস্থ ধন্ম পালন কবিতে থাকিয়া ইহলোকে যশ লাভ করিয়া পরলোকে স্বর্গ লাভ কবিবে' ॥২৫॥

^{* &#}x27;···সপ্তনবতিভমোইধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ। দাক্ষিণাত্য-নির্ণয়সাগরপুত্তকে ত্বতাঞ্চপ্রকার এবাধ্যায়ঃ।

পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ।

----2#2---

যুধিষ্ঠির উবাচ।

আলোকদানং নামৈতৎ কীদৃশং ভরতর্বভ!।
কথমেতৎ সমুৎপন্নং ফলং বা তদ্ব্রবীহি মে ॥১॥
ভীম্ম উবাচ।

অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
মনোঃ প্রজাপতের্বাদং হ্বর্ণস্থ চ ভারত ! ॥২॥
তপস্বী কশ্চিদভবৎ স্থবর্ণা নাম ভারত !।
বর্ণতো হেমবর্ণঃ স স্থবর্ণ ইতি পপ্রথে ॥৩॥
কুলশীলগুণোপেতঃ স্বাধ্যায়ে চ পরং গতঃ।
বহুন্ স্থবংশপ্রভবান্ সমতীতঃ স্থকৈগুলিং ॥৪॥
স কদাচিমান্থং বিপ্রো দদর্শোপসসর্প চ।
কুশলপ্রশ্বমন্থোন্থং তৌ চোভোঁ তত্ত চক্রতুঃ॥৫॥

ভাবতকৌমুদী

আলোকেতি। আলোকত দীপত দানস্। এবীহি জহি ॥১॥
অত্তেতি। বাদং সংবাদম্, স্বৰ্ণত তদাখ্যত আহ্মণত ॥২॥
তপৰীতি। শোভনো বৰ্ণো বন্ত স স্বৰ্ণ:, পপ্ৰথে প্ৰথিতো বভ্ব ॥৩॥
ক্লেতি। পরং নৈপ্ণাম্। স্বংশপ্ৰভবান্ সহংশজাতান্॥৪॥

যুধিষ্ঠিব বলিলেন—'ভরভশ্রেষ্ঠ। এই দীপদান কি প্রকাব ? কি প্রকাবে ইহা উৎপন্ন হইয়াছিল এবং ইহাব ফলই বা কি ? তাহা আপনি আমার নিকট বলুন'॥১॥

ভীম বলিলেন—'ভরতনন্দন! এই বিষয়েও প্রাচীনেরা প্রজাপতি মন্তু ও ব্রাহ্মণ স্বর্ণের সংবাদকপ প্রাচীন বৃত্তান্তেব উল্লেখ কবিয়া থাকেন ॥২॥

ভরতনন্দন! পূর্বেকালে 'স্থবর্ণ' নামে কোন তপস্বী ছিলেন; তিনি বর্ণে স্বর্ণের স্থায় ছিলেন বলিয়াই 'স্থবর্ণ' এই নামে প্রাসিদ্ধ হইয়াছিলেন ॥৩॥

তিনি কুলশীল ও বিছাপ্রভৃতি গুণসম্পন্ন, বেদে অত্যস্ত নিপুণ ছিলেন বলিয়া নিজ গুণেই সদংশজাত অন্থান্ত বহুতব ব্রাহ্মণকে অতিক্রম কবিয়া-ছিলেন ॥৪॥ ততন্তে সত্যসন্ধরো মেরে কাঞ্চনপর্বতে।
রমণীয়ে শিলাপৃঠে সহিতো সংস্থাদতাম্ ॥৬॥
তত্ত্ব তো কথয়ন্তো স্তাং কথা নানাবিধাঞ্জযাঃ।
ব্রহ্মর্যদেবদৈত্যানাং পুরাণানাং মহাস্থনাম্ ॥৭॥
স্থবর্ণস্বত্রবীদ্বাক্যং মমুং স্বায়স্কুবং প্রতি।
হিতার্থং স্ব্র্ত্তানাং প্রশং মে বক্তুমুর্হসি ॥৮॥
স্থমনোভির্ষদিজ্যন্তে দৈবতানি প্রজেশ্বর!।
কিমেতৎ ক্থমুৎপন্নং ফলং যোগঞ্চ শংস মে ॥৯॥

মকুরুবাচ।

অত্রাপ্যদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্। শুক্রস্থ চ বলেশ্চৈব সংবাদং বৈ মহাত্মনোঃ॥১০॥

ভারতকৌমূদী

স ইতি। উপসদর্প উপস্থার। অক্টোক্তং পরস্পরম্ ॥ ৫॥
তত ইতি। সংক্রবীদতান্ উপাবিশতান্ ॥ ৬॥
তত্তেতি। তাং ভূতবত্তে, নানাবিধাপ্রয়া বছবিবয়া: ॥ १॥
ত্বর্ণ ইতি। সর্বভূতানাং সর্বেবাং প্রাণিনাম্ ॥ ৮॥
ত্বর্মনাভিরিতি। ত্বমনোভিঃ পুলৈ; ইজাত্তে পূজাত্তে ॥ ১॥
ত্বত্তি। ভক্তর দৈত্যগুরো; বলেদিত্যপতে: ॥ ১ ০॥

কোন সমযে সেই ব্রাহ্মণ প্রজাপতি মহুকে দেখিলেন এবং তাঁহার নিকটে গেলেন; তখন তাঁহাবা ছুইজনই প্রস্পার মঙ্গল জিজ্ঞাসা কবিলেন ॥৫॥

তাহাব পর সত্যসঙ্কল্প মন্থ ও স্থবর্ণ সন্মিলিত হইষা স্বর্ণপর্বত স্থমেরুর স্থান্য একটা প্রস্তবেব উপরে উপবেশন কবিলেন ॥৬॥

তখন তাঁহাবা প্রাচীন মহাত্মা ব্রহ্মর্থি, দেবতা ও দৈত্যগণের সম্বন্ধে নানা বিষয় আলোচনা কবিতে থাকিয়া কিয়ৎকাল অবস্থান কবিলেন ॥৭॥

তদনন্তব স্বৰ্ণ স্বায়স্ত্ৰ মন্ত্ৰ নিকটে এই কথা বলিলেন যে, 'সমস্ত প্ৰাণীর হিতেব নিমিত্ত আপনি আমাৰ এই প্ৰশ্নেৰ উত্তৰ বলিতে পাৰেন ॥৮॥

প্রজাপতি! মামুষ যে পুষ্পদাবা দেবগণেব পূজা কবে, এটা কি ? ইহা কিপ্রকাবে উৎপন্ন হইল ? ইহাব ফল কি ? এবং যুক্তিই বা কি ? ভাহা আপনি আমাব নিকট বলুন' ॥১॥

মন্থ বলিলেন—'এই বিষয়েও পণ্ডিভেবা মহান্ধা শুক্রাচার্য্য ও দৈত্যবান্ধ বলির সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ কবিয়া থাকেন ॥১০॥ বলেবৈরোচনস্থেহ ত্রৈলোক্যমনুশাসতঃ।
সমীপমাজগামাশু শুক্রো ভৃগুকুলোদ্বহঃ ॥১১॥
তমর্ঘ্যাদিভিরভ্যর্ক্য ভার্গবং সোহস্থরাধিপঃ।
নিষ্যাদাসনে পশ্চাদিধিবদ্ভুরিদক্ষিণঃ ॥১২॥
কথেয়মভবত্তত্র স্বয়া যা পরিকীর্ত্তিতা।
স্থমনোধুপদীপানাং সংপ্রদানে ফলং প্রতি।
ততঃ পপ্রচ্ছ দৈত্যেক্রঃ কবীক্রং প্রশ্নমূত্রমম্ ॥১৩॥

বলিরুবাচ।

স্থমনোধৃপদীপানাং কিং ফলং ব্রহ্মবিত্তম !। প্রদানস্থ দ্বিজ্ঞোষ্ঠ ! তদ্ভবান্ বক্তুমুহতি ॥১৪॥

শুক্র উবাচ।

ভপঃ পূর্ববং সমুৎপন্নং ধর্মান্তস্মাদনন্তরম্। এতস্মিন্ধন্তরে চৈব বীরুদোষধ্য এব চ॥১৫॥

ভারতকোম্দী

বলেরিভি। বৈরোচনক্স বিরোচনপ্তাস্ত। শুকো দৈত্যগুরু: ॥১১॥
ভমিভি। নিষদাদ উপবিবেশ, গশ্চাৎ শুক্রজোপবেশনাৎ পরম্ ॥১২॥
কথেভি। ত্বমা স্বর্ণেন। ক্বীক্রং শুক্রম্। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥১৬॥
স্থমন ইভি। হে ব্রন্ধবিভ্তম! বেদজ্ঞপ্রেষ্ঠ।॥১৪॥

একদা ভৃগুবংশশ্রেষ্ঠ শুক্রাচার্য্য ত্রিভূবনাধিপতি বিরোচনপুত্র বলির নিকট সম্বর আগমন কবিয়াছিলেন ॥১১॥

তখন যথাবিধানে প্রচুর দক্ষিণাদাতা অস্থরাধিপতি বলি অর্ঘ্যপ্রভৃতিদ্বারা শুক্রাচার্য্যের পূজা কবিয়া তাঁহার উপবেশনের পরে আসনে উপবেশন করিলেন ॥১২॥

ব্রাহ্মণ। পুষ্প, ধুপ ও দীপদানের ফলেব বিষয়ে আপনি আমাব নিকটে যে কথা বলিলেন—এই কথাই সেখানে হইয়াছি অর্থাৎ শুক্র ও বলির উপ-বেশনের পর বলি শুক্রের নিকটে এই উত্তম প্রশ্ন করিয়াছিলেন ॥১৩॥

বলি কহিয়াছিলেন—'বেদজশ্রেষ্ঠ। বান্ধণপ্রধান। পুষ্প, ধৃপ ও দীপ-দানের কি ফল, তাহা আপনি বলিছে পাবেন'॥১৪॥

⁽১১) ভৃগুকুলোম্ভব:--পি।

⁽১৫) বীরুধোষধ্য এব চ-পি বন্ধ বৰ্দ্ধ।

সোমস্থান্থা চ বহুখা সম্ভূতঃ পৃথিবীতলে।
অমৃতঞ্চ বিষধ্পৈব যে চান্ডে তুল্যজাতয়ঃ॥১৬॥
অমৃতং মনসঃ প্রীতিং সহ্যস্ত প্রিং দদাতি চ।
মনো গ্লপয়তে তীব্রং বিষং গন্ধেন সর্ববশঃ॥১৭॥
অমৃতং মঙ্গলং বিদ্ধি মহদ্বিষমমঙ্গলম্।
ওষধ্যো অমৃতং সর্বা বিষং তেজোহগ্রিসম্ভবম্॥১৮॥
মনো হলাদয়তে ষম্মাচিহ্ন মং চাপি দধাতি চ।
তন্মাৎ অমনসঃ প্রোক্তা নরৈঃ অক্তকর্মভিঃ॥১৯॥
দেবতাভাঃ অমনসো যো দদাতি নরঃ শুচিঃ।
তত্ম তুম্বস্তি বৈ দেবাস্তৃষ্টাঃ পৃষ্টিং দদত্যপি॥২০॥

ভাবতকৌমুদী

তপ ইতি। বীরুদো লভাশ্চ ওবধ্যো ধাস্তাদয়শ্চ ডা: #১৫# সোমস্থেতি। সোমস্তাদ্ধা চন্দ্রবরূপ: পদার্থ: সোমলভাদি:, তুল্যজাতরো ব্বগোধ্মা-দয়: ॥১৬॥

অমৃতমিতি। গ্লণমতে ব্যথমতি ॥১ ।॥

অমৃতমিতি। মদলং মদলজনকম্। তেজো দাহকছাৎ ॥১৮॥

মন ইডি। শোভনং মনো দাভ্যস্তা: ক্মনসঃ পুলাণি ॥১৯॥

দেবভাভ্য ইডি। ক্মনসঃ পুলাণি। প্টিং সমৃদ্ধিম্॥২ ০॥

শুক্র বলিলেন—'প্রথমে তপস্থা উৎপদ্ধ হয়, তৎপবে ধর্ম জন্মে, এই সময়েই লভা এবং ওষধি সকল উৎপদ্ধ হইয়াছিল ॥১৫॥

অমৃত, বিষ এবং অক্ত যে সকল যবগোধ্মাদি তুল্যজাতীয় পদার্থ, সে সমস্তই চক্র হইতে বহু প্রকাবে ভূতলে উৎপন্ন হইয়াছে ॥১৬॥

অমৃত সন্থই মনের আনন্দ ও তৃপ্তি দান কবে; আব বিষ গন্ধদাবা সর্ব্ব-প্রকারে ও শুক্রতবভাবে মনকে ব্যথিত কবিয়া থাকে ॥১৭॥

অতএব দৈত্যরাক ! অমৃতকে সঙ্গলজনক আব বিষকে গুকতব অমঙ্গলোৎ-পাদক বলিয়া মনে ককন আর সমস্ত ওষধিই অমৃতস্বৰূপ এবং বিষ অগ্নি-সম্ভূত তেজোময় বলিয়া অবগ্ড হউন ॥১৮॥

পুষ্প যে হেতু মনকে আনন্দিত কৰে এবং শোভা দান কবিয়া থাকে, সেই হেতুই পুণ্যবান্ লোকেরা পুষ্পকে 'স্মনা' বলিযাছেন ॥১৯॥

य मान्न्य পवित्व दरेश। দেবগণকে পুষ্প দান কবে, দেবভারা সম্ভষ্ট दरेश। ভাহাকে সমৃদ্ধি দান কবিযা থাকেন ॥२०॥ যং যমুদ্দিশ্য দীয়েরন্ দেবং শ্বমনদঃ প্রভাে!।
মঙ্গলার্থং স তেনাগ্য প্রীতাে ভবতি দৈত্যপ!॥২১॥
জ্যোক্ত গ্রাশ্চ সোম্যাশ্চ তেজস্বিশুশ্চ তাঃ পৃথক্।
ওমধ্যাে বহুবীর্যা হি বহুরপান্তথৈব চ॥২২॥
যজ্যানাঞ্চ রক্ষাণামযজ্ঞীয়ামিবােধ মে।
আহ্বাণি চ মাল্যানি দৈবতেভাাে হিতানি চ॥২০॥
রক্ষামুরগাণাঞ্চ যক্ষাণাঞ্চ তথা প্রিয়াঃ।
মনুষ্যাণাং পিতৃণাঞ্চ কান্তায়ান্তমুপূর্বশঃ॥২৪॥
বন্যা গ্রাম্যাশেচহ তথা ক্রেটাপ্তাঃ পর্বতাশ্রায়া।
অকন্টকাঃ কন্টকিনাে গন্ধরূপরসায়িতাঃ॥২৫॥
দিবিধাে হি স্মতাে গন্ধ ইন্টোহনিউশ্চ পুল্পজঃ।
ইন্টগন্ধানি দেবানাং পুল্পাণীতি বিভাবয়॥২৬॥

ভারতকৌমূদী

যমিতি। দৈত্যান্ পাতি রক্ষতীতি দৈত্যপন্তংসম্বোধনম্ ॥২১॥
ক্রেয়া ইতি। সৌম্যা মনোহরা:। বহুক্পা অনেকপ্রকারা: ॥২২॥
যক্ষিয়ানামিতি। যক্তিযানাং যক্ষ্রমোগ্যানাং বৃক্ষাণাং প্রকারানিতি শেব: ॥২৩॥
রক্ষামিতি। প্রিয়া ওবধ্য ইত্যসূত্তি:। কান্তাযা: ন্তিয়া: ॥২৪॥
বক্তা ইতি। কৃষ্টাস্থ কৃতকর্ষণাস্থ ভূমিষ্ উপ্তা রোপিতা:। কণ্টকিন্তঃ কণ্টকর্ষ্ডা: ॥২৫॥
বিবিধ ইতি। দেবানাং প্রিয়াণীতি শেব: ॥২৬॥

প্রভাবশালী দৈত্যবাজ। মামুষ যে যে দেবতাব উদ্দেশে মঙ্গলেব নিমিত্ত পুষ্প দান করে, সেই সেই দেবতা তাহাতেই সম্ভষ্ট হন ॥২১॥

বহু বীৰ্য্য ও বহু প্ৰকাব সেই সকল ওষধিকেও আপনি উগ্ৰ, সৌম্য ও তেজস্বী বলিয়া জানিবেন ॥২২॥

দৈত্যরাজ ! যজ্ঞীয় ও অযজ্ঞীয় বৃক্ষ এবং অস্থ্বগণেব হিতক্ব ও দেব-গণের হিতক্ব পুষ্পমাল্যেব বিষয় আপনি শ্রুবণ কব্দন ॥২৩॥

রাক্ষস, নাগ, যক্ষ, মনুয়া, পিভূলোক ও স্ত্রীলোকেব প্রীতিজনক মালার বিষয় আপনি প্রবণ ককন ॥২৪॥

গ্রাম্য, বন্থ, কৃষ্টভূমিজাত, পার্বত্য, কণ্টকযুক্ত, কণ্টকশুস্থ এবং গন্ধ, রূপ ও বসসমন্বিত, ওরধিব বিষয়ও আপনি শ্রবণ কব্দন ॥২৫॥

দৈত্যবাজ। পুষ্পেব গন্ধ ইষ্ট ও অনিষ্ট এই ছই প্রকার। তাহার মধ্যে ইষ্ট গন্ধ পুষ্প সকলকে দেবগণের প্রিয় বলিয়া আপনি মনে ককন ॥২৬॥ অকন্টকানাং রক্ষাণাং শেতপ্রায়াশ্চ বর্ণতঃ।
তেষাং পুজ্পাণি দেবানামিন্টানি সভতং প্রভা ! ॥২৭॥
জলজানি চ মাল্যানি পদ্মাদীনি চ যানি বৈ।
গন্ধর্বনাগযক্ষেভ্যস্তানি দদ্মাদ্বিচক্ষণঃ ॥২৮॥
ওয়ংগ্যা রক্তপুজ্পাশ্চ কটুকাঃ কন্টকান্বিতাঃ।
শত্রুণামভিচারার্থমথর্বেরু নিদর্শিতাঃ ॥২৯॥
তীক্ষ্বীর্যাস্ত ভূতানাং তুরালস্তাঃ সকন্টকাঃ।
রক্তভূয়িষ্ঠবর্ণাশ্চ কৃষ্ণাশ্চেবোপহারয়েং ॥২০॥
মনোহৃদয়নন্দিভ্যো বিমর্দে মধুরাশ্চ যাঃ।
চারুরপাঃ হুমনসো মনুয়াণাং স্মৃতা বিভো ! ॥০১॥
ন তু শ্রুণানসন্তুতা দেবতায়তনোদ্ধবাঃ।
সন্মরেং পুর্তিয়ুক্তেরু বিবাহেরু রহঃহ্র চ ॥০২॥

ভাবতকোমুদী

জকটকানামিতি। বে চ বর্ণতঃ বেতপ্রায়াঃ প্রায়েণ বেতাঃ॥২৭॥
জলেতি। সাল্যানি কুম্নাদীমান্॥২৮॥

ওষধ্য ইন্ডি। রক্তানি পুশাণি ঘানাং ডাঃ। অথর্বেষ্ বেদেষ্ ॥২৯॥ তীক্ষেতি। ছ্রালম্ভা ছুর্লভাঃ। ওষধীঃ ভূতানামুগহার্যেদিতি সম্বন্ধঃ ॥৩•॥

নন ইতি। মনো গৰেন হাদয়ং বক্ষণ্ড স্পর্শেন নন্দয়ন্তীতি তা:, বিমর্গে ঘর্বণে। স্থমনসঃ পুশাণি। স্থমনশব্দো নিত্যবহুবচনান্তঃ স্থীলিকণ্ড। "ব্রিয়ঃ স্থমনসঃ পুশামিত্যাভ্যমরঃ। স্থভাঃ ব্রিয়া ইতি শেষঃ ॥৩১॥

রাজা। অকন্টক বৃক্ষসমূহের মধ্যে যেগুলি অনেকাংশে শ্বেভবর্ণ, সেই-গুলির পূষ্প দেবগণের সর্বাদাই প্রিয় ॥২৭॥

পদ্ম ও কুমুদপ্রভৃতি যে সকল পুষ্প জলে উৎপন্ন হয়, সেই সকল পুষ্ বিচক্ষণ ব্যক্তি, গদ্ধর্কা, নাগ ও যক্ষগণকে দান কবিবেন ॥২৮॥

বে সকল ওষধি পূষ্প বক্তবর্ণ, বস কটু এবং অঙ্গে কন্টক থাকে, সেই সকল ওষধিকে অথর্ববেদে শক্রগণের অভিচাবের নিমিত্ত উল্লেখ কবা হইয়াছে ॥২৯॥

তীক্ষবীর্য্য, কণ্টকযুক্ত এবং অনেক অংশে বক্ত ও কৃষ্ণবর্ণ ছর্লভ ওষধি সকল ভূতগণের উদ্দেশে দান কবিবে ॥৩০॥

রাজা! যে সকল স্থুন্দর পুষ্প মর্দান কবিলে মধুব হয় এবং মন ছাদ্যেব আনন্দ উৎপাদন করে, সেই সকল পুষ্প মনুষ্যগণের প্রিয় ॥৩৯॥ গিরিদাত্তকহাঃ সোম্যা দেবানামুপপাদয়েৎ।
প্রোক্ষিতাভূকিতাঃ সোম্যা যথাযোগ্যং যথাস্মৃতি ॥৩০॥
গক্ষেন দেবাস্তম্যন্তি দর্শনাদ্যক্ষরাক্ষদাঃ।
নাগাঃ সমুপভোগেন ত্রিভিরেতৈস্ত মানুষাঃ ॥৩৪॥
সত্যঃ প্রীণাতি দেবান্ বৈ তে প্রীতা ভাবয়স্ত্যত।
সক্ষম্পদ্ধা মর্ত্যানামীক্ষিতেশ্চ মনোরমৈঃ ॥৩৫॥
প্রীতাঃ প্রীণস্তি সততং মানিতা মানয়ন্তি চ।
অবজ্ঞাতাবধূতাশ্চ নির্দ্দন্তপ্রধমান্ধরান্॥৩৬॥
অত উদ্ধং প্রবক্ষ্যামি ধূপদানবিধেঃ ফলম্।
ধূপাংশ্চ বিবিধান্ সাধ্নসাধৃংশ্চ নিবোধ মে॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। পৃষ্টিযুক্তের্ কাম্যকর্মন্ত, রহংম্ব নির্জনকর্মবান্তর্ রমণানির্ ॥৩২॥ গিরীতি। গিরিদাস্মহাঃ পর্মতদম্ভলভূমিজাতাঃ, উপণান্য়েদ্ভাৎ, প্রোক্ষিতা স্মান্তব্যেন বিক্রাঃ, অভ্যুক্ষিতা উন্তানহন্তেন বিক্রাণ্চ তাঃ স্থমনদঃ ॥৩৩॥

গদ্ধেনেতি। নাগা: দর্পা:, সম্পভোগেন স্পর্শাদিনা ॥७৪॥

সভা ইতি। ভাবয়ন্তি সংবর্দ্ধান্তি ॥৩৫॥

প্রীতা ইতি। তে দেবা ইতাহবৃত্তি:। অবধৃতা: পরিতাকা: ।৩৬॥

শ্মশানজাত ও দেবতায়তনসভূত পুশা সকল কাম্যকর্ম, সংস্কাবকর্ম ও নির্জন কর্ত্তব্য কর্মে উপস্থিত করিবে না ॥৩২॥

পার্বত্য সমতল ভূমিজাত স্থন্দর স্থান্ব পৃষ্পকে যথানিযমে ও স্মৃতিশাস্ত্র অনুসারে প্রোক্ষণ ও অভ্যুক্ষণ কবিয়া দেবগণকে দান করিবে ॥৩৩॥

দেবতাবা পুষ্পেব গন্ধে সম্ভষ্ট হন, যক্ষ ও রাক্ষসেরা পুষ্প দর্শনে আনন্দিত হয় এবং নাগেরা স্পর্শপ্রভৃতি ভোগ করিয়া প্রীত হইয়া থাকে; আর মান্নবেরা এই তিন্টীদ্বারাই সম্ভোষ লাভ করে ॥৩৪॥

পুষ্প সভাই দেবগণকে সম্ভষ্ট করে, সেই দেবতারা সম্ভষ্ট হইয়া সম্বল্পসিদ মানুষকে সংবাদ্ধত করেন এবং অভীষ্ট মনোহর বস্তু দান করিয়া মানুষের প্রীতি উৎপাদন করিয়া থাকে ॥৩৫॥

দেবতারা প্রীত হইয়া সর্বাদা মাত্র্যকে প্রীত করেন এবং সম্মানিত হইয়া সম্মানিত করিয়া থাকেন; আর নিকৃষ্টলোকেরা দেবগণকে অবজ্ঞা ও পরিত্যাগ করে; স্ত্রাং দেবগণও সেই মাত্র্যগণকে সর্বপ্রকারে সম্বপ্ত করেন ১৩৬১

⁽७६) क्रेन्सिटेक्क मत्नावरेथः-शि।

নির্য্যাসাঃ সারিণলৈত কৃত্রিমালৈতব তে ত্রমঃ।
ইক্টোইনিটো ভবেদ্গন্ধস্তমে বিস্তরশঃ শৃণু॥৩৮॥
নির্য্যাসাঃ শল্লকীবর্জ্জা দেবানাং দয়িতাস্ত তে।
তথ্য গুলুঃ প্রবরস্তেষাং সর্বেষামিতি নিশ্চয়ঃ॥৩৯॥
অগুরুঃ সারিণাং প্রেচো যক্ষরাক্ষসভোগিনাম্।
দৈত্যানাং শল্লকীয়শ্চ কাজ্জিতো যশ্চ তদ্বিধঃ॥৪০॥
অথ সর্জ্বরসাদীনাং গরৈঃ পার্থিব! দারবৈঃ।
